উত্তরবঙ্গের আত্মার আত্মীয়

# উত্তরবঙ্গ সংবাদ

APD

সেনসেক্স : ৭৬,৪৯৯.৬৩ (+১৬৯.৬২)

নিফটি : ২৩,২০৭.৬০ (+১২১.৬৫)



**আপের পাশেই অন্যরা**

দিল্লি নির্বাচনকে সামনে রেখে ইন্ডিয়া জোটের ফাটল আরও স্পষ্ট হল। কংগ্রেসের পরিবর্তে ইন্ডিয়া জোটের বেশিরভাগ আঞ্চলিক দলই সমর্থন জানাল আম আদমি পার্টিকে। » ৮

**অজানা জ্বরে মৃত ১৩**

অজানা জ্বরে জম্মু ও কাশ্মীরে ১০ জন শিশু সহ ১৩ জনের মৃত্যু হয়েছে। জ্বর, সর্দি-কাশি ও শ্বাসকষ্টের উপসর্গ নিয়ে হাসপাতালে ভর্তি রয়েছেন নানা বয়সিরা। » ৮

**আজকের সম্ভাব্য তাপমাত্রা**

| | শিলিগুড়ি | জলপাইগুড়ি | কোচবিহার | আলিপুরদুয়ার |
|---|---|---|---|---|
| সর্বোচ্চ | ২৭° | ২৮° | ২৭° | ২৭° |
| সর্বনিম্ন | ১২° | ১১° | ১০° | ১২° |

**চ্যাম্পিয়ন্স ট্রফির পর গম্ভীরের ভাগ্যনির্ধারণ** » ১৩

১ মাঘ ১৪৩১ বুধবার ৪.০০ টাকা 15 January 2025 Wednesday 14 Pages Rs. 4.00 ইন্টারনেট সংস্করণ www.uttarbangasambad.in Vol No. 45 Issue No. 237

# নেতাদের ভরসা সিভিক

## কাজ উশুলে সিদ্ধহস্ত

**আলিপুরদুয়ার ব্যুরো**

**১৪ জানুয়ারি :** কোনও অনুগত 'ভাই'কে পুলিশ ধরেছে, ছাড়াতে হবে। থানায় নতুন অফিসার এসেছে, সেটিং করতে হবে। কোনও বেআইনি কাজে ফেঁসে গিয়েছেন, পুলিশকে ম্যানেজ করতে হবে। এসব ক্ষেত্রেই স্থানীয় নেতাদের ভরসা সিভিক ভলান্টিয়াররা।

একসময় ট্রাফিক পুলিশকে সহযোগিতার জন্য নিয়োগ করা হয়েছিলেন এই সিভিক ভলান্টিয়ার। তবে বর্তমানে আলিপুরদুয়ার জেলায় পাচারচক্র থেকে শুরু করে যে কোনও অবৈধ কারবারে থানা কিংবা ফাঁড়ির সঙ্গে 'ডিল' করার ক্ষেত্রে এই সিভিক ভলান্টিয়ার এবং ভিলেজ পুলিশদের একাংশই মুখ্য ভূমিকা পালন করছে। রাস্তায় দাঁড়িয়ে তোলা আদায়, মোটা অঙ্কের টাকা নিয়ে কেস খারিজ কিংবা লঘু করে দেওয়া, সবেতেই তারা ক্ষমতাসীন রাজনৈতিক দলের আশীর্বাদে সিদ্ধহস্ত। নেতাদের সঙ্গে ওপরমহলের যোগসূত্র তৈরি করতে এই ভিলেজে পুলিশ বা সিভিকরাই হল তুরুপের তাস।

কুমারগ্রাম ব্লকের কামাখ্যাগুড়ির এক ভিলেজ পুলিশের কথাই ধরা যাক। এই ভিলেজ পুলিশের চাকরি করেই পাকা ছাদের দোতলা বাড়ি করে ফেলেছেন। তিনিই নাকি বকলমে স্থানীয় ফাঁড়ির হর্তাকর্তাবিধাতা। বিভিন্ন সরকারে সরাসরি পুলিশ আধিকারিকদের সঙ্গে কথা বলা যায় না। তখন মধ্যস্থতা করেন ওই ভিলেজ পুলিশ। তাঁর আরও নানা কীর্তি রয়েছে। গুয়াবাড়ি টোল প্লাজায় জাতীয় সড়কে ডিভাইডারের মাঝে একটি অস্থায়ী টিনের চালা বানিয়ে বছরভর বালি-পাথরবোঝাই ট্রাক ডাম্পার থেকে তিনি মোটা অঙ্কের তোলা আদায় করছেন বলেও অভিযোগ।

কামাখ্যাগুড়ি কোনও ব্যতিক্রম নয়। হাসিমারা ফাঁড়ি, সোনাপুর ফাঁড়ি, জংশন ফাঁড়ির ক্ষেত্রেও নাকি এভাবেই দায়িত্ব সামলান সিভিকরা। জংশনে তো দু'-তিনজন সিভিক এই কাজে বহাল। তবে হাসিমারা ও সোনাপুর ফাঁড়িতে একজন করে সিভিকই সব সামলান। এসব কাজে তাঁরা এতটাই ব্যস্ত যে তাঁদের শেষ কবে সিভিকের পোশাকে দেখা গিয়েছিল, সেটা মনে করতে পারছেন না কেউ।



ভিলেজ পুলিশের তোলা আদায়ের 'অফিস'।

**'বাড়তি' কাজ**

- মামলার গুরুত্ব কমানো-বাড়ানো
- কাউকে দ্রুত গ্রেপ্তারির চাপ
- অথবা কাউকে গ্রেপ্তার করার পর ছেড়ে দেওয়ার অনুরোধ
- থানায় আসা নতুন অফিসারদের সঙ্গে সেটিং করা

এই সিভিকদের চালচলন কোনও বড় পুলিশ অফিসারের থেকে কম নয়। বিভিন্ন সময় সেজেগুজে চার চাকা নিয়ে ঘুরতে দেখা যায়। তাঁদের বিরুদ্ধে মুখ খোলাও যায় না। কারণ পুলিশের বড় বড় আধিকারিকদের প্রশ্রয় থাকে। এই সিভিকদের মাধ্যমেই তো অনেক পুলিশ আধিকারিকদের পকেট ভারী হয়। এরপর দশের পাতায়

**মহাকুম্ভে মহাস্নান**



জটা নিয়ে কারসাজি সাধুর। মঙ্গলবার মহাকুম্ভমেলায় স্নানের পর। প্রয়াগরাজে। -পিটিআই



## ভারত সীমান্ত শান্ত, মন্তব্য স্বরাষ্ট্র উপদেষ্টার

দিনকয়েক আগে সীমান্তে বিএসএফের কাঁটাতারের বেড়া দেওয়ায় বাধা দিয়েছিল বিজিবি। সীমান্তে দু-পারের বাসিন্দাদের পরস্পরকে লক্ষ্য করে স্লোগান দিতে দেখা গিয়েছে। যার জেরে উত্তেজনা ছড়িয়েছিল পশ্চিমবঙ্গ ও ত্রিপুরার একাধিক এলাকায়। উত্তেজনা কমাতে বেড়া দেওয়ার কাজ সাময়িকভাবে বন্ধ রেখেছে বিএসএফ। গোটা ঘটনাকে নিজেদের 'সাফল্য' বলে প্রচার করছে ইউনূস সরকার। মঙ্গলবার স্বরাষ্ট্র উপদেষ্টা তথা অবসরপ্রাপ্ত লেফটেন্যান্ট জেনারেল জাহাঙ্গির আলম চৌধুরী বলেন, 'ওরা (বিএসএফ) আর কাঁটাতারের বেড়া নির্মাণ করছে না। স্থিতাবস্থা বজায় রয়েছে। আমরা বলেছি, আগামী মাসে একটি মিটিং আছে, সেখানে এই বিষয়গুলি নিয়ে আলোচনা হবে।'

» বিস্তারিত নয়ের পাতায়

## স্যালাইন সহ নিষিদ্ধ ১৪ পণ্য

# চিকিৎসা নিয়ে উদ্বেগ

**উত্তরবঙ্গ ব্যুরো**

**১৪ জানুয়ারি :** অবশেষে পদক্ষেপ। স্যালাইন ব্যবহারে রোগীর মৃত্যুর পর উৎপাদক সংস্থার সমস্ত পণ্যই নিষিদ্ধ হয়ে গেল। যদিও মঙ্গলবার সকালে জেলায় জেলায় স্বাস্থ্য দপ্তরের নির্দেশ গিয়েছিল, বিতর্কিত স্যালাইনটির সমস্ত মজুতের নমুনা পরীক্ষার জন্য পাঠাতে হবে কলকাতায়। কিন্তু সন্ধ্যায় নির্দেশ পশ্চিমবঙ্গ ফার্মাসিউটিক্যালসের উৎপাদিত সমস্ত স্যালাইন, ইনজেকশন তুলে নেওয়ার নির্দেশ দেওয়া হল।

বিতর্কিত স্যালাইনটির উৎপাদক ওই পশ্চিমবঙ্গ ফার্মাসিউটিক্যালস। যে সংস্থার কারখানা উত্তরবঙ্গের চোপড়ায়। মূল দপ্তর শিলিগুড়িতে। মঙ্গলবার সন্ধ্যায় রাজ্যের সব জেলার মুখ্য স্বাস্থ্য আধিকারিক, মেডিকেল কলেজ ও হাসপাতালের কর্তাদের ওই সংস্থার সমস্ত চিকিৎসাপণ্য দ্রুত সরিয়ে রাখার নির্দেশ দেওয়া হয়। নির্দেশিকাটি দেন স্বাস্থ্য দপ্তরের সেন্ট্রাল মেডিকেল স্টোরের দায়িত্বপ্রাপ্ত ডেপুটি ডিরেক্টর প্রশান্ত বিশ্বাস। তাতে মোট ১৪টি পণ্য নিষিদ্ধ তালিকায় চলে গেল।

এতে স্যালাইন ও কিছু ইনজেকশনের সমস্যা হতে পারে। কেন না, মূলত ওই পশ্চিমবঙ্গ ফার্মাসিউটিক্যালসের তৈরি স্যালাইন পশ্চিমবঙ্গের সমস্ত হাসপাতালে ব্যবহার করা হত। সেন্ট্রাল মেডিকেল স্টোরের মাধ্যমে রাজ্য স্বাস্থ্য দপ্তর ওই সংস্থাকে বরাত দিত। এখন সেই স্যালাইন, ইনজেকশন নিষিদ্ধ হয়ে যাওয়ায় চিন্তায় পড়েছেন মেডিকেল কলেজ ও হাসপাতালের কর্তারা।

যদিও অন্য সংস্থার কাছ থেকে ওই জাতীয় স্যালাইন বা ইনজেকশন কেনার জন্য টাকার প্রয়োজন হলে নিয়ম মেনে স্বাস্থ্য ভবনকে জানাতে বলা হয়েছে ডেপুটি ডিরেক্টরের নির্দেশিকায়। এতে চিন্তা বেড়েছে স্বাস্থ্যকর্তাদের। অন্য কোনও সংস্থাকে বরাত না দিয়ে বা বিকল্প চিকিৎসাপণ্য মজুত না করে দুম করে এই নির্দেশ দেওয়ায় হাসপাতালে চিকিৎসায় সমস্যা হতে পারে বলে তাঁদের আশঙ্কা।

দার্জিলিং জেলার মুখ্য স্বাস্থ্য আধিকারিক তুলসী প্রামাণিক অবশ্য বলেন, 'আমরা আগেই বুঝেছিলাম,



**চিন্তিত ডাক্তাররা**

- মঙ্গলবার সন্ধ্যায় হঠাৎ সংস্থাটির ১৪ পণ্যে নিষেধাজ্ঞা জারি করে স্বাস্থ্য দপ্তর
- আগে থেকে প্রস্তুতি না থাকায় বিপাকে হাসপাতালগুলি
- কর্তৃপক্ষের যুক্তি, এর মধ্যে অনেকগুলিই রোগী-স্বার্থে ব্যবহার হচ্ছিল
- স্যালাইন, ইনজেকশন নিষিদ্ধ হয়ে যাওয়ায় চিন্তায় পড়েছেন মেডিকেল কলেজ ও হাসপাতালের কর্তারা

এমন একটা নির্দেশ আসতে পারে। তাই কিছুটা ব্যবস্থা করে রেখেছি। তাছাড়া শীতকাল বলে স্যালাইনের প্রয়োজন এখন কম। এটা মার্চ, এপ্রিল মাসে হলে খুব সমস্যা হত। সেই সময় রোগ বাড়ে।' ওই সংস্থার নিষিদ্ধ ১৪টি ওষুধ ও ইনজেকশন কোচবিহার জেলার বিভিন্ন এরপর দশের পাতায়

## প্রস্তুতকারী সংস্থার বিরুদ্ধে এফআইআর

**রণজিৎ ঘোষ ও মনজুর আলম**

**শিলিগুড়ি ও চোপড়া, ১৪ জানুয়ারি :** বিতর্কিত স্যালাইন প্রস্তুতকারী সংস্থা পশ্চিমবঙ্গ ফার্মাসিউটিক্যালসের বিরুদ্ধে শিলিগুড়ি থানায় এফআইআর করলেন বিধানসভায় বিজেপির পরিষদীয় দলনেতা শিলিগুড়ির বিধায়ক শংকর ঘোষ। তাঁর দাবি, অবিলম্বে কালো তালিকাভুক্ত এই স্যালাইন কারখানা কর্তৃপক্ষের বিরুদ্ধে কঠোর পদক্ষেপ করতে হবে। পাশাপাশি মেদিনীপুর মেডিকেল কলেজে যে সমস্ত চিকিৎসকের ভুলে রোগীদের মৃত্যু হয়েছে তাঁদের বিরুদ্ধেও ব্যবস্থা নিতে হবে। মঙ্গলবারও শিলিগুড়ির বর্ধমান রোডে ওই সংস্থার প্রধান কার্যালয়ে গিয়ে কর্তাদের কাউকেই পাওয়া যায়নি। এদিন কাচের দরজা না খুলেই ভিতর থেকে হাত নাড়িয়ে কর্মীরা বলে দিয়েছেন যে, সাহেবরা নেই। টেলিফোনে যোগাযোগের চেষ্টা করা হলেও ফোন 'সুইচড অফ' পাওয়া গিয়েছে।

এদিনও চোপড়ায় এই সংস্থার কারখানা চত্বরে প্রচুর ভিড় দেখা গিয়েছে। দুপুরে ডাক বিভাগের এক কর্মী এই সংস্থার নামে আসা কিছু চিঠি নিয়ে কারখানার গেটে আসেন। কিন্তু কর্তৃপক্ষ নেই বলে নিরাপত্তারক্ষীরা সেই চিঠিগুলি গ্রহণ করতে চাননি। চিঠিগুলি কর্ণাটক সরকারের তরফে এসেছে বলে ওই ডাককর্মী জানিয়েছেন।

পশ্চিমবঙ্গ ফার্মাসিউটিক্যালস-এর তৈরি রিংগার ল্যাকটেট (আরএল) স্যালাইন ব্যবহারের পরে মেদিনীপুর মেডিকেল কলেজ ও হাসপাতালে রোগীমৃত্যুর ঘটনায় রাজ্যজুড়ে তোলপাড় হচ্ছে। অথচ রাজ্য স্বাস্থ্য দপ্তর ওই সংস্থার বিরুদ্ধে কোনও আইনি পদক্ষেপ করেনি। এরপর দশের পাতায়

**সকালে শুটআউট**

# কালিয়াচকে ফের খুন তৃণমূল নেতা



খুনের পর জটলা স্থানীয়দের। তদন্তে পুলিশ। কালিয়াচকে।

**সেনাউল হক**

**কালিয়াচক, ১৪ জানুয়ারি :** ইংরেজবাজারের পর এবার কালিয়াচক। মালদায় ফের শুটআউট। তৃণমূলের জেলা সহ সভাপতি বাবলা সরকার হত্যাকাণ্ডের ১৩ দিনের মাথায় কালিয়াচকে খুন হলেন তৃণমূলের অঞ্চল সাধারণ সম্পাদক আতাউর শেখ (৪৫) ওরফে হাসা। তাঁর নিজের আগ্নেয়াস্ত্রেই তিনি খুন হয়েছেন বলে দাবি। গুরুতর আহত হয়েছেন তৃণমূলের অঞ্চল সভাপতি বকুল শেখ ও তাঁর ভাই প্রাক্তন প্রধান এসারউদ্দিন শেখ ওরফে রাজু।

মঙ্গলবার সকালে কালিয়াচক থানার উত্তর দরিয়াপুর মোমিনপাড়ার ঘটনা। অভিযোগের তির তৃণমূলের পঞ্চায়েত সদস্য জাকির শেখ ও তাঁর দলবলের বিরুদ্ধে। পুলিশ সুপার প্রদীপকুমার যাদব জানিয়েছেন, ঘটনায় জড়িত ৬ জনকে চিহ্নিত করা গিয়েছে, ১০ জনকে আটক করে জিজ্ঞাসাবাদ চলছে।

বাবলা খুনের তপ্ত পরিস্থিতির মধ্যেই ফের এক তৃণমূল নেতা খুনের ঘটনায় মালদায় আলোড়ন তৈরি হয়েছে। বকুল ও জাকির দুজনেই জেলায় দাগি সমাজবিরোধী হিসেবে পরিচিত। বকুলকে নিয়ে দলের বক্তব্য, তার দুষ্কৃতী-যোগ অতীত। এখন নাকি সে ভালো মানুষ। তবে জাকিরের রাজনৈতিক পরিচয় নিয়ে এদিন জেলা তৃণমূল নেতৃত্বের ভিন্ন মত উঠে এসেছে। তৃণমূল জেলা সভাপতি আব্দুর রহিম বক্সীর বক্তব্য, 'জাকির তৃণমূলের কেউ নয়।' দলের জেলা মুখপাত্র আশিস কুণ্ডু বলেন, 'তৃণমূলের ঝান্ডা ধরে আপরাধ করাটা দল বরদাস্ত করে না। আর দুষ্কৃতীর কোনও দল হয় না।' ঘটনা নিয়ে স্থানীয় বিধায়ক আব্দুল গনির মন্তব্য, 'আমি যতদূর জানি, বকুল গত ১০ বছর ধরে কোনও অপরাধে যুক্ত ছিল না। সংগঠনটা দেখছিল। কিন্তু মাঝে পুলিশ ওকে অকারণে হয়রান করছিল। এদিনের ঘটনাটা রাজনৈতিক হিংসার ফল।'

মঙ্গলবার সকালে মোমিনপাড়া গ্রামে একটি ড্রেনের উদ্বোধন করতে যান বকুল ও তাঁর ভাই এসারউদ্দিন। সকাল সাড়ে দশটা নাগাদ অনুষ্ঠান শেষ হওয়ার পর বিরুদ্ধ গোষ্ঠীর সঙ্গে ঝামেলা বাধে। বকুল ও তাঁর দুই সঙ্গীকে গুলি করা হয়। ভাইরাল হওয়া এক ভিডিওতে (উত্তরবঙ্গ সংবাদ যার সত্যতা যাচাই করেনি) দেখা গিয়েছে, এরপর দশের পাতায়

**মনের কথা থেকে মাটির কথা**

দলবদলু নেতা

জনতার চার্জশিট

খোলা জানালা

উত্তরবঙ্গ সংবাদে এখন থেকে এক ঝাঁক নতুন সেগমেন্ট



ভূমিকম্পের জের নয়, এমনি এমনিই হেলে পড়ল একটা গোটা বহুতল। দক্ষিণ কলকাতার বাঘা যতীনের ঘটনা। রক্ষণাবেক্ষণের জেরে আপাতত আবাসনে কেউ ছিলেন না। সেইজন্য হতাহত হননি কেউ।

# মনোজের হুইপে বন্ধ ডলোমাইট কারবার

**মোস্তাক মোরশেদ হোসেন**

**বীরপাড়া, ১৪ জানুয়ারি :** তিনি 'একাই একশো', বোঝালেন মনোজ। এর আগে বহু আন্দোলন এমনকি যানজটে আটকে পড়া অ্যাম্বুল্যান্সে রোগীর মৃত্যুর পরও বীরপাড়ায় ডলোমাইট লোডিং-আনলোডিংয়ের কাজ একদিনও বন্ধ হয়নি। আর সোমবার দুপুর থেকে বীরপাড়ায় ডলোমাইট লোডিং-আনলোডিংয়ের কারবার বন্ধই করে দিলেন সাংসদ। মনোজ বলছেন, 'আমরা ডলোমাইট কারবারের বিরোধী নই। তবে জায়গা নিয়ে আপত্তি রয়েছে। অন্য জায়গায় ডলোমাইট লোডিং-আনলোডিং করা হোক।'

কীভাবে তা সম্ভব হল? সোমবার বীরপাড়ায় যানজটে আটকে পড়েছিলেন আলিপুরদুয়ারের বিজেপি সাংসদ। এরপর দলগাঁও রেলস্টেশনে গিয়ে ব্যাপক ক্ষোভ প্রকাশ করেন। বেসরকারি সূত্রের খবর, তার কিছুক্ষণ পর থেকেই মালগাড়িতে ডলোমাইট তোলা বন্ধ হয়ে যায়। মঙ্গলবার দলগাঁও রেলস্টেশনে যান আলিপুরদুয়ারের ডিআরএম অমরজিৎ গৌতম। তাঁকে মনোজ স্পষ্ট জানিয়ে দেন, বিকল্প ব্যবস্থা না করা পর্যন্ত বীরপাড়ায় ডলোমাইট লোডিং-আনলোডিং বন্ধ থাকবে। মনোজের এই অবস্থানের 'সদ্ব্যবহার' করতে পিছপা হয়নি অরাজনৈতিক সংগঠন ভয়েস অফ বীরপাড়া। মনোজের সঙ্গে ডিআরএম-কে চেপে ধরে সংগঠনটিও। এর আগে সংগঠনটি একাধিকবার স্মারকলিপি দিয়েছিল রেলমন্ত্রককে। সেগুলির স্ট্যাটাস জানতে চাইলে ডিআরএম নিরুত্তর ছিলেন। সংগঠনটির অভিযোগ, দূষণ নিয়ন্ত্রণ পর্ষদের নিষেধাজ্ঞা সত্ত্বেও বীরপাড়ায় বেআইনিভাবে ডলোমাইট এরপর দশের পাতায়

# বাড়ছে নাবালিকা মায়ের সংখ্যা, উদ্বেগ আলিপুরদুয়ারে

## হোম কাণ্ডে ধৃত তরুণ, হাজার কর্মসূচি-আইনি পদক্ষেপেও বদলাচ্ছে না পরিস্থিতি

**ভাস্কর শর্মা**

**ফালাকাটা, ১৪ জানুয়ারি :** বয়স মাত্র বারো কি তেরো! এ বয়স তো পড়াশোনা আর খেলাধুলো করার বয়স। কিন্তু এই বয়সেই ফালাকাটাতে এক নাবালিকা হাসপাতালে আসে অন্তঃসত্ত্বা অবস্থায়। তাও কিনা শারীরিক নানা সমস্যা নিয়ে। চিকিৎসকরা দেখেই বুঝে যান ওই নাবালিকা অন্তঃসত্ত্বা। কিছুদিন পর ওই হাসপাতালেই সন্তানের জন্ম দেয় সে। মাসকয়েক আগের ওই ঘটনায় হাসপাতালের তরফে থানায় অভিযোগ দায়ের করা হয়েছিল। সোমবার হোমে থাকা এক ছাত্রীরও একই ধরনের খবর প্রকাশ্যে আসতেই ফালাকাটায় চাঞ্চল্য ছড়িয়েছে। স্বাস্থ্য দপ্তর সূত্রে খবর, ফালাকাটায় এখন নাবালিকা মায়ের সংখ্যা বাড়ছে।

আলিপুরদুয়ার জেলা পুলিশ জানিয়েছে, ফালাকাটার হোম কাণ্ডে এক তরুণকে গ্রেপ্তার করা হয়েছে। সোমবার রাতে কুমারগ্রামের পশ্চিম চকচকা সংলগ্ন এলাকার তেলিপাড়া থেকে তাকে গ্রেপ্তার করা হয়। এদিন অভিযুক্তকে আদালতে তোলা হলে বিচারক ওই তরুণের জেল হেপাজতের নির্দেশ দিয়েছেন। আলিপুরদুয়ার চাইল্ড ওয়েলফেয়ার কমিটির চেয়ারম্যান অসীম বোসের কথায়, 'হাসপাতাল থেকে ওই নাবালিকা ও তার বাচ্চা এখনও ছাড়া পায়নি। ছাড়া পেলেই আমরা দুজনকেই হোমে পাঠাব।'

এদিকে, আলিপুরদুয়ার জেলায় নাবালিকা প্রসূতির হার কমার বদলে বেড়েই চলছে। সোমবারের ঘটনা তারই প্রমাণ। এতে উদ্বিগ্ন স্বাস্থ্যকর্তাদের অনেকেই। জেলার মধ্যে ফালাকাটায় ১৮ বছরের কমবয়সিরা প্রায়দিনই সন্তানের জন্ম দিচ্ছে। স্বাস্থ্য দপ্তর সূত্রে খবর, ফালাকাটা সুপারস্পেশালিটি হাসপাতালে প্রতি মাসেই অন্তত ৯ থেকে ১০ জন নাবালিকা সন্তান জন্ম দিচ্ছে। এদের বেশিরভাগই হচ্ছে প্রেমঘটিত কারণে। চলতি মাসেই এখনও পর্যন্ত হাসপাতালে ১৮ বছরের নীচে পাঁচজন নাবালিকা সন্তান প্রসব করেছে। এ তো নয় গেল ফালাকাটার তথ্য। জেলার সামগ্রিক তথ্যও কিন্তু তেমন একটা সুবিধাজনক নয়।

স্বাস্থ্য দপ্তরের পরিসংখ্যান বলছে, ২০১৭-'১৮ সালে আলিপুরদুয়ারে গর্ভবতী মহিলার সংখ্যা ছিল ১৪ হাজার ৬৭৬। এর মধ্যে উনিশ বছরের নীচে গর্ভবতী মেয়েদের সংখ্যা ছিল ১ হাজার ৯০৯ জন। এই বয়সের মেয়েদের গর্ভবতী হওয়ার হার ছিল ১৩.০১ শতাংশ। ২০১৮-'১৯ সালে ১৭ হাজার ৩৬৬ জন গর্ভবতীর মধ্যে ২৭৫৬ জনের বয়স ছিল উনিশ বছর বা তার নীচে। ২০১৯-'২০ সালে জেলায় ২৪ হাজার ৫৬৮ জন গর্ভবতীর মধ্যে উনিশ বছর বা তার নীচে থাকা মেয়েদের সংখ্যা ছিল ৩ হাজার ৯৬৬ জন। তবে ২০২০-'২১ সালে সেই হার কিছুটা কমেছে। ওই বছর জেলায় মোট গর্ভবতী মহিলার সংখ্যা ছিল ২৩ হাজার ৩৫ জন। তার মধ্যে উনিশ বছর বা তার নীচে থাকা গর্ভবতী মেয়েদের সংখ্যা ছিল ৩ হাজার ৫০৩ জন। ২০২৩ এবং ২০২৪ সালের সঠিক পরিসংখ্যান অবশ্য এদিন দিতে পারেনি স্বাস্থ্য দপ্তর। তবে স্বাস্থ্য দপ্তর সূত্রে খবর, এই দুই বছরেও নাবালিকা মায়ের সংখ্যা অন্তত ৫ হাজার ছাড়িয়ে যাবে। ২০২৫ সাল শুরু হতেই নাবালিকা মা হবার ঘটনা ফের সামনে আসছে।

চিকিৎসক মহল বলছে, নাবালিকা মা হওয়ার পিছনে দায়ী অসচেতনতাই। নানা কর্মসূচি, আইনি পদক্ষেপেও নাবালিকা মেয়ের বিয়ে দেওয়ার প্রবণতা আটকানো যাচ্ছে না। এখন আবার নাবালক-নাবালিকাদের মধ্যে অনিয়ন্ত্রিত যৌন সংসর্গের ঘটনাও বেড়েছে। পরিস্থিতি আরও জটিল হচ্ছে। এরপর দশের পাতায়



- ফালাকাটায় ১৮ বছরের কমবয়সিরা প্রায়দিনই সন্তানের জন্ম দিচ্ছে
- ফালাকাটা সুপারস্পেশালিটি হাসপাতালে প্রতি মাসেই অন্তত ৯ থেকে ১০ জন নাবালিকা সন্তান জন্ম দিচ্ছে
- চলতি মাসেই এখনও পর্যন্ত হাসপাতালে ১৮ বছরের নীচে পাঁচজন নাবালিকা সন্তান প্রসব করেছে

# মেখলিগঞ্জে নতুন চেয়ারম্যান প্রভাত

**মেখলিগঞ্জ, ১৪ জানুয়ারি :** অবশেষে সব জল্পনার অবসান ঘটিয়ে মঙ্গলবার চেয়ারম্যান বদলাল মেখলিগঞ্জ পুরসভায়। নতুন চেয়ারম্যান পদে বসলেন পুরসভার ৭ নম্বর ওয়ার্ডের কাউন্সিলার প্রভাত পাটনি। দায়িত্ব নিয়েই নতুন চেয়ারম্যান বলেন, 'সবার সমর্থন নিয়ে আমি চেয়ারম্যান পদে বসলাম।'

চেয়ারম্যান বদল করায় গুরুতর অভিযোগ তুলেছে বিজেপি। দলের যুব মোর্চার মেখলিগঞ্জ বিধানসভার আহ্বায়ক অমলেশ রায় সামাজিক মাধ্যমে অভিযোগ করে বলেছেন কেশব দাস রাজবংশী বলে তাঁকে তৃণমূল চক্রান্ত করে পদ থেকে সরিয়ে দিয়েছে। আবার প্রাক্তন চেয়ারম্যান কেশব দাস দাবি করেছেন, যে পদ্ধতিতে তাঁকে অপসারণ করা হয়েছে সেই পদ্ধতি সঠিক নয়। তিনি বলেন, 'আমাকে যে পদ্ধতিতে সরানো হয়েছে তা ঠিক নয়। সেই জন্যই আমি আদালতের দ্বারস্থ হয়েছি।' এর আগে চেয়ারম্যানের ঘরে একত্রিত হন পুরসভার ৮ কাউন্সিলার। উপস্থিত ছিলেন মেখলিগঞ্জ পুরসভার পুর আধিকারিক সিদ্ধার্থ রায় চৌধুরী। পুরসভার প্রাক্তন চেয়ারম্যানকে অবশ্য এদিন দেখা যায়নি। ভাইস চেয়ারম্যান দেবাশিস বর্ধন চৌধুরী কাউন্সিলারদের নিয়ে বৈঠক করে চেয়ারম্যান পদের জন্য নাম প্রস্তাব করতে বলেন। পুরসভার ৫ নম্বর ওয়ার্ডের কাউন্সিলার সোমা ভৌমিক চেয়ারম্যান পদের জন্য প্রভাত পাটনির নাম প্রস্তাব করেন। এরপরে আর কোনও কাউন্সিলার নাম প্রস্তাব না করায় সকলেই প্রভাতকে নতুন চেয়ারম্যান হিসেবে নির্বাচিত করেন।

পূর্ব রেলওয়ে
ই-অকশন বিজ্ঞপ্তি
সিনিয়র ডিভিসনাল কমার্শিয়াল ম্যানেজার, পূর্ব রেলওয়ে, মালদা, অফিস বিল্ডিং, পোস্ট-ঝলঝলিয়া, জেলা-মালদা, পিন-৭৩২১০২ (পশ্চিমবঙ্গ) (অকশন পরিচালনাকারী আধিকারিক) মালদা ডিভিসনের মুঙ্গের (এমজিআর) ও পীরপৈঁতী (পিপিটি) স্টেশনে পে অ্যান্ড ইউজ টয়লেট লট পরিচালনার জন্য www.ireps.gov.in-এ ই-অকশন ক্যাটালগ আহ্বান করছেন। অকশন ক্যাটালগ নং: পেইউজ-২৫-২। অকশন শুরু: ২৯.০১.২০২৫ তারিখ বেলা ১১.৪৫ মিনিট। ক্র.নং.-১। লট নং: পিএনইউ-এমএলডিটি-এমজিআর-টিওআই-৩৭-২৪-১। স্টেশন: মুঙ্গের। ক্র.নং.-২। লট নং: পিএনইউ-এমএলডিটি-পিপিটি-টিওআই-৩৪-২৪-১। স্টেশন: পীরপৈঁতী। সম্ভাব্য বিডারদের আরও বিস্তারিত জানতে আইআরইপিএস ই-অকশন মডিউল দেখতে অনুরোধ করা হচ্ছে।
(MLD-196/2024-25)
টেন্ডার বিজ্ঞপ্তি ওয়েবসাইট www.er.indianrailways.gov.in/www.ireps.gov.in-এও পাওয়া যাবে
আমাদের অনুসরণ করুন: @EasternRailway easternrailwayheadquarter

পূর্ব রেলওয়ে
ই-অকশন বিজ্ঞপ্তি
সিনিয়র ডিভিসনাল কমার্শিয়াল ম্যানেজার, পূর্ব রেলওয়ে, মালদা, অফিস বিল্ডিং, পোস্ট-ঝলঝলিয়া, জেলা-মালদা, পিন-৭৩২১০২ (পশ্চিমবঙ্গ) (অকশন পরিচালনাকারী আধিকারিক) মালদা ডিভিসনের বড়হারোয়া (বিএইচডব্লু) ও পীরপৈঁতি (পিপিটি) রেলওয়ে স্টেশনে পার্কিং লট পরিচালনার জন্য www.ireps.gov.in-এ ই-অকশন ক্যাটালগ আহ্বান করছেন। অকশন ক্যাটালগ নং: পার্কিং-২০২৫-০১। অকশন শুরু: ২৭.০১.২০২৫ তারিখ বেলা ১১.৪৫ মিনিট। ক্র.নং.; লট নং ও স্টেশন নিম্নরূপ: ১; পার্কিং-এমএলডিটি-বিএইচডব্লু-এমএক্স-২৬-২৫-১ ও বড়হারোয়া। ২; পার্কিং-এমএলডিটি- পিপিটি-এমএক্স-৬৬-২৫-১ ও পীরপৈঁতি। সম্ভাব্য বিডারদের আরও বিস্তারিত জানতে আইআরইপিএস ই-অকশন মডিউল দেখতে অনুরোধ করা হচ্ছে।
(MLD-191/2024-25)
টেন্ডার বিজ্ঞপ্তি ওয়েবসাইট www.er.indianrailways.gov.in/www.ireps.gov.in-এও পাওয়া যাবে
আমাদের অনুসরণ করুন: @EasternRailway easternrailwayheadquarter

পূর্ব রেলওয়ে
মালদা ডিভিসনে ক্যাটারিং (টি) স্টল-এর জন্য ই-অকশন
সিনিয়র ডিভিসনাল কমার্শিয়াল ম্যানেজার, পূর্ব রেলওয়ে, মালদা, অফিস বিল্ডিং, পোস্ট-ঝলঝলিয়া, জেলা-মালদা, পিন-৭৩২১০২ (পশ্চিমবঙ্গ) (অকশন পরিচালনকারী আধিকারিক) মালদা ডিভিসনের বিভিন্ন রেলওয়ে স্টেশনে ক্যাটারিং (টি) স্টল-এর চুক্তি প্রদানের জন্য www.ireps.gov.in-এ ই-অকশন ক্যাটালগ আহ্বান করছেন। অকশন ক্যাটালগ নং: ক্যাটারিং-২৫-১। অকশন শুরু: ২৫.০১.২০২৫ তারিখ সকাল ১১.৪৫ মিনিট। ক্র.নং; এসইকিউ নং; লট নং/ক্যাটিগরি ও ক্যাটারিং (টি) স্টলের বিবরণ নিম্নরূপ: ১; এএ/১; সিএটিজি-এমএলডিটি-বিইএলটি-জিএমইউ-৭৪-২৩-১ ও বেলা হল্ট। ২; এএ/২; সিএটিজি-এমএলডিটি-এনএনএইচটি-জিএমইউ-৬৪-২৪-৪ ও নোনীহাট ভতুড়িয়া। ৩; এএ/৩; সিএটিজি-এমএলডিটি-টিএলজে-জিএমইউ-১০০-২৩-১ ও তালঝারী। ৪; এএ/৪; সিএটিজি-এমএলডিটি-এমআরএইচএ-জিএমইউ-৮১-২৩-১ ও মুরারই। ৫; এএ/৫; সিএটিজি-এমএলডিটি-এমআরএইচএ-জিএমইউ-১৯-২২-১ ও মুরারই। ৬; এএ/৬; সিএটিজি-এমএলডিটি-কেপিআরডি-জিএমইউ-১২-২২-১ ও কল্যাণপুর রোড। ৭; এএ/৭; সিএটিজি-এমএলডিটি-একেএন-জিএমইউ-৭৯-২৩-১ ও আকবরনগর। ৮; এএ/৮; সিএটিজি-এমএলডিটি-আরজেএল-জিএমইউ-১-২২-১ ও রাজমহল। ৯; এএ/৯; সিএটিজি-এমএলডিটি-কেটিজে-জিএমইউ-৪৮-২২-১ ও খালতিপুর। ১০; এবি/১; সিএটিজি-এমএলডিটি-বিএইচডব্লু-এসএমইউ-৬৬-২৪-১ ও বড়হারোয়া জংশন। ১১; এবি/২; সিএটিজি-এমএলডিটি-পিএনএসএ-এসএমইউ-৫৭-২৪-১ ও পুনসিয়া। ১২; এবি/৩; সিএটিজি-এমএলডিটি-আরপিইউআর-এসএমইউ-১০-২৪-১ ও রতনপুর। ১৩; এবি/৪; সিএটিজি-এমএলডিটি-জেডিপিটি-এসএমইউ-৮৫-২৪-১ ও জগদীশপুর। ১৪; এবি/৫; সিএটিজি-এমএলডিটি-কেটিজে-এসএমইউ-৬৭-২৪-১ ও খালতিপুর। ১৫; এবি/৬; সিএটিজি-এমএলডিটি-এসএলজে-এসএমইউ-২৪-২৪-১ ও সকরীগলী। সম্ভাব্য বিডারদের আরও বিস্তারিত জানতে আইআরইপিএস ই-অকশন মডিউল দেখতে অনুরোধ করা হচ্ছে।
(MLD-192/2024-25)
টেন্ডার বিজ্ঞপ্তি ওয়েবসাইট www.er.indianrailways.gov.in/www.ireps.gov.in-এও পাওয়া যাবে
আমাদের অনুসরণ করুন: @EasternRailway easternrailwayheadquarter

পূর্ব রেলওয়ে
মালদা ডিভিসনে অটোমেটেড টেলার মেশিন (এটিএম)-এর জন্য ই-অকশন
সিনিয়র ডিভিসনাল কমার্শিয়াল ম্যানেজার, পূর্ব রেলওয়ে, মালদা, অফিস বিল্ডিং, পোস্ট-ঝলঝলিয়া, জেলা-মালদা, পিন-৭৩২১০২ (পশ্চিমবঙ্গ) (অকশন পরিচালনাকারী আধিকারিক) মালদা ডিভিসনের বিভিন্ন স্টেশনে অটোমেটেড টেলার মেশিন (এটিএম)-এর জন্য www.ireps.gov.in-এ ই-অকশন ক্যাটালগ আহ্বান করছেন। অকশন ক্যাটালগ নং: এটিএম-২০২৫-০২। অকশন শুরু: ২৫.০১.২০২৫ তারিখ বেলা ১১.৪৫ মিনিট। ক্র.নং.; এসইকিউ. নং; লট নং-ক্যাটিগরি ও স্টেশন নিম্নরূপ: ১; এএ/১; এটিএম-এমএলডিটি-পিপিটি-জিইএন-৪৩-২৫-২ ও পীরপৈঁতি। ২; এএ/২; এটিএম-এমএলডিটি-জেআরএলই-জিইএন-৩৮-২৫-২ ও জঙ্গীপুর রোড। ৩; এএ/৩; এটিএম-এমএলডিটি-এমজিআর-জিইএন-২৯-২৫-২ ও মুঙ্গের। ৪; এএ/৪; এটিএম-এমএলডিটি-জিওডিএ-জিইএন-৩৬-২৫-২ ও গোড্ডা। ৫; এএ/৫; এটিএম-এমএলডিটি-এমএলডিটি-জিইএন-৩০-২৫-২ ও মালদা টাউন। ৬; এএ/৬; এটিএম-এমএলডিটি-এসবিও-জিইএন-৪০-২৫-২ ও সবৌর। ৭; এএ/৭; এটিএম-এমএলডিটি-বিইউপি-জিইএন-৩৫-২৫-২ ও বরিয়ারপুর। ৮; এএ/৮; এটিএম-এমএলডিটি-ডিজিএলই-জিইএন-২৭-২৫-২ ও ধুলিয়ানগঙ্গা। ৯; এএ/৯; এটিএম-এমএলডিটি-আরজেএল-জিইএন-৩১-২৫-২ ও রাজমহল। ১০; এএ/১০; এটিএম-এমএলডিটি-এমজেডসি-জিইএন-৩৯-২৫-২ ও মির্জাচৌকী। ১১; এএ/১১; এটিএম-এমএলডিটি-জিজিএ-জিইএন-২৮-২৫-২ ও ঘোঘা। ১২; এএ/১২; এটিএম-এমএলডিটি-এসবিজি-জিইএন-৪৪-২৫-৪ ও সাহিবগঞ্জ। ১৩; এএ/১৩; এটিএম-এমএলডিটি-এএইচএ-জিইএন-৩৩-২৫-২ ও অভয়পুর। ১৪; এএ/১৪; এটিএম-এমএলডিটি-টিপিএইচ-জিইএন-৪২-২৫-২ ও তীনপহাড়। ১৫; এএ/১৫; এটিএম-এমএলডিটি-বিএকেএ-জিইএন-২৫-২৫-২ ও বাঁকা। সম্ভাব্য বিডারদের আরও বিস্তারিত জানতে আইআরইপিএস ই-অকশন মডিউল দেখতে অনুরোধ করা হচ্ছে।
(MLD-194/2024-25)
টেন্ডার বিজ্ঞপ্তি ওয়েবসাইট www.er.indianrailways.gov.in/www.ireps.gov.in-এও পাওয়া যাবে
আমাদের অনুসরণ করুন: @EasternRailway easternrailwayheadquarter

বিজ্ঞাপন
ডিয়ার সাপ্তাহিক লটারির
₹১কোটির বিজয়ী হলেন
দক্ষিণ ২৪ পরগণা-এর এক বাসিন্দা



পশ্চিমবঙ্গ, দক্ষিণ ২৪ পরগণা - এর একজন বাসিন্দা নাসিরুদ্দিন মোল্লা - কে 18.10.2024 তারিখের ড্র তে ডিয়ার সাপ্তাহিক লটারির টিকিট নম্বর 63D 03104 এনে দেয় এক কোটি টাকার প্রথম পুরস্কার। তিনি কলকাতায় অবস্থিত নাগাল্যান্ড রাজ্য লটারির নোডাল অফিসারের কাছে পুরস্কার দাবির ফর্ম সহ তার বিজয়ী টিকিটটি জমা দিয়েছেন। বিজয়ী বললেন "এটি আমার এবং আমার পরিবারের সকল সদস্যদের জন্য খুবই আনন্দের মুহূর্ত ছিল যখন আমি জানতে পারলাম ডিয়ার লটারির যে টিকিটটি আমি কিনেছিলাম সেটি থেকে আমি এক কোটি টাকার প্রথম পুরস্কার জয়লাভ করেছি। আমি ডিয়ার লটারি এবং নাগাল্যান্ড রাজ্য লটারিকে আন্তরিক ধন্যবাদ জানাই এমন একটি সুবর্ণ সুযোগ প্রদানের জন্য। আমরা সর্বদা ডিয়ার লটারির এই অবদান মনে রাখবো।"
* বিজয়ীর তথ্য সরকারি ওয়েবসাইট থেকে সংগৃহীত।

উত্তরের শিকড়

## অজানা ইতিহাসের সাক্ষী নল রাজার গড়



*নল রাজার গড়ের এই অংশই বর্তমানে মাটির ওপরে রয়েছে।*

আলিপুরদুয়ার জেলার অন্যতম ঐতিহাসিক স্থান নল রাজার গড় নামক দুর্গটি নিয়ে সাধারণ মানুষ সহ ঐতিহাসিকদের মধ্যে আগ্রহ রয়েছে। বেশ কিছু তথ্য প্রকাশ্যে এসেছে। তবে অনেক ইতিহাস এখনও মাটির নীচে চাপা পড়ে আছে। বেশ কয়েকবার প্রত্নতত্ত্ব বিভাগ এই গড়ের ইতিহাস জানার জন্য খননকার্য চালিয়েছে। তবে পুরো বিষয় প্রকাশ্যে আসেনি।

বানিয়া নদীর পাশে এই দুর্গ আসলে কোন রাজার আমলে তৈরি, সেটা নিয়ে বিতর্ক রয়েছে। কিছু ঐতিহাসিকের মতে, গড়টি মেঁনদা নামে ওই অঞ্চলের এক মেচ শাসকের তৈরি। আবার আরেকটি মত বলছে, গড়কে সীমান্ত দুর্গ হিসেবে ব্যবহার করেছে বিভিন্ন রাজবংশ। এর মধ্যে বর্তমান কোচবিহারের খেন এবং কোচ রাজবংশও রয়েছে। ১৯৬১, ১৯৬৭ এবং ১৯৮৬ সালে চিলাপাতার জঙ্গলের মাঝে খননকার্য চালিয়েছে প্রত্নতত্ত্ব বিভাগ।

১৯৬৭ সালে নল রাজার গড়ে খননকার্যে থাকা প্রত্নতত্ত্ব বিভাগের আধিকারিক পরেশচন্দ্র দাশগুপ্ত তাঁর লেখা বিভিন্ন বইয়ে উল্লেখ করেছেন, গড়টি গুপ্ত সম্রাট স্কন্ধ গুপ্ত অথবা নরসিংহ গুপ্তের সমসাময়িক। দুর্গের নামকরণ নিয়ে তাতে যুক্তি, খেন রাজা নীলাম্বরের নাম থেকে নীল রাজার গড় অথবা কোচ রাজা নরনারায়ণের নাম থেকে নর রাজার গড়-এর অপভ্রংশ হতে পারে নল রাজার গড়।

খননকার্যের পর পাওয়া তথ্য থেকে জানা যায়, দুর্গটি তৈরিতে তিন প্রকার ইট ব্যবহৃত হয়েছিল। বড় টালি আকৃতির যে ইটগুলো মিলেছে, সেগুলির সঙ্গে গুপ্ত যুগে ব্যবহৃত ইটের মিল রয়েছে। ঐতিহাসিকরা মনে করেন, বেশ কয়েকবার এই দুর্গ সংস্কার করে ব্যবহার করেছেন বিভিন্ন আমলের শাসক। দুর্গ দুটো অংশে বিভক্ত। ছোট অংশটি সম্ভবত রাজার জন্য তৈরি করা হয়েছিল। সেখানে বেশ কয়েকটি ঘর ও স্নানাগার মিলেছে। এছাড়াও এই দুর্গ থেকে বানিয়া নদী পর্যন্ত একটি মনুষ্য নির্মিত খালের অস্তিত্ব মিলেছে। নিরাপত্তার জন্য দুর্গের প্রাচীরও ছিল বিশেষভাবে তৈরি।

খননকার্য আটকে যাওয়ায় বেশ কিছু বিষয় পরিষ্কার হয়নি। তাই আধুনিক পদ্ধতিতে আবার খননকার্য চালিয়ে নল রাজার গড়ের ইতিহাস জানার দাবি ঐতিহাসিকদের দীর্ঘদিনের।



*পৌষ পার্বণে আলপনা দিতে ব্যস্ত মহিলা। বালুরঘাটে মঙ্গলবার। ছবি : মাজিদুর সর্দার*

# চওড়া হবে জঙ্গল সংলগ্ন জাতীয় সড়ক

**পূর্ণেন্দু সরকার ও বাণীব্রত চক্রবর্তী**

**জলপাইগুড়ি, ১৪ জানুয়ারি :** ময়নাগুড়ি থেকে চালসা পর্যন্ত ৭১৭এ জাতীয় সড়ক সম্প্রসারণ করার জন্য লাটাগুড়ির জঙ্গল সংলগ্ন রাস্তায় টোপোগ্রাফিক সার্ভে শুরু করল জাতীয় সড়ক কর্তৃপক্ষ। এই এলাকায় জাতীয় সড়ক ৭ মিটার থেকে বাড়িয়ে ১০ মিটার করার পরিকল্পনা রয়েছে। ফলে আবার লাটাগুড়ির জঙ্গলে গাছ কাটা পড়বে বলে আশঙ্কা ছড়িয়েছে। গরুমারা ও আপালচাঁদ জঙ্গলের মধ্যে হাতিদের যাতায়াতের করিডরেও তা প্রভাব ফেলবে। যদিও জলপাইগুড়ি বন বিভাগ ও গরুমারা বন্যপ্রাণ বিভাগের কাছে রাস্তা সম্প্রসারণের বিষয়ে কোনও প্রস্তাব পাঠায়নি জাতীয় সড়ক কর্তৃপক্ষ। তবে, পরিবেশপ্রেমী সংগঠনগুলি প্রতিবাদে নামার হুমকি দিয়েছে। সংশ্লিষ্ট এলাকার দায়িত্বে থাকা এনএইচ (ডিভিশন ৯) থেকে গাছ কাটা পড়বে না বলে জানানো হয়েছে।

মঙ্গলবার লাটাগুড়ির জঙ্গলে হাতিদের করিডর এলাকায় জাতীয় সড়ক কর্তৃপক্ষ (এনএইচ ৯)-র সমীক্ষকদের টোপোগ্রাফিক সার্ভে করতে দেখা যায়। সমীক্ষক দলের সাইট ইঞ্জিনিয়ার সৌরভ পাল জানান, জাতীয় সড়ক ৭১৭এ-কে ময়নাগুড়ি থেকে চালসা পর্যন্ত বর্তমান ৭ মিটার থেকে বাড়িয়ে ১০ মিটার করা হবে। অর্থাৎ রাস্তার দু'দিকে দেড় মিটার করে সম্প্রসারিত হবে। তার বাইরে হাইড্রেন করা হবে। জাতীয় সড়ক কর্তৃপক্ষের পরিকল্পনামতো এই রাস্তা পরে বাগ্রাকোটের জাতীয় সড়কের সঙ্গে যুক্ত হবে।

**আশঙ্কা**
- জাতীয় সড়ক ৭ মিটার থেকে বাড়িয়ে ১০ মিটার করার পরিকল্পনা রয়েছে
- আবার লাটাগুড়ির জঙ্গলে গাছ কাটা পড়বে বলে আশঙ্কা ছড়িয়েছে
- গরুমারা ও আপালচাঁদ জঙ্গলের মধ্যে হাতিদের যাতায়াতের করিডরেও তা প্রভাব ফেলবে
- পরিবেশপ্রেমী সংগঠনগুলি প্রতিবাদে নামার হুমকি দিয়েছে
- সংশ্লিষ্ট এলাকার দায়িত্বে থাকা এনএইচ (ডিভিশন ৯) থেকে গাছ কাটা পড়বে না বলে জানানো হয়েছে

লাটাগুড়ির জঙ্গল সংলগ্ন রাস্তার দু'ধারেই ছোট-বড় প্রচুর গাছ আছে। এর আগে রেল ওভারব্রিজ তৈরির সময় নির্বিচারে গাছ কাটা হয়েছে লাটাগুড়িতে। তার পুনরাবৃত্তি হওয়ার আশঙ্কা করছেন এখানকার পরিবেশপ্রেমীরা থেকে শুরু করে সাধারণ মানুষও। জলপাইগুড়ি সায়েন্স অ্যান্ড নেচার ক্লাবের সম্পাদক ডঃ রাজা রাউত বলেন, 'স্বাভাবিকভাবেই আশঙ্কা করছি আবার গাছ কাটা পড়তে পারে এই রাস্তা সম্প্রসারণে।'

লাটাগুড়ির রাস্তায় মাঝেমধ্যেই গাড়ির ধাক্কায় বাঁদর, হরিণ, অজগর, বাইসন, লেপার্ড জখম হওয়ার, এমনকি মারা যাওয়ার ঘটনাও ঘটেছে। গরুমারা থেকে আপালচাঁদ এলিফ্যান্ট করিডর রয়েছে। ফলে হাতিদের চলাচলে বাধাপ্রাপ্ত হবে বলে সংশয় প্রকাশ করেছেন জলপাইগুড়ি নেচার অ্যান্ড ট্রেকার্স ক্লাবের উপদেষ্টা ভাস্কর দাস। পরিবেশকর্মী অনির্বাণ মজুমদার বলেন, 'লাটাগুড়ির জঙ্গল এলাকায় রাস্তার দু'ধারে গাছ কাটা হলে রাস্তায় নেমে তীব্র আন্দোলন করতে বাধ্য হব।'

লাটাগুড়ির জঙ্গল সংলগ্ন এলাকায় জাতীয় সড়কের বিভিন্ন জায়গা বন্যপ্রাণীদের করিডর বলে বোর্ড টাঙানো হয়েছে। মহাকালধাম এলাকায় প্রায়শই দুর্ঘটনা ঘটে বলে জায়গাটি আলো দিয়ে সাজানোর প্রস্তাব প্রশাসনের বৈঠকে আগেই উঠেছিল। কিন্তু এলাকাটি এলিফ্যান্ট করিডর হওয়ায় তার অনুমতি পাওয়া যায়নি। দ্রুতগতিতে যানবাহন চলাচলেও বিধিনিষেধ রয়েছে। এবার রাস্তা চওড়া হলে পরিস্থিতি কী হবে তা নিয়ে আশঙ্কা থাকছে।

# ব্যবসা নষ্টের শঙ্কায় সেবক

**সানি সরকার**

## এলিভেটেড করিডর নিয়ে দোলাচল



*রুটিরুজি জুটবে কীভাবে, চিন্তায় সেবক বাজারের ব্যবসায়ীরা।*

**শিলিগুড়ি, ১৪ জানুয়ারি :** এলিভেটেড করিডরে চাপা পড়তে পারে ব্যবসা, এই আশঙ্কা এখন কুরে-কুরে খাচ্ছে সেবক বাজারের বাসিন্দাদের। কীভাবে ভবিষ্যতে রুটিরুজির সংস্থান হবে, বুঝে উঠতে পারছেন না অনেকেই। তবে আন্দোলন নয়, বিকল্প পথের দিকে তাকিয়ে ব্যবসায়ীদের বড় অংশ। সেবক-রংপো রেলপ্রকল্পে ট্রেনের চাকা গড়ালে কিছুটা আয়ের সংস্থান হবে বলে মনে করছেন তাঁরা। কিন্তু সিকিমের পথে ট্রেন কবে ছুটবে, এখনও অনিশ্চিত। বন ও পরিবেশমন্ত্রকের ছাড়পত্র না পাওয়া পর্যন্ত শুরু হচ্ছে না এলিভেটেড করিডরের কাজও। যদিও দার্জিলিংয়ের সাংসদ রাজু বিস্টের দাবি, ওই ছাড়পত্র পেতে বেশি সময় লাগবে না। তিন বছর পরই এলিভেটেড করিডর দিয়ে ছুটবে গাড়ি। একারণেই এখন দোলাচলে সেবক বাজার।

বনাঞ্চল যাতে ধ্বংস না হয়, সেইজন্য সেবকে এলিভেটেড করিডর তৈরির সিদ্ধান্ত নিয়েছে কেন্দ্র। সেবক সেনাছাউনি থেকে সেবক বাজার পর্যন্ত ১৪ কিলোমিটার রাস্তার জন্য সড়ক পরিবহণমন্ত্রক বরাদ্দ করেছে ১,৪০০ কোটি টাকা। বন ও পরিবেশমন্ত্রক থেকে ছাড়পত্র মিললেই কাজ শুরু হবে দ্রুত। আর এমন খবরে ভবিষ্যৎ কী হবে, বুঝে উঠতে পারছেন না সেবক বাজারের বাসিন্দারা। যেহেতু এলিভেটেড করিডর, ফলে সম্পূর্ণ রাস্তাটাই কার্যত উড়ালপুল। অর্থাৎ দোকানগুলি থাকবে রাস্তার অনেকটা নীচে। এখানকার ব্যবসা যেহেতু পর্যটকদের উপর নির্ভরশীল, ফলে গাড়ি না দাঁড়ালে রুটিরুজি জুটবে কোথা থেকে, প্রশ্ন ব্যবসায়ীদের।

সেবক বাজারে ফাস্ট ফুডের দোকান রয়েছে দেবরাজ শর্মার। তিনি বলছেন, 'সিকিম, কালিম্পংয়ের পাশাপাশি ডুয়ার্সে যাঁরা বেড়াতে আসেন, তাঁদের একটা বড় অংশ সেবকে দাঁড়ান টিফিন করার জন্য। এখন ওপর দিয়ে গাড়ি চলাচল করলে সেই সুযোগ থাকবে না।' বিষ্ণু গুরুংয়ের কথায়, 'স্থানীয়দের ওপর নয়, আমাদের ব্যবসা নির্ভরশীল পর্যটকদের ওপর। করিডরের উপর থেকে পর্যটকরা তো আর নীচে নেমে আসবেন না, ফলে চরম ক্ষতি হবে।'

তবে করিডরের বিরুদ্ধে আন্দোলনের পথে হাঁটার কথা ভাবছে না সেবক বাজার। বরং বিকল্প কিছু একটা ব্যবস্থা হবে, মনে করছেন অনেকেই। প্রবীণ বিমল খাওয়াসের বক্তব্য, 'কালিঝোরায় যে জলবিদ্যুৎকেন্দ্র হয়েছে, তা সেবকে হওয়ার কথা ছিল। কিন্তু আন্দোলন করে আমরা রুখে দিয়েছিলাম। কালিঝোরার উন্নতি দেখে মনে হয়, আন্দোলনের সিদ্ধান্ত ভুল ছিল।'

## প্রসেনজিতের ঘাড়ে দায় চাপালেন স্বপন

**মালবাজার, ১৪ জানুয়ারি :** তাঁর অনুমতি না নিয়েই পুরসভার জন্ম-মৃত্যুর সার্টিফিকেটে বিভাগের দায়িত্বপ্রাপ্ত কর্মী প্রসেনজিৎ দত্ত ডিজিটাল সিগনেচার ব্যবহার ও সার্টিফিকেট আপলোড করেছেন বলে দাবি করলেন মাল পুরসভার চেয়ারম্যান স্বপন সাহা। মঙ্গলবার পুরসভায় নিজের অফিসের বাইরে সাংবাদিকদের মুখোমুখি হয়ে তিনি বলেন, 'জাল শংসাপত্র কাণ্ডের মূল অভিযুক্ত প্রসেনজিৎ নিজেই সমস্ত নথিপত্র খতিয়ে দেখে তারপর পোর্টালে আপলোড করতেন। আফগান নাগরিকদের জন্ম ও মৃত্যুর শংসাপত্র আমার কাছে যাচাইয়ের জন্য আনা হয়নি। প্রসেনজিৎ শোকজের জবাবে যা লিখেছেন সেখানে কোথাও আফগান নাগরিকদের বিষয়টি লেখা নেই। তাছাড়া তিনদিনের মধ্যে তাঁকে জবাব দিতে বলা হয়েছিল। সেখানে এক মাস পর জবাব এসেছে।

পুরসভায় পাঠানো প্রসেনজিতের চিঠি কীভাবে সংবাদমাধ্যমের হাতে পৌঁছাল তা নিয়ে রীতিমতো উষ্মা প্রকাশ করেছেন চেয়ারম্যান। এদিন সাংবাদিক বৈঠকে তৃণমূলের কোনও কাউন্সিলারদের দেখা না গেলেও পুরসভার বেশ কিছু কর্মী চেয়ারম্যানের পাশে ছিলেন।

স্বপন এদিন বলেন, 'বিভিন্ন বিভাগের আধিকারিকদের কাছে ডিএসসি দেওয়া থাকে। সেটাকে কেউ বেআইনিভাবে ব্যবহার করলে তার দায় চেয়ারম্যানের নয়। পুরকর্মীদের একাংশের দাবি, প্রসেনজিৎ যে সমস্ত নথি পুরসভায় পাঠিয়েছেন তা যাচাই করে দেখা গিয়েছে, সমস্ত নথিপত্র তিনি নিজেই যাচাই করে ডিজিটাল স্বাক্ষর ব্যবহার করে পোর্টালে আপলোড করেছেন। তিনি কখনোই চেয়ারম্যানের কাছে আফগান নাগরিকদের শংসাপত্র যাচাই করাতে নিয়ে যাননি। নিজের অপরাধ আড়াল করতে প্রসেনজিৎ শোকজের জবাবে চেয়ারম্যানের বিরুদ্ধে ইঙ্গিতপূর্ণ লাইন লিখেছেন।

# এবার রক্ষীদের হুমকি

## মেডিকেলে থ্রেট কালচার চলছেই





**শিবশংকর সূত্রধর**

**কোচবিহার, ১৪ জানুয়ারি :** বহু চেষ্টাই করা হয়েছে। কিন্তু সমস্যা যে-কে-সেই!

হাজার চেষ্টা করেও এমজেএন মেডিকেল কলেজ ও হাসপাতালে 'থ্রেট কালচার' বন্ধ করা যাচ্ছে না। এই হুমকি দেওয়ার প্রবণতার বিষয়টি এতদিন ছাত্রছাত্রীদের মধ্যেই সীমাবদ্ধ ছিল। এবার নিরাপত্তারক্ষীদেরও হুমকি দেওয়া হচ্ছে বলে অভিযোগ উঠেছে। চিকিৎসকদের উত্তরবঙ্গ লবির ছত্রছায়ায় থাকা পড়ুয়াদের দিকেই অভিযোগের তির। মঙ্গলবার মেডিকেলের দ্বিতীয় বর্ষের ডাক্তারি পড়ুয়াদের পরীক্ষা ছিল। এর আগে বারবার নকল ধরা পড়ার ঘটনায় কর্তৃপক্ষ আরও কড়াকড়ি পদক্ষেপ করে। নিরাপত্তারক্ষীদের দিয়ে এদিন প্রত্যেক পড়ুয়াকে তল্লাশি করিয়ে পরীক্ষাকেন্দ্রের ভিতরে ঢুকতে দেওয়া হয়। সেই সময় সব স্বাভাবিক থাকলেও পরীক্ষা শেষ হতেই পরিস্থিতি পালটে যায়। যে দুই নিরাপত্তারক্ষী পরীক্ষার্থীদের 'সার্চ' করেছিলেন, বেশ কয়েকজন পড়ুয়া তাঁদের আটকান। অকথ্য ভাষায় তাঁদের গালিগালাজ ও হুমকি দেওয়া হয় বলে অভিযোগ। যা নিয়ে মেডিকেলের অন্দরে ফের চাঞ্চল্য ছড়ায়।

এমজেএন মেডিকেলের অধ্যক্ষ নির্মলকুমার মণ্ডলের বক্তব্য, 'পরীক্ষা স্বাভাবিকভাবে হলেও শেষে কয়েকজন পড়ুয়া নিরাপত্তারক্ষীদের আটকে ছিল। সেখানে গণ্ডগোল হয়। তবে পুলিশ পরিস্থিতি মিটিয়ে ফেলেছে। যাতে পরবর্তী পরীক্ষায় প্রভাব খাটানো যায় সেজন্যই হয়তো কিছু পড়ুয়া এদিন বিশৃঙ্খলা করেছে। পুরো বিষয়টি ঊর্ধ্বতন কর্তৃপক্ষকে জানিয়েছি।'

এদিন ফার্মাকোলজির পেপার-২'র পরীক্ষা ছিল। গত সপ্তাহে এখানকার পরীক্ষায় বারবার অপ্রীতিকর ঘটনা ঘটেছে। নকল করার অভিযোগে দ্বিতীয় বর্ষের পাঁচজন পড়ুয়ার খাতা বাতিল করা হয়েছিল। পরীক্ষা হলের ভিতরে এসি'র পাইপ থেকে নকল উদ্ধার হয়। পরীক্ষায় কড়াকড়ি হওয়ায় কর্তৃপক্ষের উপর ক্ষোভ প্রকাশ করে একদল পড়ুয়ার বিরুদ্ধে দুটি শৌচালয় ভাঙচুরের অভিযোগ ওঠে। যদিও কর্তৃপক্ষের দাবি, যাই হয়ে যাক না কেন পরীক্ষা স্বচ্ছভাবেই হবে। ফলে আগের তুলনায় নিরাপত্তা অনেকটাই বাড়ানো হয়েছে। আর তাতেই পড়ুয়াদের একাংশ বিশৃঙ্খলা করছেন বলে মনে করা হচ্ছে। এদিন নিরাপত্তারক্ষীদের হেনস্তার ঘটনার বিষয়ে প্রশ্ন করা হলে অধ্যক্ষের প্রতিক্রিয়া, 'ওঁরা নিজেদের ডিউটি করেছেন। পরের পরীক্ষাগুলিতেও প্রতিটি পরীক্ষার্থীকে তল্লাশি করেই পরীক্ষাকেন্দ্রে ঢোকানো হবে। বিশৃঙ্খলা করে কোনও লাভই হবে না।'

**নিন্দা সর্বত্র**
- মঙ্গলবার মেডিকেলের দ্বিতীয় বর্ষের ডাক্তারি পড়ুয়াদের পরীক্ষা ছিল
- প্রত্যেক পড়ুয়াকে তল্লাশি করে পরীক্ষাকেন্দ্রের ভিতরে ঢুকতে দেওয়া হয়
- যে দুই নিরাপত্তারক্ষী তল্লাশি করেছিলেন, পরীক্ষা শেষে কয়েকজন পড়ুয়া তাঁদের আটকান
- অকথ্য ভাষায় তাঁদের গালিগালাজ ও হুমকি দেওয়া হয় বলে অভিযোগ

এদিকে, ডাক্তারি পরীক্ষায় বারবার এধরনের ঘটনা ঘটায় এমজেএন মেডিকেলের পড়ুয়াদের ভূমিকা নিয়েও সাধারণ মানুষের মধ্যে প্রশ্ন উঠছে। এখন যাঁরা পরীক্ষা দিচ্ছেন আগামীতে তাঁরাই চিকিৎসক হয়ে রোগীদের চিকিৎসা করবেন। নকলের মাধ্যমে পরীক্ষায় উত্তীর্ণ হলে সেই চিকিৎসার মান কোথায় গিয়ে দাঁড়াবে বলে অনেকেরই প্রশ্ন।

# ধর্ষণে অভিযুক্ত এসআই গ্রেপ্তার

**সৌরভ দেব**

**জলপাইগুড়ি, ১৪ জানুয়ারি :** ধর্ষণের অভিযোগে গ্রেপ্তার হলেন রাজগঞ্জ থানার সাব-ইনস্পেকটর সুব্রত গুন। মঙ্গলবার অভিযুক্তকে জলপাইগুড়ি আদালতে পেশ করা হয়। আদালত জামিনের আবেদন খারিজ করে দিয়ে সুব্রতকে ১৪ দিনের জেল হেপাজতের নির্দেশ দিয়েছে। সেইসঙ্গে আদালত পুলিশকে মামলার কেস ডায়েরি এবং মহিলার মেডিকেল রিপোর্ট পেশ করতে নির্দেশ দিয়েছে। জলপাইগুড়ির পুলিশ সুপার খান্ডবাহালে উমেশ গণপত বলেন, 'ওঁকে আগেই পুলিশ লাইনে ক্লোজ করা হয়েছিল। ওঁকে গ্রেপ্তার করে আদালতে পেশ করা হয়েছে। তদন্ত চলছে।'

জলপাইগুড়ি জেলা আদালতের সহকারী সরকারি আইনজীবী সৌম্য চক্রবর্তী বলেন, 'সুব্রত গুনের জামিনের আবেদন খারিজ হয়েছে। আদালত ওঁকে ১৪ দিনের জেল হেপাজতের নির্দেশ দিয়েছে। কেস ডায়েরি সহ প্রয়োজনীয় তথ্য পুলিশকে পেশ করতে নির্দেশ দিয়েছে আদালত।' এদিন কোর্ট হাজত থেকে আদালতে নিয়ে যাওয়ার পথে সংবাদমাধ্যমের প্রশ্নের উত্তরে সুব্রত শুধু বলেন, 'আমি নির্দোষ।'

গত শুক্রবার শিলিগুড়ির এক তরুণী রাজগঞ্জ থানার সাব-ইনস্পেকটর সুব্রত গুনের বিরুদ্ধে ধর্ষণের অভিযোগ তোলেন। ওই রাতেই তরুণী শিলিগুড়ি মহিলা থানায় সুব্রতর বিরুদ্ধে ধর্ষণের লিখিত অভিযোগ দায়ের করেন। তরুণী পুলিশকে জানান, কিছুদিন আগে সুব্রত ফোন করে জানিয়েছিলেন, তাঁর নামে থানায় অভিযোগ দায়ের হয়েছে। থানায় যেতে হবে। শুক্রবার সন্ধ্যায় রাজগঞ্জ থানার উলটো দিকে যে বাড়িতে সুব্রত থাকতেন সেখানেই তাঁকে ডেকে নিয়ে যাওয়া হয়। এরপর সুব্রত তাঁকে ধর্ষণ করেন। ভয় দেখান যাতে এই কথা কাউকে তিনি না বলেন। তরুণীর দায়ের করা অভিযোগ শিলিগুড়ি থেকে পাঠিয়ে দেওয়া হয় জলপাইগুড়ি মহিলা থানায়। তরুণীর অভিযোগের ভিত্তিতে জলপাইগুড়ি মহিলা থানা সুব্রতর বিরুদ্ধে ধর্ষণের মামলা দায়ের করে।

এরপর সুব্রতকে গ্রেপ্তার করে তাঁকে এদিন আদালতে পেশ করা হয়। পুলিশ সূত্রে খবর, এদিন সকালেই সুব্রতকে গ্রেপ্তার করা হয়। বেলা সাড়ে দশটা নাগাদ জলপাইগুড়ি মহিলা থানার পুলিশ সুব্রতকে আদালতে নিয়ে আসে। কোর্ট হাজতেই তাঁকে রাখা হয়। বেলা তিনটে নাগাদ সুব্রতকে কোর্ট হাজত থেকে আদালতে নিয়ে যায় পুলিশ। আদালতে যাওয়ার পথে তিনি বলেন, 'আমি নির্দোষ।' এছাড়া তিনি সাংবাদিকদের কোনও প্রশ্নের উত্তর দেননি।

হরি ঘোষের ঘি ®
সঠিক জিনিস বেছে নিন
আর সুস্থ থাকুন!
প্রস্তুতকারক: হরি ঘোষের ঘি ও পনির
বারাসাত, উত্তর ২৪ পরগণা
Distributor Enquiry: +91 8777266413





পড়ন্ত সূর্যের আলোয় ঝলমলে তোর্ষার জল।। কালচিনি ব্লকের রণবাহাদুরবস্তিতে। মঙ্গলবার। ছবিটি তুলেছেন মোস্তাক মোরশেদ হোসেন।

# নিখোঁজ শ্রমিককে নিয়ে চলছে তর্জা

**সুভাষ বর্মন**

**ফালাকাটা, ১৪ জানুয়ারি :** গত ৬ জানুয়ারি থেকে মঙ্গলবার পর্যন্ত ৯ দিনেও খোঁজ মেলেনি ফালাকাটার শ্রমিক সঞ্জীব সরকারের। অসমের উম্রাংসোতের কয়লা খাদান দুর্ঘটনায় এখনও নিখোঁজ সঞ্জীব। ঘটনাস্থলে চরম উদ্বেগে দিন কাটাচ্ছেন সঞ্জীবের বাবা ও শ্বশুর। এদিকে, ফালাকাটার রাইচেঙ্গার বাড়িতে সঞ্জীবের মা ও স্ত্রী সমানে কেঁদে চলেছেন। খাওয়াদাওয়া ছেড়ে দিয়েছেন।

ঘটনার এতদিন পর, মঙ্গলবার ওই শ্রমিকের বাড়িতে যান ফালাকাটার বিজেপি বিধায়ক দীপক বর্মন। তিনি অসমের কর্তৃপক্ষের সঙ্গেও যোগাযোগ করেন। সমবেদনা জানিয়ে পরিবারের পাশে থাকার আশ্বাস দেন। তবে রাজ্যে কর্মসংস্থানের অভাব নিয়ে প্রশ্ন তোলেন। এদিকে, তৃণমূল আবার বিজেপি পরিচালিত অসম রাজ্যের ওই অবৈধ কয়লা খাদানের অস্তিত্ব নিয়ে প্রশ্ন তুলেছে। প্রতিবেশী রাজ্যের এই ঘটনায় ফালাকাটায় তুঙ্গে রাজনৈতিক তর্জা।

এদিন সকালে বিজেপির ফালাকাটা ৩ নম্বর মণ্ডল সভাপতি ভবেশচন্দ্র বালো, দলের ফালাকাটা টাউন মণ্ডল সভাপতি চন্দ্রশেখর সিনহাদের নিয়ে সঞ্জীবের বাড়িতে যান বিধায়ক দীপক বর্মন। বিধায়ককে দেখে ওই বাড়িতে কান্নার আওয়াজ যেন আরও বেড়ে যায়। কেঁদে কেঁদেই সঞ্জীবের মা রূপা সরকার বলেন, 'আমার সঞ্জীবকে ফিরিয়ে দাও। ছেলেটাকে নিয়ে এসো।' তারপর কথা বলার শক্তি হারিয়ে ফেলেন। আর পাশেই পাথর হয়ে বসে ঝরঝর করে কেঁদে চলেছেন সঞ্জীবের স্ত্রী টুম্পা সরকার। চার বছরের পুত্রসন্তান বাড়িতে ঘুরে বেড়াচ্ছে। সেও যেন বাবাকে খুঁজছে। এসব দৃশ্য দেখে কী বলে পরিজনদের সান্ত্বনা দেবেন তা বুঝে উঠতে পারছিলেন না বিধায়ক। তিনি শুধু বলেন, 'অসমে যোগাযোগ করেছি। ওখানে উদ্ধারকাজ চলছে। খোঁজখবর রাখছি।'

ওই বাড়ি থেকে বের হয়ে বিধায়কের বক্তব্য, 'সঞ্জীবের বাড়ির লোক ঘটনাস্থালে রয়েছেন। তাঁদের সঙ্গেও কথা বলেছি। সেখানে তাঁদের কোনও সমস্যা হলে সহযোগিতা করব। এজন্য অসম প্রশাসনের সঙ্গে যোগাযোগ করেছি।' মাঝেমধ্যেই ভিনরাজ্য থেকে বাংলার শ্রমিকদের নিথর দেহ বাড়িতে ফিরে আসে। এজন্য কর্মসংস্থানের অভাবকে দায়ী করে বিধায়ক বলেন, 'বাংলায় কাজ নেই। তাই এখানকার শ্রমিকরা অসম, গুজরাট, কেরলে যাচ্ছেন। এটা অত্যন্ত দুর্ভাগ্যের।'

তবে পালটা তোপ দেগেছে ঘাসফুল শিবিরও। তৃণমূলের ফালাকাটা গ্রামীণ ব্লক সভাপতি সঞ্জয় দাসের কথায়, 'দুর্ঘটনার পরেই আমাদের স্থানীয় নেতা, জনপ্রতিনিধিরা শ্রমিকের বাড়িতে যান। কিন্তু বিধায়ক এতদিন পরে গেলেন। আর বিজেপি পরিচালিত



নিখোঁজ শ্রমিকের বাড়িতে বিধায়ক দীপক বর্মন। মঙ্গলবার রাইচেঙ্গায়।

অসমে অবৈধ কয়লা খাদানেই এই দুর্ঘটনা ঘটে। এজন্য বিজেপি দায়ী।' বাংলার কর্মসংস্থানের অভাব নিয়ে সঞ্জয়ের বক্তব্য, 'একশোদিনের কাজ বন্ধ রেখে কেন্দ্রই তো রাজ্যের প্রতি বঞ্চনা করছে।'

তবে এমন তর্জা নিয়ে ভাবার সময় নেই নিখোঁজ শ্রমিকের পরিবারের। সঞ্জীবের শ্বশুর অনিল সরকার এদিন ফোনে বলেন, 'এখনও পর্যন্ত চারজনের দেহ উদ্ধার করা হয়েছে। কিন্তু জামাইয়ের খোঁজ নেই।' সঞ্জীব জীবিত আছেন নাকি মৃত সেটাও স্পষ্ট হচ্ছে না। তবে বেঁচে থাকার সম্ভাবনা খুবই কম।

> আমার সঞ্জীবকে ফিরিয়ে দাও। ছেলেটাকে নিয়ে এসো।
>
> **–রূপা সরকার**
> *নিখোঁজ শ্রমিকের মা*

## আবাস নিয়ে স্মারকলিপি

**সোনাপুর, ১৪ জানুয়ারি :** আবাস যোজনায় ঘরপ্রাপকদের তালিকা দুর্নীতিমুক্ত করতে মঙ্গলবার আলিপুরদুয়ার-১ বিডিওকে স্মারকলিপি দেওয়া হল বিজেপির জেলা যুব মোর্চার পক্ষ থেকে। এদিন বিডিও অফিসে এই স্মারকলিপি দেওয়া হয়। সেখানে উপস্থিত ছিলেন যুব মোর্চার জেলা সভাপতি রূপন দাস, বিজেপির ৩ নম্বর মণ্ডলের সভাপতি জয়দেব রায় সহ অন্য বিজেপির নেতা এবং পঞ্চায়েত সমিতির সদস্যরা।

এদিন যুব মোর্চার পক্ষ থেকে ব্লকের বিভিন্ন আবাস দুর্নীতি নিয়ে তদন্ত করার দাবি জানানো হয়। প্রকৃতপক্ষে ঘর পাওয়ার উপযুক্ত এমন কাউকেই বঞ্চিত করা যাবে না এবং তালিকায় যাঁদের নাম নেই তাঁদের তালিকায় অন্তর্ভুক্ত করে ঘর পাইয়ে দেওয়ার বন্দোবস্ত করতে হবে বলে দাবি করা হয়েছে। বিজেপি নেতাদের দাবি, যাঁদের বাড়িতে পাকা ঘর এবং চার চাকা গাড়ি আছে, এমন অনেক ব্যক্তি সরকারি নিয়ম ভেঙে এই প্রকল্পে ঘর পাচ্ছেন। তাঁদের ক্ষেত্রে দ্বিতীয় কিস্তির টাকা বন্ধ করতে হবে এবং আইনানুগ ব্যবস্থা নিতে হবে। এছাড়াও শেষ পাঁচ বছরে যাঁরা দ্বিতীয় বার ঘর পাচ্ছেন, তাঁদের চিহ্নিত করতে হবে।

বিজেপির আরও অভিযোগ, অনেক সময়ই একজন উপভোক্তার টাকা আরেকজনের অ্যাকাউন্টে ঢুকে যাচ্ছে। তাঁদের টাকা ফেরত দেওয়ার ব্যবস্থা করতে হবে। এসব দাবি না মানলে আগামীতে বড় আন্দোলনের হুঁশিয়ারিও দেওয়া হয়েছে বিজেপির পক্ষ থেকে।

একসময় আলিপুরদুয়ারে এন্ডি চাষের ব্যাপক প্রচলন ছিল। সময়ের সঙ্গে তাল না মেলাতে পারায় এখন সেই চাষ প্রায় উঠেই যাওয়ার মুখে। চরকায় সুতো তুলে বাজারে পর্যাপ্ত দাম মিলছে না। নেই প্রশিক্ষণ ও সঠিক বিপণন ব্যবস্থা। তবে চাষিদের ভরসা দিচ্ছেন জেলার রেশমশিল্প দপ্তরের আধিকারিকরা।

### দাম মিলছে না ● রেশমশিল্প দপ্তরের কাছে সঠিক বিপণন দাবি

# আগ্রহ কমছে এন্ডি চাষে

**রাজু সাহা**

**শামুকতলা, ১৪ জানুয়ারি :** রেশমগুটির দাম মিলছে না। অনেক চাষি একপ্রকার বাধ্য হয়ে কম দামে রেশমগুটি বিক্রি করছেন। কেজি প্রতি ৮০০ টাকার বেশি দাম পাচ্ছেন না চাষিরা। এর ফলে আলিপুরদুয়ারের অনেক চাষি এন্ডি চাষে আগ্রহ হারিয়ে ফেলেছেন। রেশমশিল্প দপ্তরের কাছে সঠিক বিপণন ব্যবস্থা করার দাবি তুলেছেন চাষিরা। চাষিদের দাবি, এই চাষকে এগিয়ে যেতে হলে এলাকায় এন্ডি সুতো এবং কাপড় তৈরি করার জন্য উন্নত প্রযুক্তির মেশিন বসানো জরুরি। পাশাপাশি চাষিরা নিজেরাই যাতে সুতো তৈরি করতে পারেন, কাপড় বানাতে পারেন তা নিয়ে তাঁদের প্রশিক্ষণ দেওয়া প্রয়োজন।

মমতা হাজারী, সুমিতা বসুমতার মতো চাষিরা বলছেন, 'আমাদের পূর্বপুরুষরা এন্ডি চাষের সঙ্গে যুক্ত ছিলেন। আমরাও বাপ-দাদার সেই পেশা ধরে রাখতে এই চাষ শুরু করি। এই চাষে প্রচণ্ড পরিশ্রম হয়। কিন্তু যখন রেশমগুটি বিক্রি করতে যাই তখন সঠিক দাম পাই না। ক্রেতারও অভাব রয়েছে। হাতেগোনা কয়েকজন ক্রেতা রয়েছেন। তাঁরা যে দাম আমাদের দিচ্ছেন, সেই দামেই আমাদের বিক্রি করতে হচ্ছে। আমরা নিজেরাই সুতো তৈরি করে কাপড় বুনতে চাই। প্রশাসনের তরফে সেই ব্যবস্থা করে দেওয়ার দাবি করছি।'

এবিষয়ে রেশমশিল্প দপ্তরের উত্তর অঞ্চলের যুগ্ম অধিকর্তা ডঃ অরূপকৃষ্ণ ঠাকুরের বক্তব্য, 'এই সমস্যা সমাধানে আমরা চাষিদের সঙ্গে আলোচনা করেছি। বিষয়টি নিয়ে ঊর্ধ্বতন কর্তৃপক্ষের সঙ্গেও যোগাযোগ চলছে।'

আলিপুরদুয়ারে একসময় ব্যাপকভাবে এন্ডি পোকা চাষ হত। আলিপুরদুয়ার-২ ব্লকের তালেশ্বরগুড়ি সহ জেলার বিভিন্ন জায়গায় রেশমশিল্প দপ্তরের অফিস এবং ফার্ম তৈরি করা হয়েছিল। কিন্তু রেশমশিল্প দপ্তরে কর্মীসংকট সহ ভিন্ন কারণে জেলায় এই চাষ আর তেমনভাবে এগোয়নি। চাষিদেরও এই চাষে আগ্রহ কমছে ক্রমশ। এন্ডিচাষিরা জানিয়েছেন, এন্ডি খোলস বা রেশম সুতো এবং পিউপা বিপণনের তেমন বাজার নেই। সুতো তৈরির তেমন উন্নত ব্যবস্থা নেই। এখনও চরকায় কিছু কিছু এলাকায় সুতো তৈরি করা হয়। সেটা খুবই পরিশ্রমের এবং সময় সাপেক্ষ। এর ফলে সুতো তৈরির পর তা দিয়ে কাপড় তৈরি করলে দাম পড়ে যায় অনেক। তাই আধুনিক প্রযুক্তি সহকারে সুতো তৈরি এবং কাপড় তৈরি কারখানা এখানে গড়ে না উঠলে এই চাষ একদিন উঠে যেতে পারে বলে বিভিন্ন মহল থেকে জানা গিয়েছে। তবে সম্প্রতি রেশমশিল্প দপ্তরের উত্তরাঞ্চলের যুগ্ম অধিকর্তা এবং উপ অধিকর্তা দেবাশিস দত্ত আলিপুরদুয়ার-২ ব্লকের তালেশ্বরগুড়ির এন্ডি ফার্মে চাষিদের নিয়ে একটি কর্মশালা এবং আলোচনা করেন। সেখানে এই শিল্পকে এগিয়ে নেওয়ার জন্য বেশ কিছু উদ্যোগের কথা জানান তাঁরা। কিন্তু সেই উদ্যোগ কতটা বাস্তবায়ন হবে এই নিয়েও চাষিদের মধ্যে প্রশ্ন রয়েছে।

এই এলাকার আদিবাসীদের আর্থিক বিকাশের জন্য কাজ করেন সমাজকর্মী সদানন্দ চক্রবর্তী। তিনি জানান, এই চাষকে এগিয়ে নিতে সঠিক পরিকল্পনা চাই। দীর্ঘদিন ধরে এই এলাকার আদিবাসীদের আর্থসামাজিক বিকাশের জন্য কাজ করছি। তাই এ ব্যাপারে যদি রেশমশিল্প দপ্তর আমাদের পরামর্শ চান সে ব্যাপারে আমরা সাহায্য করতে প্রস্তুত।



আলিপুরদুয়ার-২ ব্লকের তালেশ্বরগুড়িতে এন্ডি চাষ। মঙ্গলবার। –সংবাদচিত্র

**সমস্যা যেখানে**

- আলিপুরদুয়ারে এক সময় ব্যাপক এন্ডি পোকা চাষ হত
- তালেশ্বরগুড়ি সহ জেলার বিভিন্ন জায়গায় রেশমশিল্প দপ্তরের অফিস এবং ফার্ম তৈরি হয়
- রেশমশিল্প দপ্তরে কর্মীসংকট সহ বিভিন্ন কারণে আলিপুরদুয়ারে এই চাষ তেমনভাবে এগোয়নি
- পরিশ্রমের পর্যাপ্ত মূল্য না পেয়ে অনেক চাষি এন্ডি চাষে আগ্রহ হারাচ্ছেন

**টুকরো খবর**

## বিকল ট্রাক

**ফালাকাটা, ১৪ জানুয়ারি :** ফালাকাটা-সলসলাবাড়ি নির্মীয়মাণ মহাসড়কে ফের বিকল হল পণ্যবাহী ট্রাক। মঙ্গলবার সকালে ফালাকাটার রাইচেঙ্গায় রাস্তার ধারে একটি ট্রাকের যন্ত্রাংশ বিকল হয়। দীর্ঘ সময় গাড়িটি রাস্তার পাশে দাঁড়িয়ে থাকায় যান চলাচলেও কিছুটা অসুবিধা হয়। তবে পরে বাইরে থেকে গ্যারাজকর্মীদের নিয়ে এসে ট্রাকটিকে ঠিক করা হয়। এখন মহাসড়কের কাজ চলছে। তবে যাতায়াতের পুরোনো রাস্তাটি এখনও ভাঙাচোরা। তাই ট্রাকের যন্ত্রাংশ এদিন খারাপ হয় বলে পরিবহণকর্মীরা জানিয়েছেন।

## আলোচনা

**ফালাকাটা, ১৪ জানুয়ারি :** বিজেপির বুথ, মণ্ডল ও জেলা কমিটি নতুন করে গঠিত হবে। এজন্য বুথ স্তরে আলোচনা চলছে। মঙ্গলবার ফালাকাটা-২ গ্রাম পঞ্চায়েতের কাদম্বিনী চা বাগান এলাকায় বুথ কমিটি নিয়ে কর্মীদের সঙ্গে আলোচনা করেন বিজেপির ফালাকাটা-৩ নম্বর মণ্ডল সভাপতি ভবেশচন্দ্র বালো। তিনি জানান, এখন প্রতিটি বুথেই নতুন কমিটি গঠন নিয়ে প্রস্তুতি চলছে। এদিন কাদম্বিনী চা বাগানে তা নিয়েই আলোচনা করা হয়েছে।

## শিবির

**কালচিনি, ১৪ জানুয়ারি :** এসএসবি ৫৩ ব্যাটালিয়নের উদ্যোগে মঙ্গলবার কালচিনি ব্লকের মেচপাড়া ও আচ্ছাপাড়া চা বাগানে নিঃশুল্ক স্বাস্থ্য পরীক্ষা ও গৃহপালিত প্রাণীর স্বাস্থ্য পরীক্ষা শিবির অনুষ্ঠিত হয়। শিবিরে প্রায় ২৭৪ জন মানুষ ও প্রায় ৩৫০টি গৃহপালিত প্রাণীর স্বাস্থ্য পরীক্ষা করা হয়। এছাড়াও বেটি বাঁচাও বেটি পড়াও, ড্রাগস ফ্রি ইন্ডিয়া সহ একাধিক সচেতনতামূলক অনুষ্ঠানের আয়োজন করা হয় বলে এসএসবি সূত্রে জানা গিয়েছে।



দুর্ঘটনাগ্রস্ত গাড়ি। মঙ্গলবার।

## নিয়ন্ত্রণ হারিয়ে ভুট্টাখেতে গাড়ি

**বারবিশা, ১৪ জানুয়ারি :** রাধানগর-ডাঙ্গাপাড়া রুটে গ্রামের সরু পথ ধরে মঙ্গলবার ছুটে যাচ্ছিল একটি কালো গাড়ি। ডাঙ্গাপাড়া এলাকায় চালক আচমকা নিয়ন্ত্রণ হারালেন। চোখের পলকে হাওয়ায় বেশ কয়েকবার উলটে পড়ল গাড়িটি। তারপর রাস্তা থেকে প্রায় ৭০ মিটার দূরে গিয়ে পড়ল একেবারে ভুট্টাখেতে। গাড়ির সমস্ত কাচ ভেঙে চুরমার। বডির একাধিক অংশ দুমড়ে গিয়েছে। গাড়ির মধ্যে থাকা ৪ তরুণই জখম। অবশ্য তাঁদের আঘাত গুরুতর নয়।

গ্রামবাসী তড়িঘড়ি উদ্ধারকাজে হাত লাগান। স্থানীয়দের অভিযোগ, ওই সকল তরুণ নেশায় বুঁদ হয়ে ছিলেন। এভাবে কেন গাড়ি চালাচ্ছিল তা নিয়ে ওই তরুণের দল কিছুই বলেনি। ভুট্টাখেতের মালিকের হাতে ক্ষতিপূরণের টাকা গুঁজে দিয়ে কোনওরকমে দুর্ঘটনাস্থল থেকে পালানোর চেষ্টা করেন তাঁরা। স্থানীয়রা জানালেন, চার তরুণ পুলিশে খবর না দেওয়ার অনুরোধ করেন। তাঁরা গাড়িটিকে গ্যারাজে নিয়ে যাওয়ার জন্য একটি ট্র্যাক্টরের ব্যবস্থা করে দিতে বলেন। গ্রামবাসী তাঁদের অন্যায় আবদার মেনে ট্র্যাক্টরের ব্যবস্থা করে দেন। দুর্ঘটনার খবরে এক ছেলের বাবা ঘটনাস্থলে আসেন। ছেলে সহ তাঁর তিন বন্ধুকে সেখান থেকে সরিয়ে দেন। পুলিশের কাছে দুর্ঘটনার খবর পৌঁছানোর আগেই গাড়ি নিয়ে দ্রুত এলাকা ছাড়েন ওই তরুণের বাবা।

স্থানীয় বাসিন্দা গোপাল দাস বললেন, 'কমবয়সি ওই ছেলেগুলি কপালজোরে প্রাণে বেঁচে গিয়েছে। সেই সময় ওই খেতে কেউ ছিল না, তাই রেহাই। এমন মদ্যপ গাড়িচালকদের লাইসেন্স অবিলম্বে কেড়ে নেওয়া উচিত।'


# ভুটানের খাদে মৃত্যু দেওগাঁওয়ের বাসিন্দার

**রাঙ্গালিবাজনা, ১৪ জানুয়ারি :** ভুটান থেকে বাড়ি ফেরার সময় সোমবার পথ দুর্ঘটনায় মৃত্যু হল ফালাকাটা ব্লকের এক ঠিকাদারের। তাঁর নাম রফিকুল ইসলাম (৫১)। তিনি দেওগাঁওয়ের বাসিন্দা। ভুটানের ধুমজায় সোমবার সন্ধ্যাবেলায় পাহাড়ের গভীর খাদে পড়ে একটি ছোট গাড়ি। সেখানেই রফিকুল ইসলাম সহ মোট ৪ জনের মৃত্যু হয়। বাকি তিনজন ভুটানের নাগরিক। মঙ্গলবার ভুটান পুলিশ রফিকুলের দেহ উদ্ধার করে পরিবারের হাতে তুলে দেয়। এদিন সন্ধ্যায় তাঁর দেহ পৌঁছায় বাড়িতে। ঘটনার শোকস্তব্ধ দেওগাঁও। মৃতের স্ত্রী কাজি রুবাইয়া সিদ্দিকী বারবার জ্ঞান হারাচ্ছেন।

রফিকুল দীর্ঘদিন ধরেই ভুটানের ওয়াংডিতে ছিলেন। সঙ্গে ছিলেন তাঁর দুই ভাই মহম্মদ রাকিব ও মহম্মদ রাশি। প্রচণ্ড ঠান্ডায় ভুটানে কাজ বন্ধ থাকায় সোমবার তিনজনই বাড়ির উদ্দেশে রওনা দেন। দুই ভাইকে অন্য একটি গাড়িতে উঠিয়ে দেন রফিকুল। তারপর তিনি নিজে অপর একটি গাড়িতে চেপে বাড়ির উদ্দেশে রওনা দেন। কিন্তু তাঁর আর বাড়ি ফেরা হল না। দুর্ঘটনার দিন বিকেলে পরিবারের লোকজনের সঙ্গে মোবাইলে শেষ কথা হয়। সন্ধ্যায় রফিকুলের মোবাইল রিং হলেও তিনি ফোন ধরেননি। ভুটান পুলিশে যোগাযোগ করা হলে মোবাইল ফোনের লোকেশন ট্র্যাক করা হয়। পরে দেখা যায়, গাড়িটি খাদে পড়ে রয়েছে। সেটিকে দ্রুত উদ্ধারের প্রক্রিয়া শুরু হয়। উদ্ধারকাজ শেষে রফিকুলের দেহ চিহ্নিত হয়।

মৃত ঠিকাদারের তিন মেয়ে। এদিন শোকার্ত পরিবারের সঙ্গে দেখা করেন দেওগাঁওয়ের পঞ্চায়েত প্রধান শেরিনা খাতুন। তিনি পরিবারের সদস্যদের প্রতি সমবেদনা জানিয়েছেন।

**দুর্ঘটনায় মৃত আরও ৩**



**ছোট্ট তারা**

পারপাতলাখাওয়া গ্রামের লিজা সরকার ফালাকাটা গার্লস হাইস্কুলের অষ্টম শ্রেণিতে পড়ে। সে নাচ, অঙ্কন প্রতিযোগিতায় একাধিক পুরস্কার পেয়েছে। পাশাপাশি স্কুল স্তরে নাটকে অভিনয় করেও প্রশংসা কুড়িয়েছে।

## মধুপুরে আসছেন হেমন্ত বিশ্বশর্মা

**মধুপুর, ১৪ জানুয়ারি :** চলতি মাসেই কোচবিহার সফরে আসছেন অসমের মুখ্যমন্ত্রী হেমন্ত বিশ্বশর্মা। মধুপুরে শ্রীশ্রী শংকরদেব বৈকুণ্ঠ প্রয়াণধামে এক অনুষ্ঠানে যোগ দেবেন তিনি। তাঁর সঙ্গে উপস্থিত থাকবেন ধুবড়ি জেলা প্রশাসনের কর্তারা। মঙ্গলবার মধুপুরধাম মন্দিরের ভারপ্রাপ্ত পূজারি পীতাম্বর রায়ভকত বলেন, 'দীর্ঘদিন মন্দিরের সত্রাধিকার (প্রধান পুরোহিত) পদ ফাঁকা। ২৯ জানুয়ারি মন্দিরের সত্রাধিকারের দায়িত্বভার আমাকে দেওয়া হবে। ধুবড়ি জেলা প্রশাসন আমাদের জানিয়েছে, সেই অনুষ্ঠানে যোগ দিতেই মুখ্যমন্ত্রী এখানে আসবেন।'

মধুপুরধাম অসম সরকারের পর্যটন বিভাগের তত্ত্বাবধানে চলে।

# রাস্তা সংস্কার নিয়ে আঁধারে নেতারা

**মোস্তাক মোরশেদ হোসেন**

**রাঙ্গালিবাজনা, ১৪ জানুয়ারি :** একটু বৃষ্টি হলেই বেহাল হয়ে পড়ছে রাঙ্গালিবাজনা-ফালাকাটা রোড। বর্ষাকাল নয়, হেমন্ত বা শীতকালের সামান্য বৃষ্টিতেও সেই রাস্তা দিয়ে চলাচল করা দায়। ১৪ কিমি রাস্তাটির ১২ কিমি পিচ ও দু'কিমি কংক্রিটের ঢালাই দিয়ে পুনর্নির্মাণের জন্য প্রধানমন্ত্রী গ্রাম সড়ক যোজনায় ২০১৭ সালে ৬ কোটি ৩৬ লক্ষ টাকা বরাদ্দ হয়েছিল। ২০১৯ সালে কাজ শেষ হয়। রাস্তা রক্ষণাবেক্ষণে বরাদ্দ হয়েছিল ৫২ লক্ষেরও বেশি টাকা। এবছরের ২৩ অগাস্ট তারও মেয়াদ ফুরিয়েছে। ফের কবে ওই রাস্তা মেরামত হবে তা নিয়ে এখন অন্ধকারে স্থানীয় জনপ্রতিনিধিরাও।

ওই রাস্তা দিয়ে দৈনিক রাঙ্গালিবাজনা চৌপথি থেকে ফালাকাটা পর্যন্ত বেশকিছু ম্যাক্সিক্যাব ছাড়াও প্রচুর ট্রাক, ছোট গাড়ি, টোটো চলে। গত পাঁচ বছর ধরে দেখভালের দায়িত্বপ্রাপ্ত সংস্থাটি প্রায়ই জোড়াতাপ্পি দিয়ে মেরামত করত। তবে ২৪ অগাস্ট থেকে ওই সংস্থার দেখভালের দায়িত্ব ফুরিয়েছে। ভারী ট্রাক চলাচলের জেরে ছোট ছোট গর্তগুলি ক্রমাগত বড় হচ্ছে। স্থনীয়রা বলছেন, বৃষ্টির পর গর্তগুলি জলে ভরে যায়। এক টোটোচালক মহম্মদ আছিমুদ্দিনের কথায়, 'ওই পথে টোটো চালাতে নিত্য সমস্যা বাড়ছে। মাঝেমধ্যেই গাড়ি বিগড়ে যাচ্ছে।' আরেক টোটোচালক রাজিবুল ইসলাম বলেন, 'দেওগাঁওয়ের চেয়েও খয়েরবাড়িতে রাস্তা আরও বেশি বেহাল। কিন্তু মেরামতের কোনও প্রশাসনিক উদ্যোগ নেই।'



বেহাল রাঙ্গালিবাজনা-পাঁচমাইল রোড।

বেহাল রাস্তায় দুর্ঘটনাও ঘটছে। ১৫ অক্টোবর দেওগাঁওয়ের কার্জিপাড়ায় টোটো উলটে আহত হন কাজিপাড়ার বাসিন্দা বৃদ্ধা কাজি মাসুমা খানম। জেলা পরিষদের স্থানীয় সদস্য দীপনারায়ণ সিনহা বলেন, 'এখনই কোনও ব্যবস্থা সম্ভব হচ্ছে না। জেলা পরিষদের অর্থবরাদ্দের নির্দিষ্ট সীমা থাকে। তাই, এনিয়ে উত্তরবঙ্গ উন্নয়ন দপ্তরের দ্বারস্থ হব।'

মাদারিহাট-বীরপাড়া ব্লকের খয়েরবাড়ি, ইসলামাবাদ, ছেকামারি, রাঙ্গালিবাজনা, ফালাকাটার দেওগাঁওয়ের লক্ষাধিক মানুষের ভরসা ওই রাস্তাটি। ২০১৭ সালে পুনর্নির্মাণে টাকা বরাদ্দ হয়। পুনর্নির্মাণের সময় কাজ ও নির্মাণসামগ্রীর মান নিয়ে বহুবার প্রশ্ন উঠেছিল। দেওগাঁওয়ে ক্ষুব্ধ বাসিন্দারা একাধিকবার রাস্তা তৈরি বন্ধ করেছিলেন। আখেরে কোনও লাভ হয়নি। জনপ্রতিনিধি ও সরকারি কর্মীদের 'মধ্যস্থতায়' ফের কাজ হয়েছে। কাজ শেষের কয়েকদিন পরই পিচ উঠতে শুরু করে। এরপর বছর পাঁচেক রাস্তাট তাপ্পি দিয়েই চলছে।

# লাঠি হাতে বুড়িমা-ই বংশীধরপুরের বনদুর্গা

**সুভাষ বর্মন**

**ফালাকাটা, ১৪ জানুয়ারি :** দেবীর ইচ্ছাতেই মনস্কামনা পূরণ হয়েছে। তাই বংশীধরপুরের মেয়ে কল্পনা দাস ও তাঁর স্বামী সুজিত দাস দান করলেন বুড়ি মা ও জোড়া হাতি সহ শিবের প্রতিমা। এবছর মকর সংক্রান্তির দিনে এভাবেই শুরু হল ফালাকাটার বংশীধরপুরের বুড়িমার পুজো। বুড়িমা-ই আসলে তাঁদের বনদুর্গা। বহু যুগ আগে বাংলাদেশ সূত্রে এই এলাকায় দেবীর পুজোর প্রচলন শুরু হয়েছিল। পাশেই জলদাপাড়ার বিস্তীর্ণ বনাঞ্চল। মঙ্গলবার পৌষ-পার্বণের দিনে পুজোয় শামিল হলেন হাজার হাজার মানুষ।

দেবীর পরনে সাদা শাড়ি। মাথায় পাকা চুল। বাহন হাতের লাঠি। বাংলাদেশে এই পুজোর প্রচলন হলেও গত প্রায় পাঁচ দশক ধরে বংশীধরপুরকে রক্ষা করছেন বুড়িমা। জঙ্গলে ঘেরা এলাকায় বুনোদের আক্রমণ থেকে বাঁচতে দেবীর শরণাপন্ন হন গ্রামবাসীরা। প্রায় ৫০ বছর আগে স্থানীয় শিবনাথ ভৌমিক স্বপ্নাদেশ পেয়ে এলাকায় বুড়িমার পুজো শুরু করেছিলেন। স্থানীয়দের কথায়, অধুনা বাংলাদেশ থেকে আসা বংশীধরপুরের বাসিন্দাদের একাংশ নাকি সেদেশেও দেবীর পুজো করতেন। এখন প্রতিবছর মকর সংক্রান্তির দিনে ওই এলাকায় ধুমধাম করে পুজো চলে।

সারা বছর গাছতলায় থাকে বুড়িমা ও মহাকাল বাবার প্রতিমা।

> জলদাপাড়ার অরণ্য থেকে আগে দিনেই হাতির দল এলাকায় হানা দিত। তাই বুড়িমার সঙ্গে জোড়া হাতির মূর্তি ও শিবপুজোরও প্রচলন শুরু হয়েছিল। তাই বুড়িমা-ই আমাদের রক্ষা করেন।
>
> **পরাণ সরকার**
> *পুজো কমিটির প্রতিনিধি*

এদিন সকাল থেকে স্থানীয় পুরোহিত শেখর আচার্য পুজো শুরু করেন। মহাকালবাবার পুজোর পর বিকেল পর্যন্ত চলে বুড়িমায়ের পুজো। মূল দায়িত্বে থাকেন এলাকার প্রবীণরা। মণীন্দ্র সরকার, বীরেন্দ্র সরকার, গোবিন্দ বৈদ্যের মতো বয়স্করা এদিন উপোস করে পুজোর কাজকর্ম করেন। বট, পাকুড় ও বেল গাছের তলাতে পুজো হয়। সম্প্রতি বংশীধরপুরে বুনো হাতির হামলায় জমির ফসল নষ্ট হয়েছে। তাই এদিন বুড়িমা ও মহাকালবাবার কাছে এলাকাকে রক্ষার প্রার্থনা করেন বাসিন্দারা।

স্থানীয়রা জানান, শুভ দিন বলেই পৌষ সংক্রান্তিতে এলাকায় পুজো হয়ে আসছে। যদিও এর সঙ্গে বাঙালির পিঠেপুলি উৎসবের কোনও সম্পর্ক নেই। পুজো কমিটির প্রতিনিধি স্থানীয় বাসিন্দা পরান সরকার বলেন, 'পাশের জলদাপাড়ার অরণ্য থেকে আগে দিনেই হাতির দল এলাকায় হানা দিত। তাই বুড়িমায়ের সঙ্গে জোড়া হাতির মূর্তি ও শিবপুজোরও প্রচলন শুরু হয়েছিল। তাই বুড়িমা-ই আমাদের রক্ষা করেন।' একই মত গোপাল সরকারেরও। তিনি বলেন, 'বুড়িমা-ই আমাদের কাছে বনদুর্গা। হাতির হানা তো লেগেই থাকে। দেবীর কাছে ক্ষয়ক্ষতি কম হওয়ার প্রার্থনাই করা হয়।'

এলাকার প্রায় হাজার পাঁচেক বাসিন্দা এই পুজোর সঙ্গে যুক্ত। দেবীর কাছে বলা নিজের ইচ্ছে পূরণ হলে পায়রা বা ছাগল বুড়িমায়ের নামে উৎসর্গ করে ছেড়ে দেওয়া হয়। এ পুজোয় বলিপ্রথা নেই। এলাকাবাসীর যে কারও বাড়িতে বিয়ে, অন্নপ্রাশনের মতো শুভ অনুষ্ঠান হলে প্রথমে বুড়িমার পুজো করেন তাঁরা। এই পুজোকে কেন্দ্র করে এলাকায় বসে বুড়ির মেলা। এখন বন্ধ হলেও আগে দৌড়, লম্ফন সহ ষাঁড়ের লড়াইয়ের ছিল মেলার মূল আকর্ষণ। পুজো ও মেলা দেখতে অনেক মানুষের সমাগম হয়। কোচবিহারের কুশিয়ারবাড়ি থেকে মেলায় খেলনার দোকান নিয়ে আসা কৃষ্ণ বর্মন বলেন, 'প্রতি বছর এই একদিনের মেলায় আসি। ভালোই বিক্রি হয়।'



বুড়িমা ও মহাকালবাবার পুজো। মঙ্গলবার বংশীধরপুরে।

# জনপ্রিয়তায় ভাটা পড়েনি মনোজের

**২০১৭ সালে আরএসপি ছেড়ে বিজেপিতে যোগ দেন মনোজকুমার ওরাওঁ। বর্তমানে তিনি কুমারগ্রামের বিধায়ক। দল বদলের তকমা গায়ে নিয়েও এই শিক্ষক নেতার জনপ্রিয়তায় এতটুকু ভাটা পড়েনি। তাঁর রাজনৈতিক ইতিহাস সহ উন্নয়নমূলক নানা কাজের সংক্ষিপ্ত বিবরণ তুলে ধরলেন আমাদের প্রতিনিধি নৃসিংহপ্রসাদ গঙ্গোপাধ্যায়**

দলবদলু নেতা

**বারবিশা, ১৪ জানুয়ারি :** কালচিনির প্রাক্তন বিধায়ক এবং আলিপুরদুয়ারের প্রাক্তন সাংসদ মনোহর তিরকির সান্নিধ্যে ছাত্রাবস্থায় বামপন্থী রাজনীতিতে হাতেখড়ি মনোজের। আরএসপি'র যুব সংগঠনের দায়িত্ব সামলেছেন। রাজ্যজুড়ে ঘাসফুলের বাড়বাড়ন্তেও আরএসপি'র টিকিটে কুমারগ্রাম বিধানসভা আসনে উপনির্বাচনে জয়ী হয়ে ২১ মাসের জন্য বিধায়ক হন। জয়-পরাজয়ের মুখ দেখেছেন। ২০১৪ সালের উপনির্বাচনে জয়ের মুখ দেখলেও ২০১৬ সালে আরএসপি'র টিকিটে বিধানসভা নির্বাচনে লড়ে পরাজিত হন। ২০১৭ সালে আরএসপি ছেড়ে বিজেপিতে যোগ দেন। টানা চার বছর বিভিন্ন পদে সাংগঠনিক দায়িত্ব সামলে ২০২১ সালে বিধানসভা নির্বাচনে পদ্মফুল চিহ্নে লড়ার সুযোগ পান। ১১ হাজার ভোটে জয়ী হন।

আরএসপি বিধায়ক থাকাকালীন দলের যুব সংগঠন আরওয়াইএফ-এর আলিপুরদুয়ার জেলা সভাপতির পদ সামলেছেন। উপনির্বাচনে জিতে নিজের বিধানসভা ক্ষেত্রের বিভিন্ন এলাকার উন্নয়নে বিধায়ক তহবিলের প্রায় ১ কোটি ২০ লাখ টাকা বরাদ্দ করেছেন। কামাখ্যাগুড়ি ও বারবিশা চৌপথিতে হাইমাস্ট, মহাকালগুড়ি গ্রাম পঞ্চায়েতে শ্মশানঘাটের পরিকাঠামো উন্নয়ন, প্রত্যন্ত ও দুর্গম শিলটং বনবস্তি ও কামাখ্যাগুড়ি-১ গ্রাম পঞ্চায়েতে সিসি রোড নির্মাণ, ভল্কা বারবিশা-২ গ্রাম পঞ্চায়েতের পূর্ব শালবাড়ি জুনিয়ার হাইস্কুলের প্রাচীর নির্মাণ, কামাখ্যাগুড়িতে পরিস্রুত পানীয় জলের এটিএম সহ বিধানসভা এলাকার বিভিন্ন গ্রাম পঞ্চায়েতেই কমবেশি উন্নয়নমূলক কাজ করেছেন মনোজ।

২০২১ সালে জিতে পাঁচ বছরের জন্য বিধায়ক হয়েছেন।


*বিধায়ক মনোজকুমার ওরাওঁ।*

শপথ গ্রহণের পর প্রায় সাড়ে তিন বছরে এলাকার উন্নয়নে বিধানসভায় গঠনমূলক বিরোধিতা করেছেন। ইতিমধ্যে ১ কোটি ৮৪ লক্ষ ৯৪ হাজার ২৪ টাকা উন্নয়নের কাজে খরচ করেছেন। বিধায়ক তহবিলের ৩৪ লক্ষ ৯১ হাজার টাকায় উন্নয়নমূলক কাজ চলছে। সোলার লাইট, হাসপাতাল গেট, হাইমাস্ট সোলার লাইট, বিদ্যালয়ের শ্রেণিকক্ষ নির্মাণ, কালভার্ট সহ বিভিন্ন পরিকাঠামো নির্মাণে উপকৃত হয়েছেন বাসিন্দারা। এছাড়া এলাকার নানা সমস্যা নিয়ে দুশোর বেশি প্রশ্ন উত্থাপন করেছেন। শুধু তাই নয়, গুরুত্বপূর্ণ বিভিন্ন বিষয়ে বিধানসভার অধিবেশনে 'কলিং অ্যাটেনশন' এবং 'মেনশন' দিয়েছেন।

**আস্থা জাগিয়েছেন**

- ইতিমধ্যে ১ কোটি ৮৪ লক্ষ ৯৪ হাজার ২৪ টাকা উন্নয়নের কাজে খরচ করেছেন
- বিধায়ক তহবিলের ৩৪ লক্ষ ৯১ হাজার টাকায় উন্নয়নমূলক কাজ চলছে
- জনসংযোগে খামতি নেই মনোজের
- জনস্বার্থ রক্ষায় বিধানসভার অধিবেশনেও সরব তিনি
- যে কারণে সাধারণ মানুষের আশাভরসার মুখ হয়ে উঠছেন এই দলবদলু নেতা

এসবের পাশাপাশি জনসংযোগেও খামতি নেই মনোজের। ডাক পেলেই দলীয় কর্মী থেকে শুরু করে বাসিন্দাদের কাছে ছুটে যাচ্ছেন। সে দুর্গম এলাকাই হোক বা প্রত্যন্ত গ্রামগঞ্জ। মনোজের পাশের পাড়ার এক ব্যক্তি বলেন, 'ওঁকে দীর্ঘদিন দিন ধরেই দেখছি। ওঁকে ভিআইপি বলে মনেই হয় না। প্রচণ্ড মিশুকে। সবাইকেই সময় দেন। এলাকার সার্বিক উন্নয়নে মনোজের মতোই স্বচ্ছ ভাবমূর্তির লোক দরকার।'

বিষয়টি নিয়ে মনোজের বক্তব্য, 'বর্তমানে বাম দলগুলির যা পরিস্থিতি, তাতে তৃণমূলেরই সুবিধে হচ্ছে। নানা দুর্নীতিতে ডুবে থাকা তৃণমূলকে ক্ষমতাচ্যুত করতে হলে সবাইকে একত্রিত হতে হবে। সেক্ষেত্রে বিজেপি শ্রেষ্ঠ বিকল্প। এই ভাবনা থেকেই আমার দল বদল। বিজেপিতে আরও আগে আসতে পারলে মানুষের জন্য আরও কিছু করতে পারতাম।'

# পাড়বাঁধের দাবি বঞ্চুকামারিতে

**পল্লব ঘোষ**

**আলিপুরদুয়ার, ১৪ জানুয়ারি :** গরম নদীর ভাঙনের জেরে প্রায় ৬০ বিঘা জমি নদীগর্ভে চলে গিয়েছে। এখনই এই অবস্থা, বর্ষার সময় এলে জমির অস্তিত্বটুকু থাকবে কি না, তা নিয়ে চিন্তায় ঘুম উড়েছে বঞ্চুকামারিবাসীর।

আলিপুরদুয়ার-১ ব্লকের অন্তর্গত বঞ্চুকামারি গ্রাম পঞ্চায়েতের ১২/১১৬ নম্বর বুথে ভাঙন যেন রাতের ঘুম কেড়ে নিয়েছে। নদীর পাড়বাঁধের ব্যবস্থা না করা হলে বাড়ি এবং চাষাবাদের জমি সবই নদীগর্ভে চলে যাওয়ার আতঙ্ক দেখা দিয়েছে। মঙ্গলবার সেই এলাকায় গিয়ে দেখা যায় নদীর পাড় ভেঙে বিপজ্জনক অবস্থা। সেখানেই বাড়ি মঙ্গল ওরাওঁয়ের। এটা আবার সরকার থেকে পাওয়া ঘর। একমাত্র সম্বল সেই বাড়ির মাত্র দশ থেকে পনেরো ফুট দূরেই নদী। মঙ্গল বলেন, 'সামনের বর্ষাতেই হয়তো সব হারাতে হবে।' এসব ভেবে আর চোখের জল আটকাতে পারলেন না তিনি। ছলছল চোখে বললেন, 'বর্ষার দিনগুলিতে আতঙ্কে দিন কাটে আমাদের। বর্ষা এলেই গৃহবন্দি হই আমরা। একটু জল নামলে সপ্তাহখানেকের জন্য বাজার করে নিয়ে আসতে হয়। জলে প্রচুর ফসল নষ্ট হয়ে যাওয়ার কারণে আর চাষাবাদের প্রশ্নই ওঠে না। দ্রুত নদীর পাড়বাঁধ দেওয়ার ব্যবস্থা না হলে আগামী বর্ষায় জানি না কী করব।'

সেই এলাকারই আরেক বাসিন্দা লোচন কুজুরের কথায়, 'ইতিমধ্যে ৬০ থেকে ৭০ বিঘা জমি নদীগর্ভে চলে গিয়েছে। নতুন করে সব শুরু করতে হবে। কিন্তু তার আগে পাড়বাঁধ না দিলেও সবকিছু হারাতে হবে আমাদের। বর্ষার সময় আমাদের করার আর কিছু থাকে না।'

তাঁর অভিযোগ, 'নদীর বাঁধ দেওয়ার জন্য সংশ্লিষ্ট বিভিন্ন দপ্তরের কাছে অনেকবার আবেদন করা হলেও কাজের কাজ কিছুই হয়নি। একটি অংশে পুরোনো বাঁধের একটু অংশ দেখা যাচ্ছে, যা নষ্ট হয়ে গিয়েছে। ফলে দ্রুত নদীর পাড়ের বাঁধের ব্যবস্থা করা হলে আমরা এই যন্ত্রণা থেকে রেহাই পাব।'

অন্যদিকে, ১২/১১৬ নম্বর বুথের পঞ্চায়েত সদস্যা যশোমতী ওরাওঁ বললেন, 'এলাকাবাসীর রাতের ঘুম উড়ে গিয়েছে। পাড় এলাকায় প্রায় ৪০টি বাড়ি ভাঙনের কবলে। তাছাড়া গোটা এলাকায় বর্ষার সময় বাড়িগুলিতে জল ঢুকে যায়। প্রচণ্ড সমস্যার মধ্যে দিন কাটান তাঁরা। এই কারণে কার্যত বাড়িতে বন্দি হয়েই থাকতে হয় তাঁদের।'

এই বিষয়ে সেচ দপ্তরের এগজিকিউটিভ ইঞ্জিনিয়ার অমরেশকুমার সিংয়ের বক্তব্য, 'ইতিমধ্যে এলাকা পরিদর্শন করা হয়েছে। রিপোর্ট তৈরি করে পেশ করা হবে। তারপর জরুরি পদক্ষেপ করা হবে।'


*গরম নদীর ভাঙনে প্রায় ৬০ বিঘা জমি নদীগর্ভে চলে গিয়েছে।*

**সমস্যা যেখানে**

- নদীর পাড় এলাকার বাড়িগুলি ভাঙনের কবলে পড়ার আশঙ্কা
- চাষাবাদের জমি, ঘরবাড়ি সমস্তই নদীগর্ভে তলিয়ে যাওয়ার আতঙ্কে দিন কাটাচ্ছেন তাঁরা
- বর্ষাকালে জল ঢুকে স্বাভাবিক জীবন ব্যাহত হয় এলাকাবাসীর
- পাড়বাঁধ না হলে হয়তো সবকিছুই হারাতে হবে বলে আশঙ্কা প্রকাশ করেছেন এলাকাবাসী


**চলো ঘুরে আসি।।** *শিলিগুড়িতে ছবিটি তুলেছেন গোপাল বৈদ্য।*

পাঠকের লেন্সে
8597258697
picforubs@gmail.com

## রেলের উচ্ছেদ নোটিশ

# ভবিষ্যৎ নিয়ে চিন্তায় জবরদখলকারীরা

**প্রণব সূত্রধর**

**আলিপুরদুয়ার, ১৪ জানুয়ারি :** বিভিন্ন জায়গায় রেলের জমিতে অবৈধ পাকা নির্মাণ গড়ে উঠছে। যা রেলের কাজে বাধা হয়ে দাঁড়াতে পারে। সেজন্য মাঝে মাঝে উচ্ছেদের নোটিশ পাঠাচ্ছে রেল। আলিপুরদুয়ার জংশন সহ বিভিন্ন জায়গায় গত দু'মাসে বেশ কয়েকবার নোটিশ দেওয়া হয়েছে। আর তাতেই ব্যবসায়ীরা উচ্ছেদের আশঙ্কা করছেন। দক্ষিণবঙ্গের বিভিন্ন জায়গা ছাড়াও ময়নাগুড়িতে রেলের জায়গায় জবরদখল উচ্ছেদে জোর লাগাচ্ছে রেল। আর তা দেখেই ভীত স্থানীয়রা।

চলতি জানুয়ারি মাসের প্রথম সপ্তাহ থেকেই ধাপে ধাপে নোটিশ দেওয়ার কাজ চলছে। এমনকি মঙ্গলবারও একাংশ বাসিন্দাকে নোটিশ দেওয়া হয়। এর আগে নোটিশ পেয়ে স্থানীয় ব্যবসায়ী ও বাসিন্দারা রেল কর্তৃপক্ষের সঙ্গে দেখা করেন। তারপরও দ্বিতীয় নোটিশ দেওয়া হয়েছে। সেখানে এক মাসের মধ্যে রেলের জায়গা ছাড়ার নির্দেশ দেওয়া রয়েছে। নর্থ পয়েন্ট এলাকার দোকানদার শুভ মণ্ডল, অজিত দাস, দেবব্রত দেবনাথ, নবকুমার মুখোপাধ্যায়দের বক্তব্য, আসানসোল, চিত্তরঞ্জনপল্লি, ময়নাগুড়ির মতো জায়গাতে সম্প্রতি রেলের উচ্ছেদ অভিযান চলছে। এখানেও রেল কর্তৃপক্ষ তেমটাই করতে পারে বলে তাঁদের আশঙ্কা। দীর্ঘ কয়েক দশক ধরে রেলের জমিতে তাঁদের ব্যবসা ও বসতি। এখন কী করবেন, বুঝে উঠতে পারছেন না তাঁরা। সংশ্লিষ্ট বাসিন্দারা জানালেন, ইতিপূর্বে কয়েকবার একই রকম নোটিশ পেয়েছেন।

এদিকে রেল সূত্রে জানা গিয়েছে, বিশেষ করে রেলের ইয়ার্ড তৈরি ও সোলার প্যানেলের কাজের জন্য রেলের জায়গার প্রয়োজন। তাই রেলের এই বসতি উচ্ছেদ নোটিশ। পরপর দুটি নোটিশ পাঠানো হয়। তারপরও কেউ জমি খালি না করলে আইনের পথে যাওয়া হতে পারে। আদালতে এ বিষয়ে তথ্যও পেশ করা হবে। আদালতের নির্দেশ মেনেই পরবর্তী পদক্ষেপ করা হবে বলেই খবর। তবে তার আগে নোটিশের মাধ্যমে বাসিন্দাদের বিষয়টি অবগত করতে চাইছে রেলমন্ত্রক। রেল নোটিশ পাঠালেও এখনই জোর করে উচ্ছেদ করার সম্ভাবনা নেই বললেই চলে। উত্তর-পূর্ব সীমান্ত রেলের আলিপুরদুয়ার ডিভিশনের অ্যাসিস্ট্যান্ট সিকিউরিটি কমিশনার সৌরভ দত্ত বলেন, উচ্ছেদের বিষয়টি আইন মেনেই করা হবে।

সম্প্রতি অমৃত ভারত রেলপ্রকল্পের কাজ চলছে। সেইসঙ্গে আনুষঙ্গিক অনেক উন্নয়নমূলক কাজ করা হবে। তার জন্য পর্যাপ্ত জায়গার দরকার। এদিকে রেলের জায়গা দখল হয়ে থাকায় সমস্যা হচ্ছে। বিশেষ করে কংক্রিটের আবাসন গড়ে ওঠায় সমস্যা আরও বেড়েছে। আলিপুরদুয়ার শহর সহ জংশনের বিভিন্ন এলাকায় রেলের জমির ওপর কংক্রিটের আবাসন ও দোকানপাট চিন্তা বাড়াচ্ছে। যেগুলি উচ্ছেদ করা সহজ হবে না।

আলিপুরদুয়ার বড়বাজার সংলগ্ন রেলগেট এলাকায় একাধিক তিনতলা অট্টালিকা তৈরি হয়েছে। সেখানে রাস্তা সম্প্রসারণ বা রেলওয়ে ওভারব্রিজ তৈরি করা সমস্যা হয়ে দাঁড়াবে। এছাড়াও ডাবললাইন তৈরি করার ক্ষেত্রেও জায়গার সমস্যা দেখা দিতে পারে। তাই রেলের জায়গায় কত বসতি রয়েছে, কারা কারা রয়েছেন সেসব চিহ্নিত করে তাঁদের কংক্রিটের আবাসন তৈরিতে বিরত রাখার জন্যই এই নোটিশ বলে মনে করা হচ্ছে।


*নর্থ পয়েন্ট এলাকায় জবরদখলকারীরা রেলের নোটিশে চিন্তায়। - সংবাদচিত্র*

**চিন্তার বিষয়**

- বড়বাজার সংলগ্ন রেলগেট এলাকায় একাধিক তিনতলা অট্টালিকা তৈরি হয়েছে
- সেখানে রাস্তা সম্প্রসারণ বা রেলওয়ে ওভারব্রিজ তৈরি করা সমস্যা হয়ে দাঁড়াবে
- এছাড়াও ডাবললাইন তৈরি করার ক্ষেত্রেও জায়গার সমস্যা দেখা দিতে পারে



# পাগলাবাবার মেলায় ভিড়

**ভাস্কর শর্মা**

**ফালাকাটা, ১৪ জানুয়ারি :** কয়েক হাজার পুণ্যার্থীর ভিড়ে মঙ্গলবার কেশাপাগলেরমেলা অনুষ্ঠিত হল ফালাকাটায়। এদিন ঐতিহ্যবাহী কেশাপাগলেরমেলায় অসম, ত্রিপুরা থেকেও ভক্তরা এসেছিলেন। সারাদিনভর চলে পাগলাবাবার আরাধনা, প্রসাদ খাওয়া। মেলাকে কেন্দ্র করে ফালাকাটার সুভাষপল্লি রেলগেট এলাকা এদিন বেশ জমজমাট ছিল।

পাগলাবাবার ধাম কমিটির প্রধান সেবিকা রাজবালা গোস্বামী বলেন, 'বাংলাদেশের কেশাপাগলের শিষ্য আমরা। দেশভাগের পর আমরা এখানে চলে এলেও পূজার্চনা এখনও ধরে রেখেছি। এবারও আমাদের এখানে বিভিন্ন জায়গার কয়েক হাজার ভক্ত এসেছিলেন। জগতের মঙ্গলকামনার উদ্দেশ্যেই আমরা কেশাপাগলের আরাধনা করি।'

ফালাকাটা পুরসভার ৯ নম্বর ওয়ার্ডের কাউন্সিলার রতন সরকার বলেন, 'ফালাকাটার পাগলাবাবার ধামের পূজার্চনা এবার ২১ বছরে পড়ল। পৌষ সংক্রান্তির দিনই মূলত এখানে মেলার আয়োজন করা হয়। কোনও ধামকে কেন্দ্র করে সম্প্রতির এমন ছবি জেলায় দেখা যায় না।'

ফালাকাটা পুরসভার ৯ নম্বর ওয়ার্ডের সুভাষপল্লি রেলগেট এলাকায় আছে কেশাপাগলের মন্দির। জানা গিয়েছে, আজ থেকে ২১ বছর আগে এখানে মন্দির তৈরি করা হয়। প্রধান সেবিকার দায়িত্বে আছেন রাজবালা গোস্বামী। এছাড়াও এলাকার সৌগত সাহা, হরলাল সাহা রায়, বাবলু দাস প্রমুখ ভক্তরাও পাগলাবাবার ধাম কমিটির সঙ্গে জড়িত। মঙ্গলবার এখানে একেবারে সূর্য ওঠার আগে থেকেই পাগলাবাবার পুজো শুরু হয়। একটু সকাল হতেই দূরদূরান্ত থেকে ভক্তদের ঢল নামে মন্দিরে। এমনকি অসম, ত্রিপুরা সহ উত্তরবঙ্গের বিভিন্ন জেলা থেকেও এদিন ভক্তরা সুভাষপল্লির রেলগেট এলাকার মন্দিরে এসেছিলেন। একদিকে চলে পুজো, আরেকদিকে চলে কয়েক হাজার ভক্তকে প্রসাদ খাওয়ানো।

# ডুয়ার্স দিবস পালন

**আলিপুরদুয়ার ও হ্যামিল্টনগঞ্জ, ১৪ জানুয়ারি :** জেলার একাধিক জায়গায় সাড়ম্বড়ে পালিত হল ১৪তম ডুয়ার্স দিবস। মঙ্গলবার আলিপুরদুয়ারের উদয়ন বিতানের গুরুকুল যোগ সেন্টারে আয়োজিত অনুষ্ঠানে ছোটদের যোগাসন, আবৃত্তি ও নৃত্য পরিবেশিত হয়। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন বিধায়ক সুমন কাঞ্জিলাল, উত্তরবঙ্গ উন্নয়ন পর্ষদের ভাইস চেয়ারম্যান মৃদুল গোস্বামী, আলিপুরদুয়ার টাউন ব্যবসায়ী সমিতির সহ সভাপতি সন্দীপ বর্মা, শিক্ষারত্ন প্রবীর দত্ত প্রমুখ। উদ্যোক্তারা জানান, ডুয়ার্স দিবসের মূল উদ্দেশ্য ডুয়ার্সের ঐতিহ্য ও সম্প্রীতির বার্তা ছড়িয়ে দেওয়া। বক্তব্যে সুমন ভারত-ভুটান সীমান্তে একটি নদী কমিশন গঠনের প্রয়োজনীয়তার কথা তুলে ধরেন।

এদিন হ্যামিল্টনগঞ্জের কালীবাড়ি ময়দানেও ডুয়ার্স ধরোহার ও সংস্কৃতি সুরক্ষা সদনের উদ্যোগে সাড়ম্বরে পালিত হয় ডুয়ার্স দিবস। এবছর প্রথম ডুয়ার্স দিবস পালনের জন্য পৃথক কালচিনি ব্লক কমিটি গঠন করা হয়েছে। কয়েকটি সামাজিক সংগঠন একত্রিত হয়ে নতুন মঞ্চ তৈরি করে অনুষ্ঠানের আয়োজন করেছে। অনুষ্ঠানের শুরুতে শোভাযাত্রা বের করা হয়। টোটো, রাভা, গারো, আদিবাসী সহ সাতটি জনজাতির শিল্পীরা লোকসংগীত ও লোকনৃত্য পরিবেশন করেন। অনুষ্ঠানে কালচিনি ব্লকের ১১টি সংঘ ও ১টি মহাসংঘের অধীনে থাকা স্বনির্ভর গোষ্ঠীর তিনশোর বেশি মহিলাদের সংবর্ধনা দেওয়া হয়েছে। তিনি বলেন, সাতদিন ধরে ডুয়ার্স দিবস পালন করার পরিকল্পনা নেওয়া হয়েছে। বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন পদ্মশ্রী প্রাপক ধনীরাম টোটো।

# তিনটি দুর্ঘটনায় আহত ৪

**বীরপাড়া, ১৪ জানুয়ারি :** মঙ্গলবার বীরপাড়া থানা এলাকায় তিনটি পৃথক দুর্ঘটনায় আহত হয়েছেন চারজন। এদিন সকাল সাড়ে দশটা নাগাদ বীরপাড়ার দিকে যাওয়ার সময় বীরপাড়া-লঙ্কাপাড়া রোডের রামঝোরা চা বাগানের কাছে বাইক দুর্ঘটনায় আহত হন তুলসীপাড়া চা বাগানের লালু ওরাওঁ এবং গ্যারগান্ডা চা বাগানের রাজা ওরাওঁ নামে দুই তরুণ। চালক নিয়ন্ত্রণ হারিয়ে ফেলায় মোটরবাইকটি রাস্তায় পড়ে যায়। দুজনকেই বীরপাড়া রাজ্য সাধারণ হাসপাতালে ভর্তি করানো হয়। এদিকে, সন্ধ্যা সাড়ে ছ'টা নাগাদ ৪৮ নম্বর এশিয়ান হাইওয়েতে ডিমডিমা হাটখোলায় বাসের ধাক্কায় আহত হন ওই চা বাগানের বাসিন্দা জনসন হেমব্রম নামে এক তরুণ। তিনিও বীরপাড়া রাজ্য সাধারণ হাসপাতালে চিকিৎসাধীন। বাসটি আটক করেছে পুলিশ। সন্ধ্যা সাতটা নাগাদ ওই হাইওয়েতেই ডিমডিমা সেতুর কাছে পেছন থেকে ট্রাকের ধাক্কায় ছিটকে পড়েন এক স্কুটারচালক। চালক সামান্য আঘাত পেলেও স্কুটারটি ক্ষতিগ্রস্ত হয়।

# দৃষ্টিহীন হয়েও ঘর মেলেনি

## সরাসরি মুখ্যমন্ত্রীকে ফোন

**সুভাষ বর্মন**

**শালকুমারহাট, ১৪ জানুয়ারি :** সরকারি আবাসন নিয়ে যেন অভিযোগের শেষ নেই। অনেক এলাকাতেই দেখা যাচ্ছে প্রকৃত গরিব অসহায়রাই সরকারি আবাসন থেকে বঞ্চিত। যেমন শালকুমারহাটের বীণা বসাক দৃষ্টিহীন। বাবা-মা অনেক আগেই প্রয়াত হয়েছেন। এক বোনের বিয়ে হয়েছে। ৩৮ বছর বয়সি বীণা একাই একটি ভাঙাচোরা ঘরে থাকেন। প্রতিবেশীরা সব ক্ষেত্রে সহযোগিতা করেন। সবাই আশায় ছিলেন যে, এবার হয়তো বীণা ঘর পাবেন। কিন্তু তালিকায় বীণার নাম নেই। তাই মঙ্গলবার বাধ্য হয়ে বীণা সরাসরি মুখ্যমন্ত্রীর টোল ফ্রি নম্বরে ফোন করেন নিজের সমস্যার কথা জানালেন। যদিও স্থানীয় প্রশাসন বলছে, আগামীতে সমীক্ষা হলে বীণা অবশ্যই ঘর পাবেন।

আলিপুরদুয়ার-১ ব্লকের শালকুমার-২ গ্রাম পঞ্চায়েতের শালকুমারহাট বাজারের পাশেই বীণার বাড়ি। তবে বাড়ি বলতে শুধু একটি টিনের চালা দেওয়া ভাঙাচোরা ঘর। প্রতিবেশীরা জানালেন, তাঁর বাবা অনেক আগেই মারা যান। আট বছর আগে মা-ও প্রয়াত হন। বাবা-মা অবশ্য স্বাভাবিক ছিলেন। বীণার এক বোনও স্বাভাবিক। সেই বোনের বিয়ে হয়েছে। কিন্তু বীণার বিয়ে হয়নি। বছরের পর বছর ধরে প্রতিবেশীদের সহযোগিতায় বীণা একাই থাকেন। এমন একজন অসহায় বিশেষভাবে সক্ষম সরকারি আবাসন থেকে বঞ্চিত হওয়ায় প্রশ্ন উঠছে। তাই স্থানীয়দের পরামর্শেই বীণা ঘর থেকে বঞ্চিত হওয়ার বিষয়টি সরাসরি মুখ্যমন্ত্রীর টোল ফ্রি নম্বরে ফোন করে জানান।

অভিযোগ জানাবার পর বীণা বলেন, 'প্রতি মাসের ভাতার টাকা ও র‍্যাশন দিয়েই আমার একার সংসার চলে যায়। আর অন্য কোনও উপার্জন নেই। ভেবেছিলাম, এবার সরকারি ঘর পাব। শান্তিতে থাকতে পারব। কিন্তু সেটাও আর হল না। ঘরের তালিকায় নাকি আমার নামই নেই। তাই বাধ্য হয়ে মুখ্যমন্ত্রীর দপ্তরে ফোন করে সব জানালাম।'

এমন একজন অসহায় ঘর থেকে বঞ্চিত হওয়ায় প্রশ্ন তুলেছেন প্রতিবেশীরা। স্থানীয় বাসিন্দা পরিতোষ রায় বলেন, 'এমন একজন সরকারি আবাস থেকে বঞ্চিত হলেন। এটা জেনে খুবই খারাপ লাগছে। আমরা তো ভেবেছিলাম ঘরের তালিকায় বীণার নামই প্রথম দিকে থাকবে।'


*দৃষ্টিহীন বীণা বসাক। শালকুমারহাটের ভাঙাচোরা বাড়িতে।*

যদিও শালকুমার-২ গ্রাম পঞ্চায়েত প্রধান সঞ্জয় রাভা বলেন, 'এই আবাসনের সমীক্ষা ২০১৮ সালে হয়েছিল। সেই ভিত্তিতে উপভোক্তাদের নামের তালিকা হয়। কিন্তু তখন আমরা দায়িত্বে ছিলাম না। তবে বীণা বসাকের মতো অসহায়রা যাতে ঘর পান সেটা আমরাও চাই। এজন্য প্রত্যেক বুথের পঞ্চায়েত সদস্যদের এরকম বঞ্চিত গরিবদের নামের তালিকা জমা দিতে বলেছি। আগামীতে ফের সমীক্ষা হলে যাতে তাঁরা অগ্রাধিকার পান, সেই চেষ্টা করব।'

# হাতি নিয়ে সচেতন করতে ভরসা নাটক

**সমীর দাস**

**কালচিনি, ১৪ জানুয়ারি :** সম্প্রতি হাতি-মানুষের সংঘাত অনেকটাই বেড়েছে চা বাগান ও বনবস্তি অধ্যুষিত কালচিনি ব্লকে। হাতির হামলায় মৃত্যু হয়েছে এক বনকর্মী ও এক পুলিশকর্মীর। এই ধরনের ঘটনার পুনরাবৃত্তি ঠেকাতে আলিপুরদুয়ার জেলা তথ্য ও সংস্কৃতি দপ্তর ও বক্সা ব্যাঘ্র-প্রকল্পের (পশ্চিম) উদ্যোগে কালচিনি ব্লকের বিভিন্ন চা বাগানে ও বনবস্তিতে নাটক ও গানের মাধ্যমে সাধারণ মানুষকে সচেতন করা শুরু হয়েছে মঙ্গলবার থেকে। এই ধরনের সচেতনতামূলক প্রচার আগামী কয়েকদিন ধরে চলবে বলে বন দপ্তর সূত্রে জানা গিয়েছে।

জেলা তথ্য ও সংস্কৃতি দপ্তর সূত্রে জানা গিয়েছে, মঙ্গলবার মেচপাড়া, চুয়াপাড়া, রাধারানি চা বাগানের শ্রমিক লাইনে ও পানা বনবস্তিতে নেপালি ভাষায় নাটক ও গানের মাধ্যমে শ্রমিক ও বাসিন্দাদের সচেতন করা হয়। তথ্য ও সংস্কৃতি দপ্তরের কালচিনি ব্লকের লোকশিল্পীরা অনুষ্ঠান পরিবেশন করেন। লোকশিল্পী পুষ্পল ভুজেলের তত্ত্বাবধানে এই অনুষ্ঠান হয়।

বক্সা ব্যাঘ্র-প্রকল্পের (পশ্চিম) ডেপুটি ফিল্ড ডিরেক্টর হরিকৃষ্ণন পিজে জানিয়েছেন, বুধবার সেন্ট্রাল ডুয়ার্স চা বাগান, ভাটপাড়া চা বাগান সহ রায়মাটাং বনবস্তি ও বিজয়পুর বস্তিতে একইভাবে বাসিন্দাদের সচেতন করা হবে। তিনি বলেন, 'হাতি জঙ্গল থেকে জনবসতির কাছে চলে এলে যাতে সাধারণ মানুষ তাকে না তাড়িয়ে সোজা বন দপ্তরে খবর দেন, সে বিষয়ে সচেতন করা হচ্ছে। এছাড়াও কোনও চা বাগানের সেকশনে চিতাবাঘ এলেও বন দপ্তরে খবর দেওয়ার পরামর্শ দেওয়া হচ্ছে। মূলত যে কোনও বন্যপ্রাণী লোকালয়ে বের হয়ে এলে যাতে দ্রুত বন দপ্তরে খবর দেওয়া হয় সেই বার্তাই দেওয়া হচ্ছে। কোনও এলাকায় বন্যপ্রাণী হঠাৎ করে ঢুকে পড়লে কী কী সাবধানতা অবলম্বন করা দরকার, তা নিয়েও আলোচনা করা হয়।'

গত ১২ ডিসেম্বর থেকে প্রায় এক মাসে কালচিনি ব্লকেই মোট ৯ জনের মৃত্যু হয়েছে হাতি ও বাইসনের হামলায়। তার মধ্যে অবশ্য ৫ জনের মৃত্যু হয়েছে জঙ্গলে জ্বালানি কাঠ সংগ্রহ করতে গিয়ে। বক্সা ব্যাঘ্র-প্রকল্পের জঙ্গল ছাড়াও কয়েকজনের মৃত্যু হয়েছে জলদাপাড়া বন্যপ্রাণ বিভাগের জঙ্গলের ভেতরে। এতে উদ্বেগ বেড়েছে বন দপ্তরে। গত শনিবার মধ্যরাতে দক্ষিণ লতাবাড়ি গ্রামে পুলিশকর্মী সিন্টু টিগ্গার মৃত্যু হয় হাতি তাড়াতে গিয়ে। আবার ২ জানুয়ারি কালচিনি চা বাগানে হাতি তাড়াতে গিয়ে মৃত্যু হয়েছে বনকর্মী মদনকুমার দেওয়ানের। এত কম ব্যবধানে বন্যপ্রাণীর হামলায় কালচিনি ব্লকে এতজনের মৃত্যু এই প্রথম। এতে বন দপ্তরের পাশাপাশি জেলা তথ্য ও সংস্কৃতি দপ্তরের তরফেও সাধারণ মানুষকে সচেতন করার উদ্যোগ নেওয়া হয়েছে। তাছাড়াও সংরক্ষিত বনাঞ্চলে যাতে কোনওভাবেই সাধারণ মানুষ না ঢোকেন, সেই বিষয়েও সচেতনতামূলক প্রচার চালানো হচ্ছে।


*কালচিনি ব্লকের বিভিন্ন চা বাগানে সচেতনতা প্রচার চলছে। -সংবাদচিত্র*

**পরপর মৃত্যু**

- ১২ ডিসেম্বর থেকে প্রায় এক মাসে কালচিনি ব্লকেই মোট ৯ জনের মৃত্যু হয়েছে হাতি ও বাইসনের হামলায়
- এর মধ্যে ৫ জনের মৃত্যু হয়েছে জ্বালানি কাঠ সংগ্রহ করতে গিয়ে
- গত শনিবার মধ্যরাতে দক্ষিণ লতাবাড়ি গ্রামে পুলিশকর্মী সিন্টু টিগ্গার মৃত্যু হয় হাতি তাড়াতে গিয়ে
- ২ জানুয়ারি কালচিনি চা বাগানে হাতি তাড়াতে গিয়ে মৃত্যু হয়েছে বনকর্মী মদনকুমার দেওয়ানের

# পড়ুয়াদের কাউন্সেলিং শুরু

## আকস্মিক ছাত্রমৃত্যুর জেরে

দেবদর্শন চন্দ

**কোচবিহার, ১৪ জানুয়ারি :** রিয়েশ রাইয়ের আকস্মিক মৃত্যুতে বিশ্ববিদ্যালয়ের প্রথম বর্ষের হস্টেল পড়ুয়াদের মানসিক স্বাস্থ্য পরীক্ষা জরুরি বলে মনে করেছে উত্তরবঙ্গ কৃষি বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ। মঙ্গলবার এজন্য তুফানগঞ্জ হাসপাতালের মনোরোগ বিশেষজ্ঞদের বিশেষ টিম বিশ্ববিদ্যালয়ে এসেছিল। টিমের সদস্যরা বেশ কিছুক্ষণ পড়ুয়াদের কাউন্সেলিং করেন। এরইমধ্যে নয়া শিক্ষাবর্ষে বিশ্ববিদ্যালয়ে ভর্তি সহ পড়ুয়াদের স্বাস্থ্য পরীক্ষা ও পরিকাঠামোগত উন্নয়নে একাধিক নয়া সিদ্ধান্ত নিয়েছে কর্তৃপক্ষ।



এ বিষয়ে বিশ্ববিদ্যালয়ের ভারপ্রাপ্ত উপাচার্য দেবব্রত বসু বলেন, 'এদিন পড়ুয়াদের কাউন্সেলিংয়ে তুফানগঞ্জ থেকে চিকিৎসকরা এসেছিলেন। তাঁরা হস্টেলের সবার সঙ্গে কথা বলেছেন। তাঁরা বেশ কিছু পড়ুয়ার বিশেষ যত্নের কথা জানিয়েছেন। বৃহস্পতিবার হস্টেলের ৮-১০ জন পড়ুয়াকে তুফানগঞ্জে পাঠানো হবে।' এছাড়াও বিশ্ববিদ্যালয়ের পরিকাঠামো কীভাবে আরও উন্নত করা যায়, সেবিষয়েও এদিন আলোচনা হয়েছে বলে তিনি জানান। বিশ্ববিদ্যালয় সূত্রে খবর, সম্প্রতি পড়ুয়াদের স্বাস্থ্য পরীক্ষার জন্য উপাচার্য জেলার মুখ্য স্বাস্থ্য আধিকারিককে চিঠি দিয়েছিলেন। এরপরই মঙ্গলবার তুফানগঞ্জ হাসপাতাল থেকে মনোরোগ বিশেষজ্ঞরা বিশ্ববিদ্যালয়ে আসেন। এ প্রসঙ্গে জেলার মুখ্য স্বাস্থ্য আধিকারিক সুকান্ত বিশ্বাস বলেন, 'বিশ্ববিদ্যালয়ের পড়ুয়াদের কাউন্সেলিং করাতে বিশেষজ্ঞ টিম গিয়েছিল। ছাত্ররা কমবয়সি। বন্ধুর মৃত্যু ওদের মধ্যে প্রভাব ফেলেছে। ওদের এই সমস্যা ধীরে ধীরে কেটে যাবে।'

বিশ্ববিদ্যালয়ে ভর্তি ও পরিকাঠামোগত উন্নয়ন সহ নানা বিষয়ে এদিন উপাচার্য বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার সহ আধিকারিকদের নিয়ে অনেকক্ষণ বৈঠক করেন। পরে জানা যায়, এবার থেকে পড়ুয়াদের বিস্তারিত শারীরিক তথ্য নিয়ে তারপর সেখানে ভর্তি করানো হবে। ভর্তির সময়ই পড়ুয়াদের মেডিকেল চেকআপও করানো হবে। ফি-বছর অন্তত একবার ক্যাম্পাসেই মেডিকেল ক্যাম্প করা হবে। একইসঙ্গে শিক্ষাকর্মী ও অধ্যাপকদের হেলথ ভলান্টিয়ার হিসাবে কর্তৃপক্ষ বিশেষ প্রশিক্ষণের ব্যবস্থা করবে। প্রতি তিন মাস অন্তর ছাত্রদের মানসিক স্বাস্থ্য পরীক্ষা শিবির হবে। একইসঙ্গে খুব তাড়াতাড়ি বিশ্ববিদ্যালয়ে অত্যাধুনিক অ্যাম্বুল্যান্স আনার বিষয়েও এদিন আলোচনা হয়। এতদিন মাঝিয়ান কোনও অ্যাম্বুল্যান্স না থাকায় সেখানে বিশ্ববিদ্যালয়ের পুরোনো অ্যাম্বুল্যান্সটি পাঠিয়ে দেওয়া হবে বলে বৈঠক সূত্রে খবর।

ছাত্রমৃত্যুর জেরে এবছর বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতা আপাতত স্থগিত রাখার সিদ্ধান্ত নেওয়া হয়েছে। বিশ্ববিদ্যালয় থেকে মৃত ছাত্রের বাড়িতে একটি টিম পাঠানো হয়েছে। তারা ফিরে এসে রিপোর্ট দেওয়ার পর তাঁর স্মৃতিতে বিশ্ববিদ্যালয়ে শোকসভা করা হবে বলে খবর।

> পড়ুয়াদের কাউন্সেলিংয়ে তুফানগঞ্জ থেকে চিকিৎসকরা এসেছিলেন। তাঁরা বেশ কিছু পড়ুয়ার বিশেষ যত্নের কথা জানিয়েছেন। বৃহস্পতিবার হস্টেলের ৮-১০ জন পড়ুয়াকে তুফানগঞ্জে পাঠানো হবে।
>
> **দেবব্রত বসু**
> ভারপ্রাপ্ত উপাচার্য
> উত্তরবঙ্গ কৃষি বিশ্ববিদ্যালয়

## টুসু আমার চিন্তামণি...



*পৌষের শেষ দিনে নদিয়ার শান্তিপুরে টুসু গানে লৌকিক দেবীর আহ্বায়নে ঝুমুর শিল্পীরা। মঙ্গলবার। -পিটিআই*

## চিকিৎসা নিয়ে

*প্রথম পাতার পর*

হাসপাতালে এখনও মজুত রয়েছে। সেগুলি মঙ্গলবার রাতেই পৃথক করে ফেলা হয়েছে।

কোচবিহার জেলার মুখ্য স্বাস্থ্য আধিকারিক সুকান্ত বিশ্বাসের কথায়, 'আমরা আগে থেকেই প্রস্তুতি নিচ্ছিলাম। প্রয়োজনমতো বিকল্প ব্যবস্থা করা হচ্ছে।' আলিপুরদুয়ার জেলাতেও এই স্যালাইন আগে ব্যবহার করা হত। তবে, কয়েক মাস আগে ফালাকাটায় এক প্রসূতির মৃত্যুর পর জেলার সব হাসপাতালেই ওই সংস্থার সমস্ত স্যালাইন ব্যবহার বন্ধ করে দেওয়া হয়েছিল।

জলপাইগুড়ি মেডিকেলের সুপার কল্যাণ খানও বলেন, 'আমরা এই সংস্থার আরএল স্যালাইন ব্যবহার আগেই বন্ধ করে দিয়েছি। স্বাস্থ্য ভবনের নির্দেশের পরে বাকি স্যালাইনগুলিও বন্ধ করে দেওয়া হয়েছে।' মালদা মেডিকেল কলেজের সুপার প্রসেনজিৎ বর বলেছেন, 'নিষিদ্ধ তালিকার কিছু ওষুধ আমাদের এখানে ব্যবহার হচ্ছিল। এখন বিকল্প ব্যবস্থা করতে হবে। প্রয়োজনে স্থানীয়ভাবে কিছু ওষুধ কিনতে হতে পারে। এসব বিষয়ে সিদ্ধান্ত নিতে বুধবার বৈঠক ডাকা হচ্ছে।'

শুধু পশ্চিমবঙ্গ ফার্মাসিউটিক্যালসের স্যালাইন ব্যবহার হত বলে রাজ্যের কোনও মেডিকেল কলেজ ও হাসপাতালে অন্য কোনও সংস্থার ওই সমস্ত পণ্য নেই। বিতর্কিত সংস্থাটির তৈরি রিংগার ল্যাকটেট (আরএল) স্যালাইন ব্যবহারে মেদিনীপুর মেডিকেল কলেজে রোগীমৃত্যুর পর হইচইয়ের জেরে শেষপর্যন্ত এই নিষেধাজ্ঞা। যদিও গত বছরের মার্চ মাসে কর্ণাটকে ওই স্যালাইন কালো তালিকাভুক্ত হলেও এ রাজ্যে এতদিন ব্যবহার নিয়ে প্রশ্ন উঠছে।

অভিযোগ ওঠার পর আরএল স্যালাইনের ব্যবহার বন্ধ করা হলেও স্বাস্থ্য দপ্তর মঙ্গলবার বিকেল পর্যন্ত সংস্থার বাকি পণ্যগুলিকে নিষিদ্ধ করেনি। ফলে রোগী বা রোগীর পরিবার শুধু নয়, চিকিৎসক, চিকিৎসাকর্মীরা আতঙ্কিত হয়ে পড়েছিলেন। শেষপর্যন্ত মঙ্গলবার সকালে পশ্চিমবঙ্গ ফার্মাসিউটিক্যালসের সমস্ত পণ্যের নমুনা পরীক্ষার জন্য পাঠাতে বলা হয় রাজ্যের সমস্ত মেডিকেল ও হাসপাতালকে।

জেলায় জেলায় নমুনা সংগ্রহ শুরুও হয়ে গিয়েছিল। কিন্তু সন্ধ্যায় সেন্ট্রাল মেডিকেল স্টোরের দায়িত্বপ্রাপ্ত ডেপুটি ডিরেক্টর প্রশান্ত বিশ্বাস বিজ্ঞপ্তি দিয়ে পশ্চিমবঙ্গ ফার্মাসিউটিক্যালসের সমস্ত স্যালাইন, ইনজেকশন নিষিদ্ধ ঘোষণা করলেন। এই নির্দেশ পেয়ে রাতেই সব মেডিকেল এবং হাসপাতালে মজুত পশ্চিমবঙ্গ ফার্মাসিউটিক্যালসের সমস্ত স্যালাইন সরিয়ে দেওয়ার প্রক্রিয়া শুরু হয়েছে।

## নেতাদের ভরসা

*প্রথম পাতার পর*

ঠিক কী কী কাজ করেন তাঁরা? স্থানীয় নেতা বা প্রভাবশালী ব্যক্তিকে অনেক সময় অনেক কাজ করাতে হয় পুলিশের মাধ্যমে। সেটা কারও বিরুদ্ধে মামলা করা হতে পারে। কোনও মামলার গুরুত্ব কমানো-বাড়ানো হতে পারে। গ্রেপ্তারি এড়ানো বা গ্রেপ্তার করানোর মতো আরও অনেক কিছুই হতে পারে। এসব নিয়ে সরাসরি পুলিশের সঙ্গে কথা বলা যায় না। তখন সিভিক ভলান্টিয়ার বা ভিলেজ পুলিশরাই থানা বা ফাঁড়ির ওসি-তদন্তকারী অফিসারদের সঙ্গে 'ব্যবস্থা' করিয়ে দেন।

এছাড়াও কোনও এলাকায় জুয়ার বোর্ড বসানো, বালি-পাথর পাচার, ইট পাচার, মদের ঠেক বসানোর ক্ষেত্রে মাসিক বন্দোবস্ত কী হবে, সেটাও ঠিক হয় এই সিভিক বা ভিলেজ পুলিশদের হাত ধরে।

থানা বা ফাঁড়িতে কোনও নতুন পুলিশ আধিকারিক এলে, তাঁর সঙ্গে নেতা বা প্রভাবশালীদের সম্পর্ক গড়ে তোলাও হয় এই ভিলেজে পুলিশ ও সিভিকদের মাধ্যমেই। নতুন-পুরোনো যে-ই হোক, পুলিশ আধিকারিকরাও ধীরে ধীরে অভ্যস্থ হয়ে ওঠেন এই প্রথায়।

## উদ্বেগ আলিপুরদুয়ারে

*প্রথম পাতার পর*

১৫-১৬ বছরের মেয়েরা বিয়ের আগেই অন্তঃসত্ত্বা হয়ে পড়ছে। সোমবার ফালাকাটাতে হোমের আবাসিক নবম শ্রেণির ছাত্রীটিও একই অবস্থার শিকার।

ফালাকাটা সুপারস্পেশালিটি হাসপাতালের স্ত্রীরোগ বিশেষজ্ঞ ডাঃ সুদীপ্ত হালদার বলেন, 'কম বয়সে অন্তঃসত্ত্বা হয়ে পড়ায় শারীরিক জটিলতা তৈরি হচ্ছে। অনেক ক্ষেত্রে গর্ভপাতও হচ্ছে। রক্তে হিমোগ্লোবিনের মাত্রা কমে গুরুতর অসুস্থ হয়ে পড়ছে নাবালিকা মায়েরা। এমনকি কম ওজনের সন্তান হওয়ায় শারীরিক দিকটিও ঝুঁকিপূর্ণ হয়ে পড়েছে।'

# ফালাকাটার মঙ্গল চেয়ে মহাকুম্ভমেলায় স্নান

ভাস্কর শর্মা

**ফালাকাটা, ১৪ জানুয়ারি :** ফালাকাটার মঙ্গলকামনায় স্নান। তাও যেখানে-সেখানে নয়, একেবারে প্রয়াগরাজের কুম্ভমেলায়! মঙ্গলবার ভোরে এলাহাবাদের প্রয়াগরাজের কুম্ভমেলায় স্নান সারলেন ফালাকাটার কয়েকজন ব্যবসায়ী। তাঁরাই এদিন ফালাকাটাবাসীর মঙ্গল চেয়ে পুজোও দেন। রীতিমতো হাতে পোস্টার নিয়ে দাঁড়িয়ে তাঁদের সেই পুজো দেওয়ার ছবিও সোশ্যাল মিডিয়ায় পোস্ট করেন।

ফালাকাটা থেকে ১৫ জনের দল গিয়েছে প্রয়াগরাজের মহাকুম্ভমেলায়। গত ১২ জানুয়ারি দলটি ফালাকাটা থেকে রওনা দিয়েছিল। মঙ্গলবার মকর সংক্রান্তির কাকভোরে ব্যবসায়ীদের ওই দলটি পুজো দেয়। এদিন ছবিতে দেখা গিয়েছে, তাঁদের হাতে ছিল পোস্টার। সেখানে লেখা আছে, 'ফালাকাটাবাসীর মঙ্গলকামনায় প্রয়াগের কুম্ভস্নানে আমরা।' ওই দলটির অন্যতম সদস্য তপন সরকার এ প্রসঙ্গে বলেন, 'আমরা নিজ নিজ পরিবার, আত্মীয়পরিজনের মঙ্গলকামনার পাশাপাশি ত্রিবেণিসংগমে জলে দাঁড়িয়ে ফালাকাটাবাসীরও মঙ্গলকামনা করেছি। এখানকার তীব্র হাড়কাঁপানো শীতে অবশ্য নদীতে স্নান করতে কোনও অসুবিধা হয়নি।' দলের সদস্য মন্টু সূত্রধরের কথায়, '২০২৫-এর মহাকুম্ভের পৃথক ধর্মীয় মাহাত্ম্য ও গুরুত্ব রয়েছে। তাই, হাতের সব কাজ ফেলে রেখে দলবেঁধে প্রয়াগে চলে এসেছি। মঙ্গলবার মকর সংক্রান্তির পুণ্যলগ্নে স্নান ও পুজো দিয়ে ফালাকাটাবাসীর মঙ্গলকামনা করেছি।'




*প্রয়াগরাজে পোস্টার হাতে ফালাকাটার ব্যবসায়ীরা। মঙ্গলবার। -সংবাদচিত্র*

# বন্ধ ডলোমাইট কারবার

*প্রথম পাতার পর*

সরবরাহের কাজ চলছে। এদিন এই অভিযোগের সদুত্তর দিতে পারেননি ডিআরএম।

পরে মনোজ বলেন, 'যানজট, ডলোমাইট সংক্রান্ত সমস্যা নিয়ে ডিআরএমের সঙ্গে আলোচনা করেছি। ডিআরএম-কে জানিয়েছি, যতদিন বিকল্প ব্যবস্থা হচ্ছে না ততদিন এখানে ডলোমাইট লোডিং-আনলোডিং বন্ধ থাকবে।'

আর ভয়েস অফ বীরপাড়ার সভাপতি চতুর পানোয়ার বলেন, 'ডিআরএম আমাদের কোনও প্রশ্নের উত্তর দিতে পারেননি। রেলমন্ত্রক একের পর এক মিথ্যা প্রতিশ্রুতি দিয়ে যাচ্ছিল। আজ সাংসদ বলে দিয়েছেন, বিকল্প ব্যবস্থা না করা পর্যন্ত বীরপাড়ায় ডলোমাইট লোডিং-আনলোডিং বন্ধ থাকবে। বীরপাড়ায় ডলোমাইট লোডিং-আনলোডিং বন্ধ করা আমাদের সংগঠনেরও প্রধান লক্ষ্য।' ডিআরএমের আসার খবর পেয়ে এদিন শয়ে-শয়ে মানুষ দলগাঁও স্টেশনে জড়ো হন। ভয়েস অফ বীরপাড়াকে ডিআরএম জানান, দূষণ নিয়ন্ত্রণে নানা ব্যবস্থা করা হয়েছে। কী কী ব্যবস্থা নেওয়া হয়েছে তা দেখতে চাইলে কিন্তু ডিআরএম কিছুই দেখাতে পারেননি। এরপর স্থানীয় মহিলারা দাবি করেন, ডিআরএম-কে তাঁদের সঙ্গে গিয়ে স্টেশনের ২ নম্বর প্ল্যাটফর্মের বেহাল দশা খতিয়ে দেখতে হবে। এই ২ নম্বর প্ল্যাটফর্মটি কেবলমাত্র মালগাড়ি দাঁড় করিয়ে ডলোমাইট তোলার কাজে ব্যবহৃত হয়। তাই ওই প্ল্যাটফর্ম ব্যবহার করতে পারে না সাধারণ মানুষ। এদিন অবশ্য স্থানীয় মহিলাদের দাবি মানেননি ডিআরএম। তাই তাঁর গাড়ি ঘিরে ধরে কিছুক্ষণ বিক্ষোভ দেখান বীরপাড়াবাসী।

এদিকে, ডলোমাইট সরবরাহকারী সংস্থাটি সূত্রে জানা গিয়েছে, সোমবার বিকেল থেকে প্রায় অর্ধেক ডলোমাইট সরবরাহ করা যায়নি। কারণ পরিস্থিতি বিবেচনা করে নিরাপত্তার অভাববোধ করছেন শ্রমিক-কর্মচারীরা। এদিকে, সোমবার রাতে ভুটান থেকে ডলোমাইট আনা হয়েছে। কিন্তু মঙ্গলবার সারাদিন সেই ডলোমাইট সরবরাহ করা যায়নি। সব মিলিয়ে মঙ্গলবার সন্ধ্যা পর্যন্ত দলগাঁও রেলস্টেশন চত্বরে প্রায় ১২ হাজার টন ডলোমাইট স্তূপীকৃত অবস্থায় পড়ে ছিল।

তিনি যানজটে আটকে পড়াতেই কি এত বড় পদক্ষেপ? মনোজ বলছেন, '২০০৩ সাল থেকে বীরপাড়ায় ডলোমাইট দূষণ বন্ধে আন্দোলন করছি। কারণ দূষণ এবং যানজটে জেরবার সাধারণ মানুষ। রেলমন্ত্রকও বিকল্প জায়গায় প্রকল্পটি সরিয়ে নিয়ে যেতে চায়। রাজ্য সরকারের উচিত জমি দিয়ে রেলমন্ত্রককে সহযোগিতা করা।'

## দুর্ঘটনা

**আলিপুরদুয়ার, ১৪ জানুয়ারি :** মঙ্গলবার সকাল ন'টা নাগাদ আলিপুরদুয়ার বিএমসি মাঠ ও এফসিআই গুদাম লাগোয়া বাঁধের উপর র‍্যাশনসামগ্রী বোঝাই একটি ভ্যানের সঙ্গে ট্রাকের মুখোমুখি সংঘর্ষ ঘটে। ঘটনায় গুরুতর আহত হন ট্রাকের খালাসি। তাঁকে আলিপুরদুয়ার জেলা হাসপাতালে ভর্তি করা হয়। ঘটনার জেরে ওই এলাকায় চাঞ্চল্য ছড়ায়। ক্ষুব্ধ স্থানীয় বাসিন্দারা দীর্ঘক্ষণ পথ অবরোধ করেন। ফলে যান চলাচল সম্পূর্ণ বন্ধ হয়ে যায়। খবর পেয়ে পুলিশ ঘটনাস্থলে পৌঁছে অবরোধ তুলে দিয়ে পরিস্থিতি নিয়ন্ত্রণে আনে।

## গোয়ালে আগুন

**শামুকতলা, ১৪ জানুয়ারি :** গোয়ালের একপাশেই প্রায় হাজার আঁটি খড় কিনে মজুত করেছিলেন শামুকতলা বাজারের জীবন সরকার। মঙ্গলবার দুপুরে হঠাৎই সেখানে আগুন লেগে সব খড় পুড়ে যায়। গোয়ালটিরও অনেক পুড়ে গিয়েছে। তবে ঘটনার সময় সেখানে গোরু না থাকায় সেগুলি প্রাণে বেঁচে যায়। খবর পেয়ে আলিপুরদুয়ার থেকে দমকলের একটি ইঞ্জিন ঘটনাস্থলে আসার আগে স্থানীয় বাসিন্দারাই আগুন নিভিয়ে ফেলেন।

## মানবিক উদ্যোগ

**আলিপুরদুয়ার, ১৪ জানুয়ারি :** মকর সংক্রান্তিতে আলিপুরদুয়ারের দুর্গাবাড়ি কমিটির উদ্যোগে বস্ত্র বিতরণ করা হল। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন আলিপুরদুয়ারের বিধায়ক সুমন কাঞ্জিলাল, পুরসভার চেয়ারম্যান প্রসেনজিৎ কর, কাউন্সিলার পার্থ সরকার, দীপ্ত চট্টোপাধ্যায় প্রমুখ।

## বিশেষ পুজো

**জয়গাঁ, ১৪ জানুয়ারি :** জয়গাঁ শহরের ছোট মেচিয়াবস্তি লাগোয়া গায়ত্রী শক্তিপীঠে মকর সংক্রান্তি উপলক্ষ্যে বিশেষ পুজোপাঠের আয়োজন করা হয় মঙ্গলবার। এদিন মন্দিরে উপস্থিত হয়েছিলেন ভক্তরা। মহাযজ্ঞের আয়োজন করা হয়। তাতে আহুতি দেন ভক্তরা।

## বলিদান দিবস

**মাদারিহাট, ১৪ জানুয়ারি :** শহিদ সেনা জওয়ান গঙ্গা বরা'র বলিদান দিবস পালিত হল মঙ্গলবার। মাদারিহাট ব্লকের মুজনাই চা বাগানের গঙ্গা সেনাবাহিনীতে কর্মরত ছিলেন তিনি। প্রতি বছর ১৪ জানুয়ারি তাঁর বলিদান দিবস পালন করেন পরিবারের সদস্যরা।

## সংস্থার বিরুদ্ধে

*প্রথম পাতার পর*

এই অভিযোগ তুলে মঙ্গলবার শিলিগুড়ি থানায় অভিযোগ দায়ের করেছেন বিধায়ক শংকর ঘোষ। তিনি এই সংস্থার সঙ্গে স্বাস্থ্য দপ্তরের চুক্তি ঘিরে অস্বচ্ছতা রয়েছে দাবি করে তদন্ত চেয়েছেন। পাশাপাশি মৃতদের পরিবারকে রাজ্য সরকারের তরফে আর্থিক সাহায্য দেওয়ার দাবিও তুলেছেন।

এদিন চোপড়ার তিনমাইলহাটে পশ্চিমবঙ্গ ফার্মাসিউটিক্যালসে গিয়ে দেখা যায়, উৎসাহী অনেকে সেখানে ভিড় করেছেন। নিরাপত্তারক্ষীরা ভিতরে কাউকেই প্রবেশ করতে দিচ্ছেন না। সূত্রের খবর, কয়েকদিন ধরে সংস্থার কর্তারা কেউ না এলেও মাঝেমধ্যে তাঁদের তরফে কিছু নির্দেশ আসছে বলে জানা গিয়েছে।

এই সংস্থার অন্যতম কর্তা কৈলাস মিত্রুকার চোপড়ায় দীর্ঘদিন ধরেই চা বাগান এবং কারখানা রয়েছে। সোনাপুর এলাকায় অতীতে তাঁর রাইস মিলের ব্যবসা ছিল। সেই সূত্রেই সোনাপুরের তিনমাইলহাটে জিয়াখুড়ি মৌজায় জাতীয় সড়কের ধারে তিনি প্রায় ৬ একর জমি কিনেছিলেন। এখানে প্রথমে চা কারখানা করার কথা ছিল বলে স্থানীয়রা জানিয়েছেন। তবে, ২০১৪ সালে এই জমিতে স্যালাইন কারখানা চালু হয়। এক দশকে তরতর করে বেড়ে ওঠে ব্যবসা। এ রাজ্যের সঙ্গে চুক্তির পাশাপাশি দেশের বিভিন্ন রাজ্য, এমনকি বিদেশেও সংস্থার তৈরি বিভিন্ন সামগ্রী রপ্তানি হয়।

শ্রমিকদের সূত্রে জানা গিয়েছে, ম্যানেজমেন্ট থেকে কারিগরি বিভাগ পুরোটাই বাইরের কর্মীরা সামলালেও প্যাকেজিং, পণ্য ওঠানো নামানোর কাজ স্থানীয় শ্রমিকরাই করতেন।

# গোষ্ঠীদ্বন্দ্বকে দোষারোপ বিধায়ক গনির

নিউজ ব্যুরো

**১৪ জানুয়ারি :** কালিয়াচকে শুটআউটের ঘটনা নিয়ে দ্বিধাবিভক্ত জেলা তৃণমূল। কেউ বলছেন গোষ্ঠীদ্বন্দ্ব, আবার কারও বক্তব্য, দল নয়, সমাজবিরোধীদের কাজ। তবে বাবলা খুনের রেশ কাটার আগেই এদিনের ঘটনা তৃণমূলকে যেমন অস্বস্তিতে ফেলেছে, তেমন বিরোধীদের হাতে নতুন অস্ত্র তুলে দিয়েছে। এদিন বিধানসভার বাইরে আবদুল গণি জানান, 'যতদূর খবর পেলাম, জাকিরকে যারা সমর্থন করে, তারাই এই খুনের পিছনে রয়েছে।'

তাঁর মতে, 'পঞ্চায়েত সমিতির একটি পদে নিজের লোককে বসাতে চাইছেন বকুল। বকুল খুবই প্রভাবশালী। কয়েক মাস আগে জাকিরের হাত ধরে দলে কিছু লোক যোগ দিয়েছিল। তারাই এদিনের ঘটনায় যুক্ত। তবে গনির দাবি, আসল মাথা ব্লকের এক কর্তা।'

স্বাভাবিকভাবেই এদিনের

## সমর্থন পদ্মের

ঘটনা নিয়ে সরব হয়েছে বিরোধীরা। বিজেপি বিধায়ক অগ্নিমিত্রা পল গোষ্ঠীদ্বন্দ্বের অভিযোগকে সমর্থন করেছেন। শাসকদলকে কটাক্ষ করেছেন বিজেপির দক্ষিণ মালদা সাংগঠনিক জেলার সাধারণ সম্পাদক অম্লান ভাদুড়ি। তাঁর বক্তব্য, 'তৃণমূলের গোষ্ঠীদ্বন্দ্বেই তৃণমূল কর্মীর মৃত্যু হয়েছে। প্রতিটি জায়গায় এলাকায় দখল নিয়ে তৃণমূলের এক গোষ্ঠীর সঙ্গে অন্য গোষ্ঠীর লড়াই চলছে। কালিয়াচকে জালনোট, ড্রাগ, জমি জায়গার বেআইনি ব্যবসার হাব হয়ে উঠেছে। পুলিশ চুপ করে রয়েছে।' তাঁর আরও অভিযোগ, 'কয়েকদিন আগেই বাবলা সরকারকে খুন করা হয়েছে। সেখানেও মূল অভিযুক্ত তৃণমূল নেতা। জেলাজুড়ে তৃণমূলের গোষ্ঠীদ্বন্দ্বে সাধারণ মানুষ নিরাপত্তার অভাব বোধ করছেন।'

রাজ্য বিজেপির মুখপাত্র সাংসদ শমীক ভট্টাচার্যর দাবি, 'আসলে গোটা রাজ্যজুড়ে লুঠের রাজত্ব কায়েম করেছে তৃণমূল। হাওড়ার তপন দত্তের খুন থেকে যার শুরু। সেই সময়ও তপন দত্তের পরিবারের পাশে দাঁড়ায়নি তৃণমূল।' তবে তৃণমূলের মালদা জেলার মুখপাত্র আশিস কুণ্ডুর কথায়, 'যারা গুলি চালিয়েছে তারা যে তৃণমূলের এমন কোনও তথ্য আমাদের কাছে নেই। আমরা যাদের নাম শুনছি তারা কংগ্রেসের। কংগ্রেস থেকে তৃণমূলে নাম লিখিয়ে যদি কেউ নোংরামো করার চেষ্টা করে, তাদের দল কিংবা প্রশাসন ছেড়ে দেবে না। আর যারা সমাজবিরোধী, তাদের কোনও দল হয় না।'

যদিও জেলা তৃণমূল সভাপতির দাবি কংগ্রেস আশ্রিত দুষ্কৃতীরা এই ঘটনা ঘটিয়েছে। আব্দুর রহিম বক্সীর বক্তব্য, জাকির তৃণমূলের কেউ না কংগ্রেস আশ্রিত দুষ্কৃতী। বিধানসভার আগে সুজাপুরকে উত্তপ্ত করার চেষ্টা করছে। এই ঝামেলা নিয়ে পুলিশ জানতো। পুলিশ নজর রেখেছিল। হঠাৎ এমনি অতর্কিত আক্রমণ হবে সেটা তো সবসময় বোঝা যায় না। আশা করছি, পুলিশ দ্রুত গ্রেপ্তার করবে সকলকে।

> তৃণমূলের গোষ্ঠীদ্বন্দ্বেই তৃণমূল কর্মীর মৃত্যু হয়েছে। প্রতিটি জায়গায় এলাকার দখল নিয়ে তৃণমূলের এক গোষ্ঠীর সঙ্গে অন্য গোষ্ঠীর লড়াই চলছে। কালিয়াচকে জালনোট, ড্রাগ, জমি জায়গার বেআইনি ব্যবসার হাব হয়ে উঠেছে। পুলিশ চুপ করে রয়েছে।
>
> **অম্লান ভাদুড়ি**
> সাধারণ সম্পাদক, বিজেপি
> দক্ষিণ মালদা সাংগঠনিক জেলা

অন্যদিকে প্রতিমন্ত্রী সাবিনা ইয়াসমিন দলের অন্দরের কোন্দল নিয়ে মুখ খুলতে নারাজ। বল ঠেলছেন জেলা নেতৃত্বের কোর্টে। তাঁর মতে, আমি সংগঠনের দায়িত্বে নেই, তাই এনিয়ে মন্তব্য করব না। তবে যা ঘটছে খুব দুর্ভাগ্যজনক। পুলিশ পদক্ষেপ নিক। তৃণমূলের লোক যুক্ত আছে, সেকথা স্বীকার করে নিয়েছেন রাজ্যসভার সাংসদ মৌসম নুর। তাঁর প্রতিক্রিয়া, ঘটনাটা শুনেছি। সবটা খতিয়ে দেখতে হবে। এসব ঘটনা আতঙ্কিত করছে মানুষকে। পুলিশকে আরও তৎপর এবং সক্রিয় হতে হবে।

রাজ্য তৃণমূলের সহ সভাপতি জয়প্রকাশ মজুমদারের বক্তব্য, এই ব্যাপারে যা বলার জেলা সভাপতি বলবেন।'

*( তথ্য সহায়তা-অরিন্দম বাগ ও সৌম্যজ্যোতি মণ্ডল)*

# কালিয়াচকে ফের খুন তৃণমূল নেতা

*প্রথম পাতার পর*

গুলি করার পর হাসা রাস্তায় পড়ে আছেন। সেই অবস্থাতেই একদল লোক ইট দিয়ে তাঁর মাথা থেঁতলে দিচ্ছে। বাধা দেওয়ার বদলে কিছু লোক সেই ছবি তুলতে ব্যস্ত!

খবর পেয়ে কালিয়াচকের এসডিপিও ফয়সাল রাজার নেতৃত্বে র‍্যাফ ঘটনাস্থলে পৌঁছায়। হাসার দেহ উদ্ধার করে ময়নাতদন্তের জন্য পাঠানো হয়। মাথায় গুলিবিদ্ধ বকুল ও তাঁর ভাইকে আশঙ্কাজনক অবস্থায় মালদা মেডিকেল কলেজে ভর্তি করা হয়েছে।

ঘটনাস্থল থেকে একটি তাজা কার্তুজ উদ্ধার হয়েছে। পুলিশ জানিয়েছে, ওই এলাকার সিসিটিভি ক্যামেরার ফুটেজ থেকে গুলি চালানো ও মারধর করার বেশ কিছু দৃশ্য পাওয়া গিয়েছে। হাসপাতালে নিয়ে যাওয়ার পথে এসারউদ্দিন স্পষ্ট দাবি করেন, কংগ্রেস থেকে সদ্য তৃণমূলে আসা লোকজনকে সঙ্গে নিয়ে জাকির হামলা করেছে। প্রত্যক্ষদর্শীদের বক্তব্য, গোলমাল শুরুর পর হাসা প্রথমে পিস্তল বের করে ফায়ার করার চেষ্টা করেছিল। কিন্তু জাকির গোষ্ঠীর লোকজন সেই পিস্তল কেড়ে নিয়ে সেটা দিয়েই তাঁর মাথায় গুলি চালিয়ে দেয়। বকুল পালানোর চেষ্টা করে, দুষ্কৃতীরা তাঁর মাথাতেও গুলি চালায়। এসারুদ্দিনকে বেধড়ক পেটানো হয়।

বকুল শেখের ভাই আজমাল শেখ এদিন বলেছেন, 'জাকির শেখকে নতুন করে দলে ঢুকিয়ে নেওয়ার পরেই এলাকার পরিস্থিতি খারাপ হয়েছে। এই ঘটনার সঙ্গে জাকির শেখ ও নাসিম শেখ যুক্ত রয়েছে। আমার দাদা বকুলকে খুন করে এলাকা দখল করতে চাইছে জাকির।' তাঁর অভিযোগ, জাকিরের এই বাড়বাড়ন্তের পেছনে তৃণমূলের কালিয়াচক-১ ব্লক সভাপতি সারিউল শেখের মদত রয়েছে। এই প্রসঙ্গে সারিউলের প্রতিক্রিয়া, 'সম্পূর্ণ ভিত্তিহীন অভিযোগ। জাকির শেখ ও বকুল শেখের মধ্যে দীর্ঘদিনের বিরোধ। কোনও পক্ষকে মদত দেওয়ার কিছু নেই।'

# বনদুর্গা মন্দিরে হাতির আতঙ্ক, পণ্ড পুজো

প্রিয়দর্শিনী বিশ্বাস

**শিলিগুড়ি, ১৪ জানুয়ারি :** হাতির হানাদারি ঘটল ফাড়াবাড়ি-নেপালি বস্তিতে। আতঙ্ক ছড়াল অন্তত পাঁচ কিলোমিটার দূরের বনদুর্গা মন্দির এবং লাগোয়া এলাকায়। আর এমন আতঙ্কের জেরে পুজোর উদ্যোক্তারা যেমন মন্দির চত্বর ফাঁকা করলেন দ্রুততার সঙ্গে, তেমনই পুজো না দিয়ে মাঝপথ থেকেই বাড়ির পথ ধরলেন অনেকে। মঙ্গলবারের এমন ঘটনায় এবছর বনদুর্গাপুজো ব্যতিক্রমী হয়ে থাকল।

বনের মধ্যে বনদুর্গা মন্দির হওয়ায় সবসময়ই হাতির আতঙ্ক থাকে। কিন্তু সোমবার পূর্ণিমার রাতে পুজোর ক্ষেত্রে কোনও ব্যাঘাতই ঘটেনি। নিষ্ঠার সঙ্গে সমস্ত কিছু হয়েছে। কিন্তু মঙ্গলবার দিনের আলোয় পুজো দেবেন ভেবেছিলেন যাঁরা, তাঁরাই পড়লেন বিপাকে। এর মূলেই রয়েছে নেপালি বস্তি-ফাড়াবাড়িতে একটি হাতির উপস্থিতি। এখানে একটি হাতিকে রাস্তা পার হতে দেখেন এক ব্যক্তি। স্কুটি নিয়ে রাস্তায় পড়ে যান তিনি। তাঁর সঙ্গে একটি বাচ্চাও ছিল। যদিও তাঁর কোনও ক্ষতি করেনি বন্যপ্রাণীটি। ওই ব্যক্তির চিৎকারে স্থানীয়রা ছুটে আসেন। আর এই ঘটনাই হাওয়া পেতে বেশি সময় লাগেনি। হাতির হানার খবর পৌঁছে যায় প্রায় পাঁচ কিলোমিটার দূরের বনদুর্গা মন্দির এলাকাতেও। আতঙ্কিত হয়ে পড়েন পুণ্যার্থীরা। তাঁদের মধ্যে যাঁরা মাঝপথে ছিলেন, তাঁরা বাড়ির পথ ধরেন। মন্দিরে থাকা মানুষজন আতঙ্কিত হয়ে ছোটাছুটি শুরু করে দেন। পরিস্থিতির কথা জানতে পেরে ঘটনাস্থলে আসেন বৈকুণ্ঠপুর বন বিভাগের এডিএফও মঞ্জুলা তিরকে ও আশিঘর ফাঁড়ির পুলিশ। অপ্রীতিকর ঘটনা এড়াতে তড়িঘড়ি ভক্তদের মন্দির এলাকা থেকে বের করে দেন বনকর্মীরা ও পুলিশ। এডিএফওর বক্তব্য, 'লোকজন ঘাবড়ে গিয়েছিল। আসলে হাতিকে সামনে থেকে রাস্তা পার হতে দেখে ভয় পেয়ে যায় একটি ছেলে। এরপরেই হাতির খবর চারদিকে রটে যায়। তবে সকলকে একেবারে নিরাপদ জায়গায় পৌঁছে দেওয়া হয়েছে। এরপর আর কাউকে ভেতরে প্রবেশ করতে দেওয়া হয়নি।'

মন্দিরে পুজো দিতে আসা ভবেশ রায় বলেন, 'বনদুর্গা দেবীর মন্দিরে পুজো দিতে গিয়েছিলাম। পুজো দেওয়ার পর দুপুরের দিকে শুনতে পাই জঙ্গলে নাকি হাতি দেখা গিয়েছে। প্রথমটায় খানিকটা ঘাবড়ে যাই। তবে বনকর্মী, পুলিশ সকলেই সেখানে ছিলেন এবং সকলকে জঙ্গলের বাইরে নিয়ে আসেন।'

হাতির হানাদারি ঘটল ফাড়াবাড়ি-নেপালি বস্তিতে। আতঙ্ক ছড়াল অন্তত পাঁচ কিলোমিটার দূরের বনদুর্গা মন্দির এবং লাগোয়া এলাকায়। আর এমন আতঙ্কের জেরে পুজোর উদ্যোক্তারা যেমন মন্দির চত্বর ফাঁকা করলেন দ্রুততার সঙ্গে, তেমনই পুজো না দিয়ে মাঝপথ থেকেই বাড়ির পথ ধরলেন অনেকে। মঙ্গলবারের এমন ঘটনায় এবছর বনদুর্গাপুজো ব্যতিক্রমী হয়ে থাকল।



*মকর সংক্রান্তিতে বনদুর্গা মন্দিরে চলছে পুজো। মঙ্গলবার সূত্রধরের ক্যামেরায়।*

# পিঠে খেলে পেটে সয়...









১) কলেজ হল্টে হরেক স্বাদের পিঠের পসরা। ২) পৌষ সংক্রান্তিতে বাড়িতে পিঠে বানানো। ৩) মিষ্টির দোকানে রেডিমেড পাটিসাপটা। ও ৪) নিত্যদিনের ভাপা পিঠে। - আয়ুষ্মান চক্রবর্তী

## টুটিফ্রুটি পাটিসাপটা, গাদা পুলির বাহার

**আয়ুষ্মান চক্রবর্তী**

**আলিপুরদুয়ার, ১৪ জানুয়ারি :** কোথাও গোলাপ পিঠে, টুটিফ্রুটি পাটিসাপটা, ওটস মালপোয়া, ব্রাহ্মীশাকের পাটিসাপটা। কোথাও আবার চুসির পায়েস, মুগপুলি, সেদ্ধ পুলি, রসবড়া, ক্ষীরের পাটিসাপটা আর কত কী। একদিকে চিরাচরিত হরেক রকমের পিঠে, আরেকদিকে ফিউশন পিঠের বাহার। একবার হলেও চেখে দেখতে ইচ্ছে হবেই। কিন্তু খাওয়ার জন্য অপেক্ষা করতে হবে কিছুক্ষণ, কারণ সেগুলো আনা হয়েছে প্রতিযোগিতার জন্য। কলেজ হল্টে চলা পিঠেপুলি উৎসবের প্রথম দিনটা কিছুটা এমনই ছিল।

'শব্দ'-এর উদ্যোগে আয়োজিত এই উৎসব থাকবে বুধবারও। এখন সময়ের অভাবে আর পিঠে বানাতে পারেন না মহিলারা। তাই ভরসা রেডিমেড জিনিস। সেই পিঠে বানানোর ঐতিহ্য ধরে রাখতেই এই উৎসবের আয়োজন। কলেজ হল্ট এলাকায় দুপুর গড়িয়ে বিকেল হতেই ম-ম করে পিঠেপুলির গন্ধ ছড়িয়ে পড়ে। প্রতিযোগিতার জন্য পিঠের ডালিগুলো যখন একেক করে উৎসবের জায়গায় পৌঁছাচ্ছিল, তখন সুগন্ধে ভরে উঠেছিল এলাকা। উৎসবস্থলটি এমনভাবে সাজানো হয়েছিল যেন মনে হচ্ছিল কোনও গ্রামের উৎসব।

### ফিউশন-ক্লাসিকের লড়াই

শুধু প্রতিযোগিতা নয়। স্বনির্ভর গোষ্ঠীর মহিলারাও পিঠে নিয়ে হাজির হয়েছিলেন বিক্রির জন্য। যা খেতেও ভিড় করেছিলেন অনেকে। উদ্বোধনী অনুষ্ঠানের পর থেকেই সাংস্কৃতিক অনুষ্ঠান ছিল। স্থানীয় শিল্পীদেরই প্রাধান্য দেওয়া হয়েছিল সেখানে। ফিতে কাটার মাধ্যমে শুরু হয় অনুষ্ঠান। এরপর প্রদীপ প্রজ্বলন হয়। সেখানে উপস্থিত ছিলেন বিধায়ক সুমন কাঞ্জিলাল, পুরসভার চেয়ারম্যান প্রসেনজিৎ কর, সরকারি আইনজীবী সুহৃদ মজুমদার, সাহিত্যিক পরিমল দে সহ বিশিষ্টরা।

জংশন থেকে আসা দোলা দে সরকার এই নিয়ে তৃতীয়বার অংশ নিলেন। এবার ওটস মালপোয়া, ঝাল ভাপা পিঠে, ভাপা পুলি, সরুচালের পিঠের সঙ্গে রাজস্থানের কাঁচা হলুদের সবজি নিয়ে এসেছেন। আবার উদয়ন বিতান এলাকার সোমা চক্রবর্তী বলেন, 'গাদা পুলি, রঙিন চুসি পিঠে, কমলা মালপোয়া নিয়ে এসেছি।' সৌমিতা সরকার গোকুল পিঠে, রসবড়া, কলার পিঠে নিয়ে হাজির। এবার নিয়ে পাঁচবার অংশ নেন তিনি।

শান্তিনগর এলাকার নন্দিতা সরকার গাজরের দুধপুলি, টুটিফ্রুটি পাটিসাপটা, গ্লাস ভাপা পিঠে প্রভৃতি ফিউশন পিঠের সম্ভার নিয়ে আসেন। আবার জংশনের নীলা মোদক কুণ্ডু তরঙ্গ মিষ্টান্ন, বিটের রস দিয়ে সাদা পিঠে, ব্রাহ্মীশাক পাটিসাপটার মতো ডিশ রেখেছেন। পিঠেপুলি প্রতিযোগিতায় অংশ নেন সব মিলিয়ে প্রায় ২০ মহিলা। ওই সংস্থার সম্পাদক গৌতম দাস বলেন, 'চিরাচরিত পিঠের সঙ্গে নিত্যনতুন ভাবনার পিঠে নিয়ে এসেছেন সকলে। পিঠের সংস্কৃতিকে বাঁচিয়ে রাখতে হবে।' এদিকে, পৌষ সংক্রান্তি উপলক্ষ্যে ম্যাক উইলিয়াম হাইস্কুলের তরফে মিড-ডে মিলে পায়েস ও মালপোয়া খাওয়ানো হয়েছে। প্রায় ১৫০ জন অংশ নিয়েছিল। পিঠে সংস্কৃতি পড়ুয়াদের মধ্যে ছড়িয়ে দিতেই এই উদ্যোগ নেওয়া হয়। শিক্ষক, শিক্ষিকারাই পড়ুয়াদের খাবার পরিবেশন করছিলেন।

### জরুরি তথ্য

**মজুত রক্ত**

মঙ্গলবার বিকেল ৫টা অবধি

■ আলিপুরদুয়ার জেলা হাসপাতাল (পিআরবিসি)

| | | |
|---|---|---|
| এ পজিটিভ | - | ৬ |
| বি পজিটিভ | - | ৯ |
| ও পজিটিভ | - | ৭ |
| এবি পজিটিভ | - | ১ |
| এ নেগেটিভ | - | ০ |
| বি নেগেটিভ | - | ২ |
| ও নেগেটিভ | - | ০ |
| এবি নেগেটিভ | - | ০ |

■ ফালাকাটা সুপারস্পেশালিটি হাসপাতাল

| | | |
|---|---|---|
| এ পজিটিভ | - | ১ |
| বি পজিটিভ | - | ২ |
| ও পজিটিভ | - | ১ |
| এবি পজিটিভ | - | ১ |
| এ নেগেটিভ | - | ০ |
| বি নেগেটিভ | - | ১ |
| ও নেগেটিভ | - | ১ |
| এবি নেগেটিভ | - | ১ |

■ বীরপাড়া স্টেট জেনারেল হাসপাতাল

| | | |
|---|---|---|
| এ পজিটিভ | - | ০ |
| বি পজিটিভ | - | ০ |
| ও পজিটিভ | - | ০ |
| এবি পজিটিভ | - | ১ |
| এ নেগেটিভ | - | ০ |
| বি নেগেটিভ | - | ০ |
| ও নেগেটিভ | - | ০ |
| এবি নেগেটিভ | - | ০ |

## স্মরণসভা

**আলিপুরদুয়ার, ১৪ জানুয়ারি :** প্রয়াত শিক্ষক মানিকরঞ্জন সোমের স্মরণসভা অনুষ্ঠিত হল তাঁর নিজ বাসভবনে। পরিবারের উদ্যোগে আয়োজিত এই সভায় তাঁর প্রাক্তন ছাত্রছাত্রী, শুভানুধ্যায়ী ও আত্মীয়রা উপস্থিত ছিলেন। গত ২৪ ডিসেম্বর বার্ধক্যজনিত কারণে তিনি কলকাতার এক নার্সিংহোমে শেষনিঃশ্বাস ত্যাগ করেন। ম্যাক উইলিয়াম স্কুলে শিক্ষকতা করতেন মানিকরঞ্জন। স্মরণসভায় তাঁর মেয়ে উজ্জয়িনী রায় বলেন, 'ছাত্রদের সঙ্গে বাবার এক আত্মিক যোগ ছিল। তাঁর অনেক ছাত্র আজ দেশে-বিদেশে সফল। আর এটা বাবার জন্য অত্যন্ত গর্বের বিষয়। এমনকি তাঁর মুখাগ্নি একজন প্রাক্তন ছাত্রই করেছেন।'

শিক্ষকের স্মৃতিচারণায় তাঁর প্রাক্তন ছাত্রছাত্রীরা জানান, কেবল অঙ্ক নয়, জীবনের পাঠ দিতেন তিনি। তাঁর শৃঙ্খলা, ধৈর্য ও উৎসর্গের কথা স্মরণ করে অনেকেই আবেগাপ্লুত হয়ে পড়েন।

# প্রবেশদ্বার তৈরি নিয়ে বিতর্ক

**পল্লব ঘোষ**

**আলিপুরদুয়ার, ১৪ জানুয়ারি :** ২০১১ সালে রাজ্যে তৃণমূল সরকার ক্ষমতায় আসার পর বিভিন্ন পর্যটনক্ষেত্রগুলিতে তৈরি হয়েছে একাধিক প্রবেশ তোরণ। যেমন উত্তরবঙ্গে শিলিগুড়ি গেট, কোচবিহার গেট, পূর্ব মেদিনীপুরের দিঘা গেট, তারাপীঠ তোরণ ইত্যাদি। যদিও তার এক দশক আগে ২০০১ সালে আলিপুরদুয়ার শহর ও গ্রামীণ ক্ষেত্রকে পৃথক করা কালজানি নদীর উপর তৈরি সেতুতে একটি প্রবেশদ্বার বানিয়েছিল পূর্বতন বামফ্রন্ট সরকার। সেটি শহরের প্রবেশদ্বার হিসাবে বহুলপরিচিত। ওই প্রবেশ তোরণটি রয়েছে পঞ্চায়েত এলাকায়। তৎকালীন আলিপুরদুয়ারের বিধায়ক নির্মল দাসের এলাকা উন্নয়ন তহবিলের অর্থে পূর্ত দপ্তর এটি তৈরি করেছিল। কিছুদিন আগে পুরসভার বোর্ড মিটিংয়ে সিদ্ধান্ত হয়, আলিপুরদুয়ার শহরের তিনদিকে তিনটি প্রবেশদ্বার তৈরি করা হবে। তার একটি বীরপাড়ায় তৈরির প্রস্তাব করা হয়েছে। এগুলি সবই তৈরি হবে পুর এলাকায়। এরফলে, কালজানি সেতুর দু'প্রান্তে একশো মিটার ব্যবধানে থাকবে দুটি প্রবেশদ্বার। একই সেতুর উপর দুই প্রবেশদ্বার তৈরি নিয়ে প্রশ্ন ওঠার পাশাপাশি টাকা নয়ছয়ের কথাও উড়িয়ে দিতে পারছেন না পুর নাগরিকরা।

গত ২০০১ সালে আলিপুরদুয়ার মহকুমার ১২৫ বছর পূর্তিতে কালজানি সেতুর যে প্রান্ত থেকে গ্রামীণ এলাকা শুরু সেখানে তোরণটির উদ্বোধন হয়েছিল। এ ব্যাপারে প্রাক্তন বিধায়ক নির্মল দাস জানান, বহু প্রবীণ নাগরিক ও স্বাধীনতা সংগ্রামীদের দাবি মেনে বিধায়ক এলাকার উন্নয়ন তহবিল থেকে ১০ লক্ষ টাকা দিয়ে পূর্ত দপ্তরের মাধ্যমে তোরণটি তৈরি হয়েছিল। সম্প্রতি তিনি জানতে পেরেছেন, সেখানে আরও একটি

### চর্চা শুরু

- ■ উত্তরবঙ্গে তৈরি হয়েছে শিলিগুড়ি গেট, কোচবিহার গেট, পূর্ব মেদিনীপুর দিঘা গেট, বীরভূমে তারাপীঠ তোরণ
- ■ ২০০১ সালে বাম আমলে কালজানি সেতুর উপর হয় তোরণ
- ■ এবার শহরের তিনপ্রান্তে তিনটি নয়া তোরণ তৈরির প্রস্তাব

নয়া প্রবেশদ্বার তৈরি হবে। তাঁর পরামর্শ, রাজনৈতিক সংকীর্ণতা ভুলে পুরোনো তোরণটি সংস্কার বা সেটি নতুন করে তৈরি করলে ভালো হত।

এ ব্যাপারে আলিপুরদুয়ার পুরসভার চেয়ারম্যান প্রসেনজিৎ কর বলেন, 'আগে থেকে যে তোরণটি রয়েছে সেটি পুরসভার এক্তিয়ারে নেই। তাই, এবার শহরের সৌন্দর্যায়নে পুরসভা এলাকায় প্রবেশদ্বার তৈরির প্রস্তাব গ্রহণ করা হয়েছে। প্রাক্তন বিধায়কের দেয় অর্থে তৈরি তোরণটিতে এখনও জেলার বদলে মহকুমা শব্দটি লেখা রয়েছে।' নির্মলের কথায়, 'রাজ্যে পালাবদলের পর তৃণমূলেরই সরকার চলছে। এতদিনও তাঁরা কেন সেই ভুল সংশোধন করতে পারল না?' প্রাক্তন বিধায়কের দাবি, 'আলিপুরদুয়ার নামেই জেলা হয়েছে, এখনও পূর্ণাঙ্গ

> জেলা সদরের বহু রাস্তা সহ পরিকাঠামোগত উন্নতি এখনও সম্ভব হয়নি। তাই, লোকদেখানো উন্নতি না করে শহরবাসীকে পুর পরিষেবা প্রদান ও উন্নতির কথা ভাবলে ভালো হত।
>
> **শান্তনু দেবনাথ** *কংগ্রেস কাউন্সিলার*

জেলা হয়নি।' এ প্রসঙ্গে পুরসভার বিরোধী দল কংগ্রেসের কাউন্সিলার শান্তনু দেবনাথ জানান, তিনি শহরের সৌন্দর্যায়নে প্রস্তাবিত প্রবেশদ্বার তৈরির বিরোধী নন। শহরে সবার আগে পরিকাঠামোগত উন্নতি জরুরি। তারপর সৌন্দর্যায়ন করলে ভালো হয়। তিনি বলেন, 'জেলা সদরের বহু রাস্তা সহ পরিকাঠামোগত উন্নতিসাধন এখনও সম্ভব হয়ে ওঠেনি। তাই, লোকদেখানো উন্নতি না করে সঠিকভাবে শহরের মানুষকে পুর পরিষেবা প্রদান ও উন্নতির কথা ভাবলে সব থেকে বেশি ভালো হত।'



*নাটক মঞ্চস্থ করছে প্রয়াস।*

## সচেতনতায় পথনাটক

**ফালাকাটা, ১৪ জানুয়ারি :** রক্তদান কতটা জরুরি, তা কমবেশি সকলেই জানেন। তাই তো বলা হয়, রক্তদান মানে জীবন দান। কিন্তু নানা কারণে বর্তমানে হাসপাতালগুলির ব্লাড ব্যাংকে রক্তের ঘাটতি দেখা দিয়েছে। এই রক্তসংকট মেটাতে সাধারণ মানুষকেই এগিয়ে আসতে হবে। তাই তাঁদের মধ্যে রক্তদান নিয়ে সচেতনতা গড়ে তুলতে এবার পথনাটকের সাহায্য নিল ফালাকাটা প্রয়াস ওয়েলফেয়ার সোসাইটি। মঙ্গলবার প্রয়াসের তরফে ফালাকাটা শহরের বিভিন্ন জায়গায় সচেতনতামূলক নাটক পরিবেশন করা হয়। সংস্থার সভাপতি শুভজিৎ সাহা বলেন, 'রক্তদানে ভয়ভীতি অনেকের মধ্যে থাকে। তাই তাঁরা রক্তদান করতে পারেন না। আমরা তাই পথনাটকের মাধ্যমে সাধারণ মানুষকে রক্তদান করতে সচেতনতা গড়ে তুলছি। তাঁদের উৎসাহ দিচ্ছি।'

এদিন ফালাকাটা হাইস্কুলের সামনে রক্তদানের প্রয়োজনীয়তা, উপকারিতা ও রক্তদানে প্রত্যেক নাগরিকের কর্তব্য নিয়ে পথনাটক করা হয়। 'মানবিকতায় রক্তদান' শীর্ষক এই নাটক এদিন শহরের আরও দুই-তিন জায়গায় উপস্থাপন করা হয়। গোটা জানুয়ারি মাস শহরের বিভিন্ন শিক্ষাপ্রতিষ্ঠান, হাটবাজার এবং জনবহুল এলাকায় এই পথনাটক মঞ্চস্থ করা হবে বলে সংস্থার তরফে জানানো হয়েছে।

# রাস্তার ওপর ট্যাক্সিস্ট্যান্ডে ভোগান্তি

**অসীম দত্ত**

**আলিপুরদুয়ার, ১৪ জানুয়ারি :** রাস্তার ওপরেই ট্যাক্সিস্ট্যান্ড। আর আলিপুরদুয়ার শহরের প্রাণকেন্দ্রে প্রধান রাস্তার ধারেই গড়ে ওঠা সেই ট্যাক্সিস্ট্যান্ডের জন্য যানজট বাড়ছে এলাকায়। দিনভর কার্যত অবরুদ্ধ হয়ে থাকছে শহরের জামতলা বড় বাজার থেকে বাটা মোড় এলাকা।

ওই স্ট্যান্ডে তো একেবারে রাস্তার পাশে দাঁড়িয়ে থাকছে সাত-আটটি গাড়ি। বাকি গাড়িগুলো যত্রতত্র দাঁড়িয়ে থাকছে। ফলে গাড়ির ভিড়ে অলিগলিতেও ছড়িয়ে যাচ্ছে যানজট। নাকাল হচ্ছেন স্থানীয়রা। আলিপুরদুয়ার পুরসভার ১১ নম্বর ওয়ার্ডের বড়বাজার জামতলা ট্যাক্সিস্ট্যান্ডটিকে কেন্দ্র করে যানজটে নাভিশ্বাস উঠেছে এলাকার ব্যবসায়ী থেকে শুরু করে পথচলতি মানুষ এবং এলাকাবাসীর।

সেই ওয়ার্ডের কাউন্সিলার পার্থ সরকারও সমস্যার কথা মেনে নিয়েছেন। তিনি বলেন, 'ওই গাড়িগুলো যত্রতত্র পার্ক করায় যানজটের সৃষ্টি হচ্ছে।' আলিপুরদুয়ার জেলা শহরের সবচাইতে পুরোনো ট্যাক্সিস্ট্যান্ড এটি। সেটি যাতে সরানো যায়, সেজন্য পুরসভা পদক্ষেপ করতে শুরু করেছে।

কাউন্সিলার পার্থ বলেন, 'আমরা কয়েকটি বিকল্প জায়গা খোঁজা শুরু করেছি। যাতে শহরের প্রধান রাস্তার ধার থেকে ওই ট্যাক্সিস্ট্যান্ড সরিয়ে নেওয়া যায়। ওই ট্যাক্সিস্ট্যান্ড না সরলে শহরের যানজট সমস্যার সমাধান সম্ভব নয়। আমি এই বিষয়ে পুরসভার চেয়ারম্যানের সঙ্গেও কথা বলেছি। এবং প্রশাসনের কাছেও বিকল্প জায়গার জন্য আবেদন করেছি।'

জামতলা ট্যাক্সিস্ট্যান্ড থেকে মাত্র কয়েক মিটার দূরেই আলিপুরদুয়ার টাউন রেলস্টেশন। রাস্তার ওপরই রয়েছে টাউন স্টেশন রেলগেট। দিনে অন্তত সাত-আটবার ট্রেন চলাচলের জন্য ওই রেলগেটটি বন্ধ রাখা হয়। রেলগেট বন্ধ হয়ে গেলেই যানজট সমস্যা আরও মারাত্মক আকার ধারণ করে। পরিস্থিতি এমন পর্যায়ে পৌঁছায় যে, হেঁটে ওই এলাকা পার হতে গেলেও ১৫-২০ মিনিট সময় লেগে যায়। দুই চাকা, চার চাকার গাড়ির ক্ষেত্রে যে কতখানি ভোগান্তি হয়, তা সহজেই অনুমেয়।

আলিপুরদুয়ার পুরসভার চেয়ারম্যান প্রসেনজিৎ করের মুখেও শোনা গেল কাউন্সিলারের বক্তব্যের প্রতিধ্বনি। তিনিও বললেন, 'ওই ট্যাক্সিস্ট্যান্ডের জন্য বিকল্প জায়গা দেখার কাজ শুরু হয়েছে। ওই স্ট্যান্ডের জন্য গাড়ি চলাচলে সমস্যা হচ্ছে। রাস্তার ওপরই স্ট্যান্ড থাকায় যে কোনও মুহূর্তে দুর্ঘটনার আশঙ্কা রয়েছে। স্থানীয় কাউন্সিলারের সঙ্গে এই বিষয়ে কথা হয়েছে, দ্রুত একটা সমাধানের পথ বের করা হবে।'

এই ট্যাক্সিস্ট্যান্ডে খুব বেশি গাড়ি রাখার জায়গা নেই। তাই গাড়িচালকরা আলোকদূত শিশু বিদ্যালয় থেকে মহামায়া মন্দিরের রাস্তায় গাড়িগুলো দাঁড় করিয়ে রাখেন। এর জেরে আপৎকালীন সময়ে ওই এলাকায় অ্যাম্বুল্যান্স, দমকলের গাড়ি পর্যন্ত চলাচল করতে পারে না।

গাড়িচালক বাবলু রহমান, সুনু দাস, তরুণ দত্তরা বললেন, আমরা বহুবার পুরসভা, প্রশাসনের এবং শাসকদলের নেতাদের কাছে জায়গার জন্য আবেদন করেছি।



### সমস্যার কথা

- ■ জামতলা ট্যাক্সিস্ট্যান্ড থেকে মাত্র কয়েক মিটার দূরেই আলিপুরদুয়ার টাউন রেলস্টেশন
- ■ রাস্তার ওপরই রয়েছে টাউন স্টেশন রেলগেট
- ■ দিনে অন্তত সাত-আটবার ট্রেন চলাচলের জন্য ওই রেলগেটটি বন্ধ রাখা হয়
- ■ রেলগেট বন্ধ হয়ে গেলেই যানজট সমস্যা আরও মারাত্মক হয়ে যায়
- ■ তখন হেঁটে ওই এলাকা পার হতে গেলেও ১৫-২০ মিনিট সময় লেগে যায়

> ওই ট্যাক্সিস্ট্যান্ডের জন্য বিকল্প জায়গা দেখার কাজ শুরু হয়েছে। ওই স্ট্যান্ডের জন্য গাড়ি চলাচলে সমস্যা হচ্ছে। রাস্তার ওপরই স্ট্যান্ড থাকায় যে কোনও মুহূর্তে দুর্ঘটনার আশঙ্কা রয়েছে।
>
> **প্রসেনজিৎ কর** *চেয়ারম্যান, আলিপুরদুয়ার পুরসভা*

কিন্তু আজও আমাদের সমস্যার সমাধান হয়নি। এটি শহরের সবচেয়ে পুরোনো স্ট্যান্ড। তবুও কারও এদিকে নজর নেই।



*জামতলায় রাস্তার ওপরেই দাঁড়িয়ে রয়েছে গাড়ি। আলিপুরদুয়ারে।*

# সুরের ছোঁয়া লাগল পৌষের খোলা ছাদে



*খোলা ছাদে গানের আসর। মঙ্গলবার আলিপুরদুয়ারের লিচুতলায়।*

**আয়ুষ্মান চক্রবর্তী**

**আলিপুরদুয়ার, ১৪ জানুয়ারি :** 'চাঁদের আলো লাগে ভালো, চাঁদনিপসর রাতে, বিহানবেলা লাগে ভালো, পিঠা পুলি খাইতে'। সংক্রান্তির সন্ধ্যায় যদি কোনও বাড়ির ছাদ থেকে এমন গান ভেসে আসে, তাহলে মন আনচান না করে আর উপায় কী? সেই গানের সুর লক্ষ করে পায়ে পায়ে এগিয়ে যেতেই বোঝা গেল, গানের আসর বসেছে কোনও এক বাড়ির ছাদে। আলিপুরদুয়ার জংশনের লিচুতলা এলাকায় একটি বাড়ির ছাদে আয়োজন করা হয়েছিল এই রুফ কনসার্টের। কলকাতার দিকে এমন আয়োজন বেশ কয়েকবছর ধরে হচ্ছে। কোথাও কোথাও তো এমন অনুষ্ঠানে অংশ নেন শিলাজিৎ, অনিন্দ্য-উপলদের মতো পরিচিত মুখরাও। আলিপুরদুয়ারের সেই ছাদের অনুষ্ঠানে এদিন ৩টি ব্যান্ড পারফর্ম করে। এককভাবে গান করেছেন ৮ জন। আর যৌথভাবে ৩ জন। এছাড়া বিট বক্সিং, র‍্যাপিং এসব তো ছিলই।

উদ্যোক্তাদেরই একজন বিশ্বনাথ বসাকের বাড়ির সেই ছাদটি গত কয়েকদিন ধরে এজন্য সাজানো হয়েছে গ্রাফিতি, ঘুড়ি, আলো ইত্যাদি দিয়ে। ছাদ সাজাতে ব্যবহার করা হয়েছিল প্রজাপতির ডানার মতো ডিজাইন। এদিন সেখানে গান গেয়েছে আলিপুরদুয়ারের লোকগানের ব্যান্ড মাটির গান। ওই ব্যান্ডের প্রাণপ্রিয় নন্দী বলেন, 'মকর সংক্রান্তির দিন এমন অনুষ্ঠানে অঙ্গ হতে পেরে ধন্য মনে হচ্ছে।'

হঠাৎ এমন আয়োজন কেন? আয়োজকদের মধ্যে বিশ্বনাথ বসাক, অভিষেক বসাক, রাকেশ বর্মন জানালেন, এই প্রথম এধরনের অনুষ্ঠান করছি। মকর সংক্রান্তিকে মাথায় রেখে এই ভাবনা নেওয়া হয়েছিল। পিঠেপুলির সঙ্গে এমন গানবাজনার অনুষ্ঠানের রেওয়াজ তৈরি হোক, সেটাই চান তাঁরা। বিশ্বনাথরা চাইছেন, খোলা ছাদেই নতুন প্রজন্মের গায়কদের গানবাজনা করার একটা মঞ্চ করে দিতে।

এদিন সেখানে একক গান করেন সায়নী বর্মা। তিনি বাংলা গানের পাশাপাশি ইংরেজি গানও গেয়েছেন। দর্শকদের থেকে ভালো সাড়া ও ভালোবাসা পেয়ে খুশি সায়নী। এদিন পারফর্ম করা ফিনিক্স ব্যান্ডের সৌরভ দাস বললেন, 'বাংলা লোকগান ও নিজের তৈরি করা সব মিলিয়ে ৫টি গান গেয়ে খুব ভালো লাগল। এরকম অনুষ্ঠান আরও হওয়া উচিত।' খোলা ছাদে র‍্যাপ গান পরিবেশন করে খুবই উচ্ছ্বসিত ছিলেন বিরাজ দত্ত।

